সপ্তম অধ্যায়

শব্দভাণ্ডার (Vocabulary)

সপ্তম অধ্যায়

শব্দভাণ্ডার (Vocabulary)

বাংলাদেশের চলন বিল অঞ্চল থেকে অভিবাসিত জনগণের কথ্যভাষায় চলিত বাংলার ন্যায় বিভিন্ন উৎসজাত শব্দ রয়েছে। শব্দের উৎসগত দিক থেকে এই উপভাষায় সংস্কৃত মূল (তৎসম, অর্ধতৎসম, তদ্ভব), দেশিমূল (অস্ট্রিক, দ্রাবিড় প্রভৃতি অনার্য গোষ্ঠীর), আগন্তুক (হিন্দি, বিদেশি ইংরেজি, আরবি, ফারসি, তুর্কি, পোর্তুগিজ প্রভৃতি) শব্দ ব্যবহার হয়। 'হিন্দি' শব্দটিকে এখানে ব্যাপক অর্থে ব্যবহার করা হচ্ছে। এর মধ্যে মগহি, মৈথিলি, ভোজপুরি প্রভৃতি শব্দও থাকতে পারে। এসব ছাড়াও চলিত বাংলায় ব্যবহৃত হয় না, এমন বেশ কিছু শব্দ এই উপভাষায় পাওয়া যায়। এই সমস্ত শব্দের উৎসমূল অধিকাংশ সময়ে নির্ণয় করা যায় না। এই সব শব্দকে অজ্ঞাতমূল শব্দাবলি হিসেবে চিহ্নিত করে আলোচনা করা হচ্ছে।[১]

ক্ষেত্রসমীক্ষায় দেখা গেছে যে, এই উপভাষায় সংস্কৃত মূল শব্দেরই ব্যবহার বেশি। এখানে প্রায় ৮০ শতাংশ সংস্কৃত মূল, ৫ শতাংশ আরবি ও ফারসি মূল, ৫ শতাংশ দেশিমূল, ৩ শতাংশ হিন্দি শব্দ রয়েছে। বাকি ৭ শতাংশ রয়েছে অজ্ঞাতমূল, ইংরেজি ও অন্যান্য শব্দাবলি।

এই উপভাষায় সংস্কৃত মূলের মধ্যে তৎসম শব্দের ব্যবহার খুব কম। এখানে তৎসম শব্দগুলো বেশির ভাগ ক্ষেত্রেই পরিবর্তিত হয়ে উচ্চারিত হয়। এই পরিবর্তিত উচ্চারণ অনেকটা অর্ধতৎসম শব্দের মতো। কেবমলাত্র উচ্চারণে সহজ এবং যুগ্ম ও যুক্তব্যঞ্জনহীন শব্দসমষ্টি মোটামুটি অবিকৃতভাবে উচ্চারিত হয়। সেদিক থেকে বিচার করলে এখানে তদ্ভব শব্দের ব্যবহারই বেশি। তবে এখানে ব্যবহৃত তদ্ভব শব্দগুলো অনেকাংশে চলিত বাংলায় প্রচলিত তদ্ভব শব্দের সঙ্গে মেলে না। প্রসঙ্গক্রমে বলে রাখা ভালো যে, চলিত বাংলার শব্দগুলোর তুলনায় এখানকার শব্দগুলো কালানুক্রমিক ও পর্যায়গত দিক থেকে অনেকটা প্রাচীন রূপ বহন করে।

রূপের দিক থেকে এই উপভাষায় ব্যবহৃত শব্দগুলো প্রাচীন হওয়ার ফলে চর্যাপদ, খনার বচন, মধ্যযুগের কাব্যসাহিত্যে এগুলোর যথেষ্ট প্রয়োগ দেখা যায়। এদিক থেকে বিচার করলে এই উপভাষার একটি ঐতিহাসিক গুরুত্ব রয়েছে।

এই অভিবাসিত জনগণ ধর্মমতের দিক থেকে হিন্দু ধর্মের অন্তর্গত। কিন্তু এই জনসম্প্রদায় অথবা তাঁদের পূর্বপুরুষরা কোনো এক সময় বাংলাদেশের চলন বিল অঞ্চলের অধিবাসী ছিলেন। আর চলন বিল এলাকার সিংহভাগ জনগণই মুসলমান সম্প্রদায়ভুক্ত। তাই ধর্মীয় কারণেই এঁদের ব্যবহৃত কথাবার্তায় আরবি ও ফারসি শব্দের যথেষ্ট প্রয়োগ দেখা যায়। এই অভিবাসিত জনগণ বা তাঁদের পূর্বপুরুষগণ কোনো এক সময় এই মুসলমান সম্প্রদায়ের সঙ্গে সহাবস্থান করতেন। ফলে ভিন্ন ধর্মাবলম্বী হওয়া সত্ত্বেও এঁদের ব্যবহৃত ভাষায় অনেক আরবি ও ফারসি শব্দ জায়গা করে

নিয়েছে।

ক্ষেত্রসমীক্ষায় দেখা গেছে যে, কোনো পরিবার হয়তো পঞ্চাশ বছর পূর্বে চলন বিল অঞ্চল ছেড়ে পশ্চিমবাংলায় আশ্রয় নিয়েছে। বর্তমানে ওই পরিবারের সকল সদস্যের জন্ম এপার বাংলায়। ওপার বাংলা থেকে আগত সকল সদস্যই গত হয়েছেন, তবুও সেই পরিবারে চলন বিল অঞ্চলের কথ্যভাষা এখনও প্রচলিত আছে। এমনও দেখা গেছে যে, কোনো পরিবার চলন বিল অঞ্চল ত্যাগ করে মালদা শহরে আশ্রয় নিয়েছে। সেই পরিবারের কোনো ছোটো সদস্য পড়াশুনো করে চাকরি-বাকরি করছেন। আশেপাশে তার উপভাষা ব্যবহারকারী কোনো পরিবারও নেই। কর্মসূত্রে পরিবারের বাইরে তিনি শিষ্ট চলিত বাংলাই ব্যবহার করেন। তবু তিনি যখন পরিবারের অন্য সদস্যদের সঙ্গে কথা বলেন, তখন চলন বিল অঞ্চলের কথ্য উপভাষার শব্দই ব্যবহার করেন তিনি।

সময় পরিবর্তনের সঙ্গে সঙ্গে প্রতিনিয়ত বহির্বিশ্বের সাথে মানুষের সংযোগ বাড়ছে। আধুনিক জীবনে মানুষ বেতার, দুরদর্শন প্রভৃতি বৈদ্যুতিন মাধ্যমের দৌলতে নিত্যনতুন সাংস্কৃতিক অনুষ্ঠানের সঙ্গে পরিচিতি লাভ করছেন। এসবের মধ্য দিয়ে কিংবা আধুনিক কৃষিসরঞ্জাম, ওষুধ-পত্র ইত্যাদির ইংরেজি নামের পরিচয় সূত্রে অনেক ইংরেজি শব্দ এই উপভাষায় গৃহীত হয়েছে। এছাড়া সংবাদপত্র ও চলিত বাংলার সংস্পর্শেও বেশ কিছু ইংরেজি শব্দ এই উপভাষায় প্রবেশ করেছে। এই সমস্ত শব্দ চলিত বাংলায় প্রায় অপরিবর্তিতভাবে উচ্চারিত হয়। কিন্তু এই উপভাষায় এগুলো সামান্য পরিবর্তিত হয়ে উচ্চারণ হয়ে থাকে।

এই সমস্ত শব্দ ছাড়াও ক্ষেত্রসমীক্ষায় দেখা গেছে যে, চলন বিল অঞ্চল থেকে অভিবাসিত জনগণের কথ্যভাষায় কিছু আঞ্চলিক রূপমূল রয়েছে। এগুলোকে এই উপভাষার নিজস্ব রূপমূল বলা যেতে পারে। চলিত বাংলায় এই ধরনের রূপমূলের ব্যবহার কখনোই দেখা যায় না। তবে মনে রাখা দরকার যে, ব্যুৎপত্তিগত দিক থেকে এই রূপমূলগুলো দেশি, বিদেশি অথবা তৎসম, তদ্ভব বংশজাত হতে পারে।

সুতরাং চলন বিল অঞ্চল থেকে অভিবাসিত জনগণের কথ্যভাষার শব্দ ভাণ্ডারের উপাদানগত পরিচয় এই রকম।

১. সংস্কৃত মূল — তৎসম, অর্ধতৎসম, তদ্ভব।

২. দেশিমূল — অষ্ট্রিক, দ্রাবিড়, অজ্ঞাতমূল।

৩. আগন্তুক শব্দ — হিন্দি, বিদেশি আরবি, ফারসি, ইংরেজি, পোর্তুগিজ, তুর্কি, অন্যান্য।

৪. মিশ্র শব্দ।

৫. আঞ্চলিক রূপমূল বা উপভাষার নিজস্ব শব্দ।

এবারে চলন বিল অঞ্চল থেকে অভিবাসিত জনগণের কথ্যভাষার শব্দভাণ্ডার (Vocabulary) একটি সারণীর সাহায্যে তুলে ধরা হল।



১. সংস্কৃত উৎসজাত শব্দ ঃ

১.১ তৎসম শব্দ ঃ

এই উপভাষায় তৎসম শব্দের সরাসরি প্রয়োগ খুবই কম। সামান্য সংখ্যক তৎসম শব্দ এখানে অবিকৃতভাবে উচ্চারিত হয়। নিচের তার কিছু তালিকা দেওয়া হল।[২]

ক. জল — ভাতেত্ জল্ দিয়্যা থো। (ভাতে জল দিয়ে রাখ।)

খ. পাপ — পাপ্ বাপেক্ ছ্যারে না। (পাপ বাপকে ছাড়ে না।)

গ. বল — খালি খা'শ্ তাও গায়েত্ বল্ পা'শ্ন্যা?
(শুধু খাস তবু দেহে বল পাসনে?)

ঘ. ফল — আম্গাচ্টাত্ নোতুন্ ফল্ আশিচে।
(আমগাছটায় প্রথম ফল এসেছে।)

ঙ. ভয় — ভয় কো'ল্লে কাম্ হোবি, কাচে জায়্যা দ্যাক্ না?
(ভয় করলে কাজ হবে, কাছে গিয়ে দেখ না?)

চ. মালা — শোকালে ফুল্ তুল্যা মালা গাঁত্যা রাকিশ্।
(সকালে ফুল তুলে মালা গেঁথে রাখিস।)

ছ. গুরু — গুরুদেপ্ আ'চ্চে, ভালো কোর্য়া আদোর্ জত্নো করেক্ গা।
(গুরুদেব এসেছে, ভালো করে আদর যত্ন করগে।)

জ. মুনি — আ'গ্ল্যা জুগের্ মুনিরিশির‍্যা হাজার্ হাজার্ বচোর্ বাঁ'চ্তো।
(আগেকার যুগের মুনিঋষিরা হাজার হাজার বছর বাঁচত।)

ঝ. রুচি — রোগেত্ থাক্যা উট্যা খাওয়াত্ আর্ রুচি নাই।
(রোগ থেকে উঠে খাওয়ায় আর রুচি নেই।)

ঞ. রোগ — রোগ্ হো'লে আর্ কি কো'র্বু? (রোগ হলে আর কী করবি?)

ট. লোক — অ্যাতো লোক্ থা'ক্তে কামের্ জো'ন্নে ডা'ক্লু হোর‍্যাক্।
(এত লোক থাকতে কাজের জন্য ডাকলি হরিকে।)

ঠ. নাম — অ্যাতো বরো লোকেক্ নাম্ ধোর‍্যা ডাকিশ্ ক্যা রে?
(এত বড়ো লোককে নাম ধরে ডাকিস কেন রে?)

ড. দল — চেংরাপেংরা দল্ ধোর‍্যা ইচ্কুলে জা'চ্চে।
(ছেলেপিলে দল ধরে স্কুলে যাচ্ছে।)

ঢ. দশ — দশ্ জোনে বোশ্যা অ্যাক্টা ঠিক্ কো'ল্লেই হো'লো।
(দশজনে বসে একটা ঠিক করলেই হল।)

ণ. দিন — দিন্রা'ত্ খাট্যা শোংশার্ডা খারা কোরিচি।
(দিনরাত পরিশ্রম করে সংসারটা দাঁড় করেছি।)

এছাড়াও বেশ কিছু তৎসম শব্দ সামান্য ধ্বনিতাত্ত্বিক পরিবর্তনের মধ্য দিয়ে এই উপভাষায় এসেছে। তারও কিছু তালিকা এখানে দেওয়া হল।

ক. মানুশ্ (< মানুষ) — দিন্ক্যার্ দিন্ মানুশ্ খারাপ্ হয়্যা জা'চ্চে।
(দিনে দিনে মানুষ খারাপ হয়ে যাচ্ছে।)

খ. শোক্তি (< শক্তি) — এটি শোক্তি দেকায় লাব্ নাই, বুদ্দি খাটা।
এখানে শক্তি দেখিয়ে লাভ নেই, বুদ্ধি খাটা।

গ. নোদি (< নদী) — কা'ল্ নোদিত্ শুশু দেকা গ্যাচে।
(কাল নদীতে শুশুক দেখা গেছে।)

ঘ. দয়্যা (< দয়া) — দয়্যা কোর‍্যা একুন্ জান্।
(দয়া করে এখন যান।)

ঙ. বিশ্ (< বিষ) — হাটেত্ থাক্যা এন্দুর্ মারা বিশ্ আ'ন্তে হোবি।
(হাট থেকে ইঁদুর মারা বিষ আনতে হবে।)

এরকম আরও অনেক শব্দ পাওয়া যায়। যেমন — ধোন্ (< ধন), দাশি (< দাসী), কোবি (< কবি), জোন্তু (< জন্তু), পোশু (< পশু), বিদ্দ্যা (< বিদ্যা), লোতা (< লতা), কিশ্নো (< কৃষ্ণ), দোশ্ (< দোষ), মোন্দির্ (< মন্দির), পত্ (< পথ), জিবোন্ (< জীবন), বেতা (< ব্যথা), শোশুর্ (< শ্বশুর), পোনাম্ (< প্রণাম) প্রভৃতি।

১.২ অর্ধতৎসম শব্দ ঃ

এই উপভাষায় অনেক তৎসম শব্দ বাক্যে ব্যবহারের সময় কিছু বিকৃতি বা পরিবর্তন লাভ করে অর্ধতৎসম শব্দে রূপান্তরিত হয়েছে। এই বিকৃতি বা পরিবর্তন নানা কারণে হয়ে থাকে। যেমন — ১. পদের আদিতে ও অন্তে 'অ্যা' স্বরের আধিক্য, ২. 'অ' স্বরের 'ও' স্বরে রূপান্তর অথবা 'ও' স্বরের 'অ' স্বরে রূপান্তর (দু-একটি ক্ষেত্রে), ৩. সংযুক্ত ব্যঞ্জনের উচ্চারণ না করা, ৪. পদান্তে মহাপ্রাণ ধ্বনির পরিবর্তে অল্পপ্রাণ ধ্বনির উচ্চারণ, ৫. ঘোষ ধ্বনির অঘোষ ধ্বনিরূপে উচ্চারণ প্রবণতা, ৬. পদের আদি, মধ্য ও অন্তে 'র'-কারের লোপ বা আগম, ৭. য-ফলা ও যুক্ত ব্যঞ্জনে অপিনিহিতি বা অর্ধ-অপিনিহিতির মতো স্বরাগম এবং ৮. ব্যঞ্জনধ্বনির দ্বিত্ব প্রভৃতি।[৩]

এই উপভাষায় তৎসম শব্দের মতো অর্ধতৎসম শব্দাবলির সংখ্যা এতটা কম নয়। নিচে অর্ধতৎসম শব্দের একটা তালিকা তুলে ধরা হল।

উপভাষায় ব্যবহৃত অর্ধতৎসম শব্দ	মূল শব্দ/তৎসম	মন্তব্য
ও'ত্যাচার্	অত্যাচার	'অ' > 'ও', অর্ধ 'ই' আগম
ওন্নায়	অন্যায়	'অ' > 'ও', ব্যঞ্জন দ্বিত্ব
আল্	অল	ছুঁচাল অগ্র/বোলতার হুল
উদাম্	উদ্দাম	উলঙ্গ/ঢাকনাহীন অর্থে
এন্দুর্	ইন্দুর	'ই' > 'এ'
উপুর্	উপর	'উ' স্বরের আগম
কাত্তিক্	কার্তিক	যুক্তব্যঞ্জন > যুগ্মব্যঞ্জন, সমীভবন
ইচ্চ্যা	ইচ্ছা	যুক্তব্যঞ্জন > যুগ্মব্যঞ্জন, সমীভবন
ছিঁয়্যা	ছায়া	স্বতোনাসিক্যীভবন
কুটুম্	কুটুম্ব	পদান্ত ব্যঞ্জন লোপ
ছাত্তোর্	ছাত্র	যুক্তব্যঞ্জন > যুগ্মব্যঞ্জন, সমীভবন

উপভাষায় ব্যবহৃত	মূল শব্দ/তৎসম	মন্তব্য
অর্ধতৎসম শব্দ		
গুন্‌দো	গন্ধ	'উ' স্বরের আগম ও মহাপ্রাণ > অল্পপ্রাণ
চ	চল	পদান্ত ব্যঞ্জন লোপ
জুদ্‌দো	যুদ্ধ	যুক্তব্যঞ্জন > যুগ্মব্যঞ্জন, সমীভবন
চান্‌/চান্‌দ্‌	চন্দ্র	পদান্ত ব্যঞ্জন লোপ
চিন্‌নো	চিহ্ন	যুক্তব্যঞ্জন > যুগ্মব্যঞ্জন, সমীভবন
শোরিল্‌	শরীর	'র' > 'ল'
শুমুদ্‌দুর্‌	সমুদ্র	ব্যঞ্জনধ্বনির দ্বিত্ব, স্বরাগম
খিদ্যা	ক্ষুধা	মহাপ্রাণ > অল্পপ্রাণ, 'আ' > 'অ্যা'
বিশ্‌টি/বিরিশ্‌টি	বৃষ্টি	'ঋ' > 'ই'
চো'ত্‌	চৈত্র	পদান্ত ব্যঞ্জন লোপ
ধোলা	ধবল	মধ্য ব্যঞ্জন লোপ
বিপোত্‌	বিপদ	'অ' > 'ও', 'দ' > 'ত'
বোশ্যাক্‌	বৈশাখ	'ঐ' > ও, মহাপ্রাণ > অল্পপ্রাণ
ত্যাল্‌	তৈল	'ঐ' > 'অ্যা'
ভাদ্‌দোর্‌	ভাদ্র	ব্যঞ্জনধ্বনির দ্বিত্ব
ভুঁই/ভিঁ	ভূমি	নাসিক্যীভবন
মুংগোল্‌	মঙ্গল	স্বরাগম
মাগ্‌	মাঘ	মহাপ্রাণ > অল্পপ্রাণ, 'এ' > 'অ্যা'
মা'চ্যা	মঞ্চ	অর্ধ 'ই' আগম
ম্যাগ্‌	মেঘ	মহাপ্রাণ > অল্পপ্রাণ, 'এ' > 'অ্যা'
রা'ত/রাত্‌তির্‌	রাত্রি	ব্যঞ্জনধ্বনির দ্বিত্ব
লোয়া	লৌহ	'ঔ' > 'ও', 'হ' > 'য়', অন্ত্য স্বরাগম
শম্‌	সোম (বার)	স্বরলোপ
শুক্‌কুর্‌	শুক্র (বার)	ব্যঞ্জনধ্বনির দ্বিত্ব
শো'জ্‌জো	সহ্য	অর্ধস্বরাগম ('ই' ধ্বনি)
বা'দ্‌দো	বাধ্য	ব্যঞ্জনধ্বনির দ্বিত্ব
কা'ল্যা	কালো (রং)	অর্ধ 'ই' স্বরের আগম
কা'ট্‌	কিট্ট	তলানি অর্থে (গাদ)

উপভাষায় ব্যবহৃত	মূল শব্দ/তৎসম	মন্তব্য
অর্ধতৎসম শব্দ		
ইচ্‌তিরি	স্ত্রী	স্বরাগম (আদি)
চেঁও	স্নেহ	নাসিক্যীভবন জাতীয়
বিক্‌কিরি	বিক্রয়	ব্যঞ্জনধ্বনির দ্বিত্ব
রো'দ্‌	রৌদ্র	'ঔ' > 'ও', 'র' ধ্বনি লোপ
হোবিশ্‌শি	হবিষ্য	ব্যঞ্জনধ্বনির দ্বিত্ব, স্বরাগম
জত্‌নো	যত্ন	'অ' > 'ও'
ঘিন্‌ন্যা	ঘৃণা	'ঋ' > 'ই', ব্যঞ্জনধ্বনির দ্বিত্ব
গিন্‌নি	গৃহিণী	'ঋ' > 'ই', ব্যঞ্জনধ্বনির দ্বিত্ব
পুত্‌তোর্‌	পুত্র	ব্যঞ্জনধ্বনির দ্বিত্ব
শোত্‌তুর্‌	শত্রু	ব্যঞ্জনধ্বনির দ্বিত্ব
তোরা'শ্‌/ তোরাশ্যা	ত্রাস	'আ' > 'ও', 'অ' > 'অ্যা'
রাত্‌তির্‌/আত্‌তির্‌	রাত্রি	ব্যঞ্জনধ্বনির দ্বিত্ব, 'র' ধ্বনি লোপ
তিশ্‌ট্যা	তৃষ্ণা	'ঋ' > 'ই', 'ন' > 'ট', 'আ' > 'অ্যা'
কিত্‌তোন্‌	কীর্তন	ব্যঞ্জনধ্বনির দ্বিত্ব
পোরান্‌	প্রাণ	'আ' > 'ও'
কো'ব্‌র‍্যাচ্‌	কবিরাজ	'জ' > 'চ', অর্ধ-অপিনিহিতি
কায়্যাত্‌	কায়স্থ	'স' ধ্বনি লোপ, 'থ' > 'ত'
চন্‌দোর্‌	চন্দ্র (মধ্যনাম)	মধ্য স্বরাগম
চাদ্‌দো	শ্রাদ্ধ	'শ' > 'চ', সমীভবন/ব্যঞ্জন সংগতি
চোদ্‌দা	শ্রদ্ধা	'শ' > 'চ', সমীভবন/ব্যঞ্জন সংগতি
ধো'জ্‌জো	ধৈর্য	ব্যঞ্জন সংগতি, অর্ধ-অপিনিহিতি
শুজ্‌জো	সূর্য	সমীভবন
চিরি	শ্রী	'শ' > 'চ'
বিশ্‌পোতি	বৃহস্পতি	'হ' ধ্বনি লোপ, 'ঋ' > 'ই'
জোচ্‌না	জ্যোৎস্না	'ৎ' ধ্বনি লোপ, 'স' > 'চ'
নিমোন্‌তন্‌নো	নিমন্ত্রণ	স্বরাগম
গাম্‌/ গেরাম্‌	গ্রাম	'র' ধ্বনি লোপ
গিরোশ্‌তো	গৃহস্থ	'ঋ' > 'ই', 'হ' > 'র',মহাপ্রাণ > অল্পপ্রাণ

উপভাষায় ব্যবহৃত	মূল শব্দ/তৎসম	মন্তব্য
অর্ধতৎসম শব্দ		
পিরিত্	প্রীতি	অন্ত্যস্বর লোপ
দুব্‌লা	দূর্বা	অন্ত্য ব্যঞ্জনাগম, 'র' ধ্বনি লোপ
শিক্‌গির্	শীঘ্র	মহাপ্রাণ > অল্পপ্রাণ
তিরিশ্	ত্রিংশ	—
ইন্‌দারা	ইন্দ্রাগার	'গ' ধ্বনি লোপ

১.৩ তদ্ভব শব্দ ঃ

এই উপভাষার শব্দভাণ্ডারের প্রধান অংশ জুড়ে রয়েছে তদ্ভব শব্দ। সংস্কৃত উৎসজাত এই শব্দগুলো উচ্চারণের দিক থেকে চলিত বাংলার চেয়ে একটু আলাদা। কেবলমাত্র উচ্চারণগত দিকই নয়, কালগত দিক থেকেও এই উপভাষার বেশ কিছু শব্দে এখনও প্রাচীন রূপ রক্ষিত আছে। এই জাতীয় শব্দগুলোর অনেকটাই এখন চলিত বাংলায় ব্যবহৃত হয় না। বর্তমানে প্রায় অপ্রচলিত, অথচ মধ্য বাংলায় প্রচলিত কিছু শব্দের একটা তালিকা এখানে দেওয়া হল।[৪]

অ্যাক্‌টি — শপ্ ভাই অ্যাক্‌টি হয়্যা থাক্। (উপভাষা)
"দেবগণ মুণিগণ হৈঞা এক ঠাই।" (উত্তরাকাণ্ড, কৃত্তিবাসী রামায়ণ)

কেনি — কেনিত্ মাটি ঢুক্যা বেতা হচে। (উপভাষা)
"দিনান্তে ব্যাড়াইস নাপিত কনি কাটিয়া।" (গোপীচন্দ্রের গান)

খ্যাও/খ্যা — কয় খ্যাও দিলেই খাওয়ার্ মাচ্ হয়্যা জাবি। (উপভাষা)
"এক খেও উঠা-উঠি, না বাজিল মৎস্য এক গুটি;"
(মনসামঙ্গল, বিজয় গুপ্ত)

জুত্ — আর্ খায়্যাপোর‍্যা জুত্ নাই। (উপভাষা)
"রান্ধনের জুতী হারায়িলোঁ বড়ায়ি/সুনিআঁ বাঁশীর নাদ"।
(বংশী খণ্ড, শ্রীকৃষ্ণকীর্তন)

টাটা — ফোট্‌টা খুপ্ টাটা'চ্চে। (উপভাষা)
"টাটাইল... শরীর।" (বিদ্যাসুন্দর, রামপ্রসাদ সেন)

শাওন্ — শাওন্ মাশে বিয়্যা জোরাল্যাম্ জে ক্যা? (উপভাষা)
"শাওন-গগন সঘন ঝরে নীর।" (লোরচন্দ্রানী, দৌলত কাজি)

টুঁটি — ওরোম্ কোর‍্যা টুঁটি চাপ্যা ধো'ল্‌লে মোর‍্যা জাবি ন্যা। (উপভাষা)
"টিপে ধরে টুঁটী।" (ধর্মমঙ্গল, ঘনরাম চক্রবর্তী)

মিচ্যা — ইঁচ্যা কুট্'লে মিচ্যা, বোয়া'ল্ কুট্'লে ফেঁচ্যা। (উপভাষা)
" সে কহে বিস্তর মিছা যে কহে বিস্তর।" (ভারতচন্দ্র রায়)

থুয়্যা — ছাওয়াল্‌ডাক্ থুয়্যা আশি আগে। (উপভাষা)
"প্রসবিয়া বনে থুয়ে গেল একাকিনী।" (মহাভারত, কাশীরাম দাস)

কান্‌দে — পোতিদিন্ রা'তে তুর্ বেটা কান্‌দে ক্যা? (উপভাষা)
"শিশু কান্দে ওদনের তরে" - (চণ্ডীমঙ্গল, মুকুন্দরাম চক্রবর্তী)

ধোলা — ধোলা গোরুডার্ পায়ে ফাল্ ফুটিচে। (উপভাষা)
"ধল কাল দুই কেশ দিল নারায়ণে।" (শ্রীকৃষ্ণকীর্তন, বড়ু চণ্ডীদাস)

পুচ্ — বল্‌দেক্ পুচ্যা হাল্ বোয়াবো নাকি? (উপভাষা)
" মোরে কেন পুছ, তুমি পুছ আপন মন।" (শ্রীচৈতন্যচরিতামৃত)

পোত্যান্ — শিত্যানেত্ না বোশ্যা, পোত্যানেত্ বশ্। (উপভাষা)
" পৈথানেতে গেল নাগ রূপ নিরখিতে।"
(পদ্মাপুরাণ, শ্রীরায় বিনোদ, সম্পাদনা - মুহম্মদ শাহজাহান মিয়া)

বান্/বান্‌দ্ — শালাক্ ধোর‍্যা আগে পিট্ মুরা দিয়্যা বান্‌দেক্। (উপভাষা)
"পরাণ পিরীতি লাগি থির নাহি বান্ধে।" (জ্ঞানদাস)

থির্ — ইট্টু থির্ হয়্যা বো'শ্‌তে পারিশ্ ন্যা? (উপভাষা)
"পতিত হেরিয়া কান্দে থীর নাহিক বান্ধে।" (গোবিন্দদাস)

আচিলো — অ্যাক্ দ্যাশে অ্যাক্ রাজা আচিলো। (উপভাষা)
"পূর্বেতে আছিল বেদুনুজ মহারাজা।
তাহার পাত্র আছিল নরসিংহ ওঝা।।" (কৃত্তিবাস)

গায়্যা — ফোকির্‌ড্যা গান্ গায়্যা ভিক্‌ক্যা করে। (উপভাষা)
"ওরে পুত্র ক্ষেমানন্দ কবিতা কর প্রবন্ধ
আমার মঙ্গল গায়্যা বোল।"
(মনসামঙ্গল, কেতকাদাস ক্ষেমানন্দ)

ছাওয়াল্ — ক্যারে ছাওয়াল্‌ডাক্ খালি কান্‌দা'শ্ ক্যা? (উপভাষা)
"ভাঙ্গা কড়ি ছয় বুড়ি গামছা বান্ধিয়া।
ছাওয়ালের মাথায় বোঝা দিলেক তুলিয়া।।" (চণ্ডীমঙ্গল, দ্বিজমাধব)

শুঁত্ — গাংগেত্ জা শুঁত্ পোরিচে একা নোকা পার্ কোরা মুশ্‌কিল্। (উপভাষা)

"কোন্ বিধি সিরজিল সোতের শেঁওলি।
এমন ব্যথিত নাই ডাকি বন্ধু বলি।" (দ্বিজ চণ্ডীদাস)

বান্যা — গিরি বান্যার্ কোতা কো'চ্চু তো, অর্ কাচে ইট্টুও
জিনিশ্ বেশি পাবু না। (উপভাষা)

"জাগ জাগ বেহুলা, সায় বাণ্যার ঝি।
তোরে পাইল কালনিদ্রা মোরে খাইল কি।।" (কেতকাদাস ক্ষেমানন্দ)

এই তালিকাটিতে দেখা যাচ্ছে যে, মধ্য বাংলায় শব্দটি যেমন ছিল, কিছুটা তারই সংরক্ষিত রূপ এই উপভাষায় ব্যবহৃত হয়েছে। এর পাশাপাশি বেশ কিছু তদ্ভব শব্দ রয়েছে, যেগুলোর উচ্চারণ চলিত বাংলা ভাষার সঙ্গে অভিন্ন। যেমন — আমি, আল্‌তা, কামার্, হাত্, ভাত্, এগারো, দাঁত্, বামুন্, কুমার্, চাকা, বাউল্, তামা, ভালো, পা, মাটি, গা, নাতি, মা, বুক্, শোনা, চিল্, মালা, বাপ্, হাট্, ধান্, ছাতি, পাতা, কান্, দুই, তুই, পাঁচ্, ভাই, বিশ্, পুব্, আঁটি, ভয়, আগুন্, ঢাক্, গাং, বাঁশ্, গাই, দুপুর্, নাক্, কাই ইত্যাদি।

এই উপভাষায় যে সমস্ত তদ্ভব শব্দে কিছুটা ধ্বনিতাত্ত্বিক পরিবর্তন এসেছে অথবা যেগুলো চলিত বাংলায় অপ্রচলিত কেবলমাত্র সেই সব তদ্ভব শব্দগুলোর একটা তালিকা এখানে দেওয়া হল। সেই সঙ্গে শব্দগুলোর ব্যুৎপত্তি তুলে ধরা হল।

উপভাষায় ব্যবহৃত তদ্ভব শব্দ	**চলিত বাংলায় প্রতিশব্দ**	**উৎস — সংস্কৃত**
আকাম্	ক্ষতি	< আ + কাম < কম্ম < কর্ম
আকাল্	দুঃসময়	অকাল
আংকা	চাহিদা/আকাঙ্ক্ষা	< আ + কাঙ্ক্ষ্ + আ
আঁর‍্যা	এঁড়ে	অন্ড + এ < ইয়া = এঁড়ে
আ'ন্‌ল্যা	অলবণাক্ত	< আলুনিয়া < অলবণিক
অ্যাক্‌টি	একত্রে	< এক + ঠাঁই < স্থান
অ্যাকুন্	এখন	< এ (= এই) + খন < ক্ষণ
আঁট্যা	এঁটো/উচ্ছিষ্ট	উচ্ছিষ্ট

উপভাষায় ব্যবহৃত তদ্ভব শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস — সংস্কৃত
অ্যাকা	একা	একাকিন্
ইঁট্/ইঁট্যা	ইট	ইষ্টক
ইঁট্টু	একটু	< এক + টু < টুকু
আংরা	জ্বলন্ত কয়লা/অঙ্গার	অঙ্গার
আকাঁরা	অছাঁটা	< আ + √কণ্ত্ + আ
আজ্না	আবর্জনা	< আবর্জন্ + আ
আমুন্ (ধান)	আমন (ধান)	< হৈমন্তিক < হৈমন্ + ষ্ণিক
আলাপ্	রসিকতা	< আ + √লপ্ + অ
আকা	উনান/আখা	< উখা (= হাঁড়ি)
উশ্টা	হোঁচট	উচ্চাটন
উঁই	ও/সে	অসৌ
উনা	গরম করা (জমাট তরল)	< উন্হ্ < উষ্ণ
উন্যান্	উনুন	< উনহাবণ < উষ্ণাপন
উদাম্	মুক্ত/ খোলা	উদ্দাম
উপ্চ্যা	ছাপিয়ে	উপচয়
উতাল্	ফোটা/স্ফীত	উত্তাল
উদ্দিশ্	হুঁশ/জ্ঞান	< উৎ + √দৃশ্
উব্দা	উপুড়/উলটা	অবমূর্ধা
এটি/ইটি	এখানে	< এই ঠাঁই < এতদ্ স্থান
ওগুলা/ও'গ্ল্যা	ঐগুলো	< ঐগুলো < অদস্ কুল
ওটি/উটি	ওখানে	< ঐ ঠাঁই < অদস্ স্থান
অচুত্/ওচুত্	অশৌচ	< ন + শৌচ
ওঁশার্	চওড়া/প্রশস্ত	অবসর
কাঁরা'ল্	বাঁশের আকর্ষি	< কাঁড়ন < কণ্ডন/কোদণ্ড
কাঁকলাশ্	গিরগিটি	কৃকলাস
কাঁকোর্	ফুটি	কর্কটি
কান্চি	পার্শে	কণ্ঠ + চি
কান্দা	কিনারা/ধার	< কান্ধ < স্কন্ধ

উপভাষায় ব্যবহৃত তদ্ভব শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস — সংস্কৃত
কুন্‌টি	কোথায়	কুত্র
কেনি	নখের কোণা	কোণ + ই
কেন্যা	কনুই	কফোণি
কাট্যা	কচ্ছপ	কচ্ছপ
কোল্‌লা	ঝগড়াটি	কন্দল + আ
কাইয়্যা	কাক	কাক (√কৈ + ক), কৌয়া (হি.)
কাশুন্‌	কাসুন্দি	কাসমর্দ
কাঁকা'ল্‌	কোমর	কঙ্কাল
কা'ন্‌	কাঁদি	স্কন্ধ
কত্‌ব্যাল্‌	কতবেল	কপিত্থ-বিল্ব
খর্‌	খয়ের	খদির
খাপ্‌রি	কাঁসা/পিতলের পাত্র	খর্পর
খাপ্‌রা	হাঁড়িকলসির ভাঙ্গা টুকরো	খর্পর
খাব্‌লা/খাবোল্‌	অঞ্জলি	< খাবল < কবল
খাল্‌	চামড়া	খল্ল
খ্যাও	ফের/দফা	খ্যাও < খেঅ < ক্ষেপ
খাম্‌বা	খুঁটি	স্তম্ভ
খোলা	টালি	খর্পর
খোলা	তাওয়া	খোলা < খোলঅ < খোলক
খোন্‌তি/খুন্‌তি	শাবল	খনিত্র
গা/গাও	শরীর	গাত্র
গাং	নদী	গঙ্গা
গাঁ/গাঁও/গেরাম্‌	গ্রাম	গ্রাম
গিঁয়্যাত্‌	জ্ঞাতি	গোত্র
গাবিন্‌	গর্ভবতী (পশু)	গর্ভিণী
গোমা	গোখরো সাপ	গোধূম (> গহাম + আ)
গাঁরো'ল্‌	অকর্মণ্য/ বোকা	গড্ডর
গোগাল্‌	আলের ছিদ্র	< গঙ্গা + ল

উপভাষায় ব্যবহৃত তদ্ভব শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস — সংস্কৃত
গুইশাপ্	গোসাপ	< গোধিকা + সর্প
গোয়া	পাছা	< গু + আ
গিরোন্	গ্রহণ	< √গ্রহ্ + অন
ঘুশা/ঘুঁশা	ঘর্ষণ করা	< √ঘৃষ্ + আ (অন)
ঘুনু	ঘন	< √হন্ + অ
ঘিন্যাই/ঘিন্ন্যা	ঘৃণ্য	ঘৃণা > ঘিনা
চাক্	গোল	চক্র
চিক্র্যান্	চেঁচামেচি	চিৎকার
চোঁচা	খোসা	< চোলকা < চোলক
চাতা'ল্	মাটির ঘরের ছাদ	চত্বর
চাম্	চামড়া/ত্বক	চর্ম
চুমা	চুম্বন	< √চুম্ব্ + আ
চুম্বুক্	চুম্বক	< √চুম্ব্ + অক (উক)
চোঁকা	তীক্ষ্ণ/ধারালো	চোক্ষ
চোকি	চৌকি/ঘাঁটি	চতুষ্কী
চামুচ্	চামচ	চমস
ছর্	ছাল/চামড়া	ছল্লি
ছা/ছাও	শাবক	ছাও < শাবক
ছেদা/ছেঁদা	ছিদ্র/ফুটা	ছিদ্র
ছাত্যান্	ছাতিম গাছ	< ছাতিঅন < সপ্তপর্ণ
ছিন্যাল্	কুলটা/ছিনাল	< ছিন্নাল < ছিন্না
ছিক্কো	ছি	ছিঃ
ছেঁচ্র্যা	সবেগে দৌড়	< ছিড়ছিড় + এ (< ইয়া)
ছ্যাঁচ্চোর্/ছেঁচ্রা	দেনা শোধ করতে অনিচ্ছুক	ছিত্তর
ছিল্যা	জল নিকাশি ছিদ্র	< √ছিদ্ + র
ছেত্রা/ চেত্রা	প্রশস্ত/ছড়ানো	ছত্রাকার
ছিলা	খোসা ছাড়ানো	< ছিল (< ছিন্ন) + আ
ছুঁচাল্যা/চুঁচ্ল্যা	সূঁচালো	সূচী > ছুঁইচ্ + লা

উপভাষায় ব্যবহৃত তদ্ভব শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস — সংস্কৃত
ছুঁচা	জলশৌচ	শৌচ
ছুতা	ছল/অছিলা	সূত্র
ছ্যাপ্	থুথু	< ছেপ্ < √ক্ষিপ্
জামা	যমজ	যমজ
জিটি	টিকটিকি	জ্যেষ্ঠী
জুত্	মনোযোগের সঙ্গে/ভালো করে	< যুত্ত < যুক্ত
জো	উপায়	যোগ
জট্	জড়ুল	জটুল
জাং	উরু/জঙ্ঘা	জঙ্ঘা
জাগোর্	মনসার গান	< জাগর < √জাগ্ + অ
জুঁক্	জোঁক	জলৌকা
জাই	ফেনাভাত	যবাগূ
জাঁওই	জামাই	জামাতৃ
জামির্	বাতাবি লেবু	জম্বীর
ঝাঁওয়া/ঝাঁয়া	ঝামা	ঝামক
ঝুনা	পাকা ও শক্ত	< জুণ্ণ < জুর্ণ
টং	চড়া মেজাজ	টঙ্ক
টং	মাচা	তুঙ্গ
টাটা	যন্ত্রণা	তপ্ত > তাত > টাট + আ
টেঙ্গা	টক	টঙ্ক/তক্র
টুঁটি	গলা	ত্রোটি
ঠ্যাং	পা	টঙ্ক
ঠুঁট্	ঠোঁট	ওষ্ঠ
ঠেঁটা	অবাধ্য	টীট < ধৃষ্ট
ঠাঁয়	নিশ্চলভাবে	< ঠার < স্থির
ডোম্পাই	অহংকার/দম্ভ	< দম্ভ + আই
ডোলা	মর্দন/ডলা	< √দল্ + আ
ডাঁট্	হাতল	দণ্ড

উপভাষায় ব্যবহৃত তদ্ভব শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস — সংস্কৃত
ডেওয়া	বারান্দার প্রান্তভাগ	< দাওয়া < দার্বট
ডাঁশ্	বড়ো মাছি বিশেষ	দংশ
ডা'ক্	ডাহুক (পাখি)	ডাহুক
ঢেঁক্কা	ধাক্কা	ধক্ক
তাতা	গরম হওয়া	তপ্ত > তাত + আ
তাত্	গরম	তাত < তপ্ত
তেলাপোকা	আরশোলা	তৈল পায়িকা
তের‍্যা	ত্রিগুণ/তিনভাগ	ত্রিহার
তাও	তা	তাপ
তুখার্	দক্ষ/নিপুন	তীক্ষ্ণ
থ	হতভম্ব	< √স্থা (= স্থিতি)
থো	রাখ	< √স্থা
থাম্‌বা/থোম্‌বা/থাম্	খুঁটি/স্তম্ভ	স্তম্ভ
থাই	থই	স্থল
থোপ্	গুচ্ছ	স্তুপ
থুব্‌রা	অধিক বয়স পর্যন্ত অবিবাহিত থাকা	স্থবির
দ	দহ	হ্রদ > হদ > দহ > দ (বর্ণলোপ)
দরো	শক্ত/গাঢ়	< দঢ় < দৃঢ়
দুব্‌লা	দূর্বাঘাস	দূর্বা
দের‍্যা	দেড়গুণ/দেড়ভাগ	দ্বিহার/দ্ব্যর্ধ
দাও/দা	কাটারি	দাত্র
দাউদ্/দা'দ্	দাদ	দদ্রু
ধোন্‌দা	সংশয়/থমমত	দ্বন্দ্ব
ধোলা	সাদা	ধবল
ধোমা	ধোঁয়া	ধূম
নিক্	ছোটো উকুন	নিক্ষা
নোম্‌লা	পরে/বিলম্বিত	< লম্ব + লা
নারা	খড়/ধান গাছের অপ্রয়োজনীয় অংশ	নাল

উপভাষায় ব্যবহৃত তদ্ভব শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস — সংস্কৃত
নাই	নাভি	নাভি
পহোর্/পওর্	প্রহর	প্রহর
পাতাল্যা	আড়াআড়ি	প্রস্থ > পাথ + অল + ইয়া
পোয়াল্	খড়	পলাল
পুচ্	জিজ্ঞাসা	< √প্রচ্ছ
পোল্লা	পটল	< পরলা < পটোল
পোবা	পাবদা (মাছ)	পর্বত
পানিকাপুর্	পানকৌড়ি	অম্বুকুক্কুটিকা
পুনে	পৌনে	< পা-ওন < পাদ-ঊন
পান্যা	পান চাষি/পান ব্যবসায়ী	< পর্ণ + উয়া
পলোই/পলো	মাছ ধরার যন্ত্র	পলব
পালা	গাদা/খড়ের গাদা	পল্ল
ফরোম্	ফড়িং	পতঙ্গ
ফেঁচ্যা	মাছের লেজ	< পিছা < পুচ্ছ
ফুটানি	বাবুগিরি/বড়োলোকি চাল	< স্ফুট + আনি
ফেঁক্যা	ছুড়ে/ ফেলে	< ফেকা < ক্ষেপ < ক্ষেপণ
ফেও	গোয়েন্দা/অনুসরণকারী	ফেরু
ফোট্	ফোঁটা/ ফোড়া	< √স্ফুট্/স্ফোটক
ফেক্রা	ঝামেলা	ফর্ফরীক
ফুর্তি/ফুত্তি	আনন্দ	স্ফূর্তি
ফেচ্ক্যা	ফিঙে (পাখি)	ফিঙ্গক
ফোক্কা	ফাঁকা/কিছুই না	ফক্কিকা
বোউনি	দিনের প্রথম বিক্রয়	বর্ধনী
বো	বউ	< বউ < বহু < বধু
বোট্যা	বইঠা	বহিত্র
বা	বাতাস	বাত
বাই	ঝোঁক	বায়ু
বাচ্	বজ্র	বজ্র

উপভাষায় ব্যবহৃত তদ্ভব শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস — সংস্কৃত
বিছাতু	বিছুটি/দুর্মুখ	বৃশ্চিক
বারুন্	ঝাঁটা জাতীয়	বর্ধনী
বাশ্না	গন্ধ	বাস
বাগুন্	বেগুন	বাতিঙ্গণ
বো'র্ত্যা/বো'ত্ত্যা	নিষ্কৃতি/উদ্ধার	বর্তা
বেঁর‍্যা	হাঁড়িকলসি রাখার খড়ের বেষ্টনী	< বেষ্ট্ + আ
বাঁর‍্যা	লেজকাটা	বণ্ড
বোত্যা	বেথুয়া (শাক)	বাস্তুক
বোল্লা	বোলতা	বরটা
ভগোমান্	ভগবান	< ভগ + বৎ
ভা'চ্ত্যা	ভাইপো	ভ্রাতৃজ
ভোত্রা	ভোঁতা	< ব্যহত > ভোঁত + রা
ভুঁই	জমি	ভূমি
ভাব্	বাষ্প	বাষ্প
ভেংরুল্	ভিমরুল	ভৃঙ্গরোল
ভেল্লা	ভেরেণ্ডা	এরণ্ড
ভুঁওর্	ভ্রমর	ভ্রমর
ভুঁওর্	ভোমর/তুরপুন	ভ্রমরক
ভুরা	ভেলা/মান্দাস	ভেলক
মাতা'ল্	ঝাঁপি	মস্তক > মাথা + আল
মো'ল্	মুকুল	মুকুল
মুন্	মন	মনস্
মুঁচ্	গোঁফ	< মসসু < শ্মশ্রু
মিন্শ্যা	পুরুষ (গালি অর্থে)	মনুষ্য
মাকুন্দা	দাড়িগোঁফহীন পুরুষ	মৎকুণ
মাচ্	মাছ	< মচ্ছ < মৎস্য
মাচি	মাছি	< মচ্ছিআ < মক্ষিকা

উপভাষায় ব্যবহৃত তদ্ভব শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস — সংস্কৃত
মাচি/মাচাং	মাচা	মঞ্চ
মাজা	কোমর	< মজ্‌ঝ < মধ্য
মালোই	নারকেলের খোল	মালক
রাই	সরষে বিশেষ	রাজিকা
রোশা	মোটা লম্বা রশি	রশ্মি
রোক্	ঝোঁক/জিদ	রোষ
ল্যাজ্/ন্যাচ্	লেজ	লঞ্জ
লালো'ন্চ্যা/নালো'ন্চ্যা	লোভী	< লালসা + অ
লোয়া	লোহা	লোহ
লেজুর্	পিছনে জোড়া	লাঙ্গুল
লোগ্/ নোগ্	আঙ্গুল	নখ
শোরা (গাছ)	শেওড়া	শাখোটক
শুঁই	সুচ	সূচী
শিয়্যানা	চালাক/সজ্ঞান	সজ্ঞান > সেয়ান + আ
শিত্যান্	বিছানার মাথার দিক	শিরস্থান
শিং	সিঁধ	সন্ধি
শুশু	শুশুক	শিশুক
শাঁতাল্	সাঁওতাল	সামন্তপাল
শামো'ল্ক্যা	শেফালি (ফুল)	শেফালী
শিংগারা	পানিফল	শৃঙ্গাটক
শুট্‌কা	স্বাস্থ্যহীন	শুষ্ক
শুঁত্	স্রোত	স্রোত
শুত্‌লি	সরু দড়ি	< সূত্র (= সুতা) + লি
হোল্‌দি	হলুদ	< হলিদ্দা < হরিদ্রা
হাঁচ্‌চি	হাঁচি	হঞ্ছিকা
হাগা	মলত্যাগ করা	< √হদ্
হাম্‌লান্	গোরুর ডাক	হম্মা
হুলি	হোলি	হোলিকা
হুর্‌কা	কপাট বন্ধ করার দণ্ড	হুড়ুক্ক

২. দেশিমূল শব্দ ঃ

এই উপভাষায় প্রচুর পরিমাণে দেশি মূলজাত শব্দের ব্যবহার দেখা যায়। এগুলোর মধ্যে বেশ কিছু শব্দের ব্যবহার চলিত বাংলায় আছে। তবে অনেক শব্দেরই প্রয়োগ এখন আর দেখা যায় না। যেমন — 'উট্‌কা', 'চোপা', 'ডওর্', 'এর‍্যা', 'ঝিঁক্' প্রভৃতি শব্দ। এই শব্দগুলো মধ্য বাংলায় প্রচলিত থাকলেও এখন প্রায় লুপ্ত বলা চলে। এই উপভাষায় শব্দগুলো অনেকটা রক্ষিত বলে এর ঐতিহাসিক গুরুত্বকে অস্বীকার করা যায় না। প্রথমে চলিত বাংলা থেকে কিছুটা স্বতন্ত্র দেশিমূল শব্দের একটা তালিকা দেওয়া হল।[৫]

২.১

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	মন্তব্য
আঁ'ক্র্যা	আংটা/মাছ ধরার যন্ত্র	
আঁইচাঁই	কাতরানো/ছটফট	
উট্‌কা	অপরিচিত/বিশ্বাসের অযোগ্য	উট্‌কা লোক্, উট্‌কা ঝামেলা
উট্‌কা	খোঁজ/ওলট-পালট করে খোঁজা	উট্‌কায় দ্যাক্ না।
খোর‍্যা	খয়রা (মাছ)	
খওর্	খোঁয়াড়	মারাঠি 'খোংড'
চাঁরা	কিছু তোলা	
চেংরা	ছেলে/শিশু	"চেঙ্গড়া বয়সে বিবাহ কৈরে যুবায় ছাড়িয়া যাও।" (গোপীচন্দ্রের গান)
চেংরি	মেয়ে/বালিকা	
চোপা	মুখ (মন্দ অর্থে)	
কে'ল্‌ল্যা	কেন্নো	
ঝুল্‌লু	দোলনা	
টপ্	তাড়াতাড়ি	
ঝিয়্যারি	মেয়ে	
ঠাঁই	সজোরে আঘাত	

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	মন্তব্য
ঠোনা/ ঠোক্না	গালে আঘাত	"দুই গালে মারে চড় ঠোকনা।" (কবিকঙ্কন চণ্ডী)
ডওর্	রাস্তা	স্মরণীয় - সিধু কানহু ডহর
ঢ্যাল্	ঢিল	
ঢ্যাল্ঢেলা	ঢলঢলে/পাতলা	
টিকি	ঢেঁকি	মুন্ডারি 'ঢেঙ্কি'
ঢেও	ঢেউ	
ঢেপ্শা	মোটাসোটা/বেমানান	
ঢেরা	দড়ি পাকানোর যন্ত্র	
থোর্	মোচা	
থেঁত্যা	পিষ্ট	
ধুমা	ধুঁদুল	
ধুম্শা (পুং)	মোটাসোটা	
ধুম্শি (স্ত্রী)	মোটাসোটা	
ধুমা/ধুমি (স্ত্রী)	অলস ও ভারী	
পা'ল্ল্যা	পাতিল/হাঁড়ি	
প্যাট্	পেট	
ফোঁপ্রা	ভিতরের শাঁস	
বারি	আঘাত	"বাড়ি মারিয়া তোর পাঞ্জর করতাম গুঁড়া" (বিজয় গুপ্তের মনসামঙ্গল)
বেউর্	এক ধরনের কাঁটাযুক্ত বাঁশ	উপভাষায় প্রবাদ — বেউর্ বাঁশের্ ঝার্ — ঝগড়ুটে
মির্ক্যা (মাচ)	মৃগেল	
মেনা	লাজুক	
মেনামুকা	মুখচোরা	
ছেঁতি	সেঁউতি	
হাঁতুর্	হাতুড়ি	
আপোর্	হাপর	

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	মন্তব্য
খুতি	ছোটো বস্তা/থলি	
খুরি	ছোটো বাটি	
গোলি	গলুই (নৌকার)	
গোলাচি	গলাশি	

এই সমস্ত শব্দ ছাড়াও আরও অনেক দেশি শব্দ চলিত বাংলার মতোই একই উচ্চারণে এই উপভাষায় ব্যবহৃত হয়। যেমন — ডাব্, ঝাঁটা, ঢাক্, কুলা, ঢোল্, ঝোল্, ঝাঁকা, ঝানু, চারি (চাড়ি), খিলি, খুলি, খাম্চা, ঢেম্না, ঢেম্নি, পাটিশাপ্টা/পাটিজোরা, পাটি, পাট্নি, চেলা, ছিপ্, ছিম্ছাম্, ছেঁচ্কি, টেংরা, টোপ্, ডাল্, ঢোক্ প্রভৃতি।

২.২ অজ্ঞাতমূল শব্দ ঃ

এই উপভাষায় বেশ কিছু শব্দের ব্যবহার দেখা যায়, যেগুলোর প্রয়োগ মান্য চলিত ভাষায় বা অন্যত্র পরিলক্ষিত হয় না। এই সমস্ত স্বতন্ত্র শ্রেণির শব্দগুলোর উৎসও জানা যায় না বা নির্ণয় করা যায় না। তাই এই শব্দগুলোকে অজ্ঞাতমূল শব্দাবলি হিসেবে চিহ্নিত করা হচ্ছে। একটা তালিকার মাধ্যমে শব্দগুলোর চলিত বাংলায় প্রতিশব্দ বা অর্থ তুলে ধরা হল। প্রসঙ্গক্রমে উপভাষায় এই শব্দগুলোর প্রয়োগ দেখানো হল।[৬]

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উপভাষায় প্রয়োগ
অজিন্নো	কাঁঠালবীজের সঙ্গে লাগানো পর্দা	অজিন্নো ফেলায় কাঁটা'ল্ খা।
অর্	লেপের খোল	অর্ লাগায় ল্যাপ্টা গায়েত্ দিশ্।
আঁ'চ্চ্যাল্	প্রস্রাবাগার	আঁ'চ্চ্যালেত্ জায়্যা মুত্যা আয়।
আঁ'চ্ক্যা	চমকে ওঠা	চেংরাডা আঁ'চ্ক্যা উটিচে।
আন্দাধুন্দা	এলোপাতাড়ি	আশ্যাই আগে আন্দাধুন্দা বোশা'লো কয়ডা মা'র্।
আওর্	খড়	বিশ্টিত্ শপ্ আওর্ ভিজ্যা গ্যালো।

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উপভাষায় প্রয়োগ
আজোর্	অবসর/খালি	ধামাডা আজোর্ কোর্যা রাক্। শারাদিন্ আজোর্যা বোশ্যা আচি।
আদার্	পতঙ্গ বিশেষ/উচ্চিংড়া	তুর্ ভাতেত্ আদার্ পোরিচে।
আদার্ (গাচ্)	এক ধরনের গুল্ম	আদার্গাচে গোটা পুকোর্পার্ ছায়্যা গ্যাচে।
আংকা	অদ্ভুত	এ'রোম্ আংকা জিনিশ্ তুর্ পচোন্দো?
আ'ংক্যা	আশা	আ'ংক্যা মিট্যায় খা।
আ'ম্ট্যা	টক স্বাদের	ঘর্ দিয়্যা আ'ম্ট্যা আ'ম্ট্যা গুন্দো বারাচে।
আটোক্	একঘরে	গেরামের্ শোবাই মিল্যা গোদাক্ আটোক্ কোরিচে।
আ'ংল্যান্	রাগানো/বিরক্ত করা	তুই তো আগে অক্ আ'ংল্যাচু।
আলাপ্	ইয়ার্কি/রসিকতা	আমি তো আলাপ্ কোর্যা কোচি।
আল্যাঝাল্যা	জট পাকিয়ে যাওয়া	শুতাগুলা আল্যাঝাল্যা হয়্যা গ্যাচে।
ইমুরাউমুরা	এদিক ওদিক/সম্পূর্ণ	বা'ন্দালের্ ইমুরাউমুরা ভালো কোর্যা দেকিচু।
ইঁচ্যা (মাচ্)	চিংড়ি মাছ	ইঁচ্যা কু'ট্লে মিচ্যা, বোয়া'ল্ কু'ট্লে ফেঁচ্যা। (প্রবাদ)
উচ্লোত্	অজুহাত	আ'চ্ তুর্ কুনো উচ্লোত্ খা'ট্পি ন্যা।
উচ্রুম্	আরশোলা	আন্দার্ হো'লেই ঘরেত্ উচ্রুম্ বারায়।
উশুম্	গরম	ন্যাপ্টা গায়েত্ দিলে দারুন্ উশুম্ হয়।
উশুম্ দেওয়া	ডিমে তা দেওয়া	চোইড্যা পুনোরো দিন্ ধোর্যা ডিমেত্ উশুম্ দিচ্চে।
উ'শ্ট্যা উটা	রেগে উঠা	কোতা শুন্যাই মরোদ্ উ'শ্ট্যা উ'ট্লো।
উহিনি	অতবড়ো	উহিনি মাচ্ তুই বোশ্শি দিয়্যা ধো'ল্লু?
উড্ডু	উঁচু	উড্ডু হয়্যা বো'চ্চু ক্যা?

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উপভাষায় প্রয়োগ
উলুপি	অল্পেই যে নারী কাতর হয়ে পড়ে	আপ্‌নের্ মিঁয়্যা জা উলুপি, অক্ দিয়্যা ই কাম্ হোবি ন্যা।
এঁ'ক্‌র‍্যা	পেঁচুক	এঁ'ক্‌র‍্যা মা'ন্‌শের্ শাতে পারা মোশ্‌কিল্।
ওঁক্‌রা	ছোটো টুক্‌রো	পোকাগুলা গুয়ের্ ওঁক্‌রা উটাচে।
ওঁশার্	চওড়া/বিস্তার	গাম্‌চাডা ওঁশার্ দেক্যা কিনিশ্। এটি গাংডা কি ওঁশার্!
কুদোর্‌কি	ইয়ার্কি	বেশি কুদোর্‌কি কোরিশ্ ন্যা তো।
কেচাল্	ঝামেল/বিবাদ/তর্ক	কেচাল্ কোর‍্যা লাব্ নাই, বু'জ্‌লু?
কাঁ'ক্‌ল্যা	এক ধরনের মাছ	অ্যাতো থুয়্যা কা'ক্‌ল্যা মাচ্ ধোরিচু?
কানোচ্	শিং মাছ	তুক্ তো কানোচ্ মাচ্ কিন্‌তে কোচি।
কোচ্‌রা	দগড়া/গুটি	এমুন্ মারিচু গায়ে কোচ্‌রা পোর‍্যা গ্যাচে।
কাঁশ্যাল্	শেওলা	কাঁশ্যালের্ ভিতোর্ মাচ্ থাকে।
কেটাং	বাহার (তাচ্ছিল্য অর্থে)	প্যাটেত্ ভাত্ নাই আর্ কেটাং কতো?
কা'শ্‌ট্যা	স্বাদহীন	কা'শ্‌ট্যা তোর্‌কারি খাওয়া জায়?
খিঁচ্	মলমূত্র ও কাদার সংমিশ্রণ	গোরুডা শোরায় বান্‌দ্, হাগ্যামুত্যা অ্যাকেবারে খিঁচ্ কোরিচে।
খা'জ্‌লোত্	ঝামেলা/জিদ/বিরক্ত	চেংরাডা খাওয়ার্ সময় অ্যাতো খা'জ্‌লোত্ করে না?
খোলা	উঠান	খোলাডা ভালো কোর‍্যা ঝা'র্ দে।
খাম্	আহত/নষ্ট	ই ভ্যাবে হাল্ বয়্যা গোরুজোরা কি খাম্ কোর‍্যা ফেলাবু?
খোরা	বিশেষ ধরনের জাল	বুদা জা'ল্যা খোরা ফেলায় বোশ্যা আচে।
খোরাত্ দেওয়া	কুঁদ যন্ত্রে ঘুরিয়ে কাঠ খোদাই করা	চোকির্ পায়্যাগুলা খোরাত্ দিয়্যা দিশ্।

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উপভাষায় প্রয়োগ
খাদ্যা	চাল মাপের ছোটো বেতের পাত্র	কুটুম্ আ'চ্চে, তাই অ্যাক্ খাদ্যা চা'ল্ বেশি কোর্য়া নিশ্।
খিদ্‌বিদ্	ঘিনঘিন/বিরক্তি	গাডা খিদ্‌বিদ্ কোর্য়া উ'ট্‌লো।
খাইদাদোর্য়া	পেটুক/খাবার অভিলাষী	বাশুর্ মুতো খাইদাদোর্য়া আর্ নাই।
খোচ্‌রানি	ছাই ঠেলার কাঠি	খোচ্‌রানিড্যা খুজ্যা পা'চ্চি ন্যা।
গবেট্	গণ্ডমুর্খ/নিরেটবোকা	তুর্ মুতো গবেটেক্ দিয়্যা কাম্ হোবি ন্যা।
গাঁতি দেওয়া	কাজের বিনিময়ে দলবদ্ধভাবে কাজের রীতি	বিন্যাক্ গাঁতি দিয়্যা ধান্‌গুলা উটায় দে।
গর্‌মোরায়	জাপটিয়ে	গর্‌মোরায় ধর্ না?
গাঁর্য়া	গোঁয়ার/যুক্তিহীন	খালি গাঁর্য়া তক্‌কো কোরিশ্ ক্যা?
গুঁজা (মাচ্)	আড় জাতীয় মাছ	আ'চ্ অ্যাক্টা গুঁজামাচ্ কিনিচি।
গোমাই	গোরুর মুখের ঠুসি	গোরুগুলাক্ গোমাই দিয়্যা মাটে নিয়্যা জা।
গুঁচি (মাচ্)	পাঁকাল মাছ	কাদোর্ মো'দ্‌দে গুঁচি মাচ্ থাকে।
গোরা	গোরুকে খেতে দেবার স্থান	গোরুগুলা গোরাত্ বা'ন্দ্যা দে রে।
গুচি দেওয়া	প্রয়োজনে পূরণ করা	মোর্য়া জাওয়া ধানের্ থোপেত্ গুচি দিতে হোবি।
ঘাঁটা	রাস্তা/পথ	কুন্ ঘাঁটাত্ শোজা হোবি?
ঘাই	জালের ভাঁজ করা অংশ	ঘাই ছিঁর্য়া গেলে কি আর্ মাচ্ উটে?
ঘার্য়া (মাচ্)	চ্যাং মাছ	শপ্ মাচে গু খায়, ঘার্য়া মাচের্ নাম হয়। (প্রবাদ)
চেরা	কেঁচো	গোটা খোলাত্ চেরা মাটি উটাচে।
চং	ঘুড়ি	চলেক্ চং উরাইগ্যা।
চাপ্‌রা	ঘুঁটে জাতীয় জ্বালানি	বিশ্‌টিত্ শপ্ চাপ্‌রা ভিজ্যা গ্যাচে।
চোল্‌টা	বাকলা/টুকরা	চোল্‌টা উটা বাঁশ্ নিবো না।
চ্যাট্	পুরুষাঙ্গ (গালি অর্থে)	আমার্ চ্যাটেক্ ক।
চিয়্যার্	বিছা	দ্যাক্ দ্যাক্ কতো বরো চিয়্যার্!

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উপভাষায় প্রয়োগ
চারাট্	নৌকার বাঁশের পাটাতন/ বাঁশের তৈরি মাচা	শোবাই চারাটেত্ বোশ্যা জান্।
চোই	হাঁস	অ্যাক্টাও চোই দে'ক্তে পা'চ্চি ন্যা।
চিক্যাশ্	রোদের ছটা	কয়দিন্ পরে ইট্টু চিক্যাশ্ দেকা দিচে।
চুরুশ্	সমান/মাপ মতো	বাঁশ্গুলা চুরুশ্ কোর্যা কা'ট্পু।
চারা	নখ	চারা বার্যা বুন্ মা'ন্শের্ মুতো হচে।
ছাইকাটি	জ্বালানি বা ছাই ঠেলার কাঠি	ছাইকাটিট্যা কুন্টি থুলু রে?
ছাত্যান্ (মাচ্)	ল্যাটা মাছ	ছাত্যান্ মাচের্ ছানা খুপ্ টেশ্।
ছুঁতোর্	কলাগাছের কাণ্ডের খণ্ডিত অংশ	কে জেন্ কোলার্ গাচের্ ছুঁতোর্গুলা কাট্যা নিয়্যা গ্যাচে।
ছোন্চা	বাড়ির বা ঘরের পিছনের দিকের অংশ	ছোন্চাত্ ফালায় রাকিশ্ নি তো?
ছালা	বস্তা	ছালা ভোর্যা তুল্যা রাক্।
ছ্যাও	টুকরা/তির্যক	বাঁশ্ডা ভালো কোর্যা ছ্যাও দে। লাটিড্যা ছ্যাও কোর্যা ধোরিচু ক্যা?
জা'ম্র্যা	সাঁড়াশি	ভালো কোর্যা জা'ম্র্যা দিয়্যা ধর্।
জাও'ন্	মাটি ও জলের মিশ্রণ	কা'ল্ক্যাই জাও'ন্ কোরিচু না?
জোক্মা	অলস	মাটি কাটা জোক্মা লোকের্ কাম্ না।
জাংলা	লাউ, কুমড়ো প্রভৃতি লতানো গাছের মঞ্চ	শোমা'শে জাংলা ভোর্যা আচে।
ঝোকা'শ্	ঝড় ও বৃষ্টি	দে'ক্তে দে'ক্তে ঝোকা'শ্ উট্যা আ'লো।
ঝোট্কা	টানা বাদল	আশ্শিন্যা ঝোট্কায় দেয়া'ল্ ধুঁশ্যা গ্যালো।
টোনা	গোরুর মুখের ঠুসি/ গোরুর মুখ বন্ধন	টোনা বা'ন্দ্যা রা'ক্লে গোরু ঘাশ্ খাবি কি কোর্যা?

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উপভাষায় প্রয়োগ
টোপা/টপো	হাঁসমুরগির বাচ্চা ঢাকার বাঁশের জিনিস	চোয়ের্ বাচ্চাগুলা টোপা দিয়্যা ঢাক্যা রাক্, না'লে কাইয়্যা নিয়্যা জাবি।
টা'ক্র্যাশ্	দড়ি পাকানোর যন্ত্র বিশেষ	টা'ক্র্যাশ্ডা কুন্টি আচে খুজ্যা দ্যাক্।
টু/টুকি	লুকোচুরি খেলার সাংকেতিক ধ্বনি	তারাতারি টুকি দে, অতো দেরি কোরিচ্চু ক্যা?
টশ্ঠোশ্যা	ওজনহীন/হালকা	নোগিড্যা অ্যাক্কেবারে ঠশ্ঠোশ্যা।
ঠুশি	ছোটো গাছ রক্ষার জন্য বেড়া বিশেষ	গাচ্ নাগান্যার্ শাতে শাতে ঠুশি দিয়্যা দিবু।
ডা'গ্র্যা/ডাগুর্	বড়ো পাতার (কলা, কচু) শিরদাঁড়া	কোলার্ ডা'গ্র্যা কাট্যা কি কো'র্বু?
ডাই	বড়ো কালো পিঁপড়ে	জেটিশেটি চিনি ফেলা'শ্ ন্যা, ডাই উ'ট্পি।
ডাঁটি	মাছ ধরার বড়শি বিশেষ	ইগুলা ডাঁটি দিয়্যা ধোরা মাচ্।
ঢোক্শা	গামলা	ভাতের্ বেলা ঢোশ্কা ভোর্যা খাওয়া আর্ কামের্ বেলা ফাঁকি।
ঢোংগা	কৌটা (বড়ো)	বিচ্কুট্ ঢোংগাত্ তুল্যা রাক্।
টুঁশা	শক্তিহীন	অ্যাতো টুঁশা ক্যা রে, বেশি কোর্যা খা'তে পারিশ্ ন্যা?
তরোই	ঝিঙে	ইব্যার্ আমারে বারিত্ মেলা তরোই হচে।
তিপ্পোল্লা	তেলাকুচো	কুন্টি থাক্যা তিপ্পোল্লা পার্যা আ'ন্লু?
ত্যাতারা	গোরুর গাড়ির ধুরার সঙ্গে ফ্রেমের সংযোগ রক্ষাকারী কাঠ বিশেষ	আপ্নে কাট্ জোগার্ করেন্, আমি ঠিক্ শোমায় ত্যাতারা বানায় দিবো।
তোল্লা	সরু লম্বা বাঁশ	তোল্লা বাঁশের্ নোগি ভালো হয়।
তোর্যা	খেপলা জাল বিশেষ	তোর্যা জাল্ডা নিয়ায়, মাচ্ ধো'ত্তে জাবো।
থাল্যাদার্	আশ্রয়দাতা	উঁই তো চোরের্ থাল্যাদার্।
থাঁরি	বয়ঃপ্রাপ্ত	বুরা থাঁরি বিচ্ন্যা ভোর্যা মুতিশ্?

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উপভাষায় প্রয়োগ
দাঁরোক্‌দোরি	গোরু বাঁধার লম্বা রশি	দাঁরোক্‌দোরিখ্যান্ দিয়্যা গোরুডা দাঁ'র্‌ক্যা দে।
দিগ্যা (ধান্)	আমন ধান	ইব্যার্ দিগ্যা ধানের্ ফলোন্ নাই।
দেরিপোরা	অতিরিক্ত হওয়া	টিকিত্ ঠিক্ মুতোন্ ধান্ দে, দেরি-পোরিচ্‌চে ক্যা?
দোপা	নিচু/খাল	হাঁট্যা হাঁট্যা ঘরের্ মাজ্যা দোপা কোর্‌য়া দিলু।
ধাওপাও	প্রচণ্ড পরিশ্রম	ধাওপাও কো'রো না বান্‌দা জিবোনের্ হোবি খয়/আল্‌লা জুদি দ্যায় তো অল্‌পেতি হয়।
ধোন্	পুং লিঙ্গ	আমার্ ধোনেক্ ক? কাম্ না ধোন্ কো'র্‌বো।
নাং	উপপতি/গোপন প্রেমিক	উ পারা কি নাং কো'ত্‌তে গেচুলু?
নাকাল্	গবাদি পশুকে জব্দ করার নাকে লাগানো রশি/লাগাম	গোরুর্ নাকাল্ ধোর্‌য়া টান্, তা'লেই খারা হয়্যা জাবিনি।
নার‍্যা	নিতম্ব	মা'র্‌বো নার‍্যা জাঁত্যা অ্যাক্ লাত্‌তি, তা'লে শপ্ ঠিক্ হয়্যা জাবি।
না'ংল্যা	বিদে	জোমিত্ ভালো কোর্‌য়া না'ংল্যা দিশ্, অ্যাক্‌টাও ঘাশ্ জেন্ ছেরা না পরে।
নেটা মার‍্যা	চেপে চুপে	নেটামার‍্যা বোশ্যা বেটা বিয়্যা'চ্‌চু রো? (প্রবাদ, নারীভাষা)
পা'ংগ্যা	খোঁড়া/ল্যাংড়া	ভাত্ পায় না পা'ংগ্যার্ বেটা, পোল্‌লা ভাজা খায়। (প্রবাদ)

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উপভাষায় প্রয়োগ
পেন্দ্যা	কান্নাকাটি করে	পেন্দ্যা পেন্দ্যা চোক্ডা ফুলা'লু।
পেচাল্/পোচাল্	অতিরিক্ত বকবক	শোকাল্ থাক্যা অ্যাক্ভাবে পেচাল্ পার্যাই জা'চ্চে।
ফাল্টা/ফাল্টি	অংশ/চটা	অ্যাক্ ফাল্টা আম্ খায়্যা কি হোবি?
ফা'ট্ক্যা	বাচাল, মিথ্যাবাদী ও অহংকারী	ফা'ট্ক্যা লোকের্ কোতা কেউ বিশ্শ্যাশ্ করে না।
ফিঁক্যা/ফেঁক্যা	ছুঁড়ে মারা	ওটি থাক্যাই গাম্চাডা ফিঁক্যা দে।
ফোর্য়া	পালক	ফোর্য়াত্ আল্তা দিয়্যা চিন্নো কোর্য়া দে।
ফেশ্টা	রং উঠে যাওয়া/ ফেকাসে	অ্যাক্ব্যার্ ধুয়্যাই কাপুর্ডা ফেশ্টা হয়্যা গ্যালো।
বারাবানা	ঢেঁকি পাড় দেওয়া	বারাবান্যা খায়্যা দেক্গা কিরোম্ ঠেলা?
বারানি	ভানার কাজ করে যে মহিলা	ধান্ বানার্ জো'ন্নে বারানিক্ খবোর্ দে।
বোক্দা	ধারহীন/ভোঁতা	বোগ্দা হাঁশ্যা দিয়্যা কাম্ হোবি ন্যা।
বে'ন্ন্যা	দরিদ্র ও লোভী	ঠাকুর্ঠুকুর্ বে'ন্ন্যা কুকুর্। (প্রবাদ)
ব্যাকোর্	বেকায়দা/অসুবিধা	ব্যাকোরে পোর্য়াই ন্যা আপ্নের্ কাচে টেকা হাওলাত্ চা'চ্চি।
ভাঁ'র্য়া	স্ত্রৈণ/পরের অনুগত	শালা ভাঁ'র্য়া, বোয়ের্ কোতাত্ চলে।
ভেবা	চিৎকার/ডাকা	বোক্রিড্যা ভেবায় ভেবায় মো'লো।
ভেদা (ধোদা)	এক ধরনের মাছ	ভেদা মাচ্ আর্ চোকে দেকা জায় না।
ভেল্শা	নির্বোধ ও শান্ত	এরোম্ ভেল্শা লোক্ দিয়্যা কাম্ হোবি ন্যা।
ভাদ্যা	অসফল ব্যক্তি	লোক্ডা অ্যাক্কেবারে ভাদ্যা।
মুট্কি/মুকা	বোতলের ছিপি	বুতোলের্ মুট্কিড্যা ভালো কোর্য়া আট্কায় রাক্।

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উপভাষায় প্রয়োগ
মা'জ্/মাজি	কচিপাতা/সদ্য বের হওয়া	পুজার্ জো'ন্নে অ্যাক্টা কোলার্ মা'জ্ কাট্যা নিয়ায়।
মেচ্মার্	চূর্ণবিচূর্ণ	ঝোরিত্ শপ্ মেচ্মার্ কোর্যা দিচে।
মেরা-আন্দি	হুড়োহুড়ি	বিয়্যা বারিত্ কুত্তাগুলা শপ্ মেরা-আন্দি লাগায় দিচে আঁট্যা খাওয়ার্ জো'ন্নে।
র র	থাম থাম/দাঁড়া	এই গোরু র র, আর্ জা'শ্ ন্যা।
রো	লো	না রো আ'চ্ জাবো না। (নারীভাষা)
লেল্পা/নেল্পা	পিচ্ছিল ময়লা	টিবলের্ পার্ডা লেল্পা হয়্যা গ্যাচে।
লটোর্পটোর্	মেখে যাওয়া/বৃথা চেষ্টা	কাদোত্ তপোন্ডা লটোর্পটোর্ হয়্যা গ্যাচে।
লালাভুলা	সহজসরল	অক্ লালাভুলা পায়্যা ঠোকায় নিলু?
শুরুশ্	মিল/সদ্ভাব	অরে ভায়ে ভায়ে শুরুশ্ নাই।
শিট্ক্যা	শক্ত	বিশ্টিত্ ভিজ্যা হাত-পা শিট্ক্যা হয়্যা গ্যাচে।
শাটান্	প্রহার/ভালো করে খাওয়া	এমুন্ শাটান্ দিবো না, বাপের নাম্ ভুল্যা জাবু।
শোমা'শ্	শসা	জাংলাত্ থাক্যা দুড্যা শোমা'শ্ তুল্যা আন্।
শোলা	পাটকাঠি	কয়ডা শোলা নিয়ায় আকা ধোরাবো।
হাচ্তা	খোঁজ কর	ভালো কোর্যা হাচ্তা, তা'লেই চাকুডা পাবু।
হালি	গণ্ডা/সদ্য	অ্যাক্ হালি কোলা কিন্যা আনিশ্। হালি কুটা আলো চা'লের্ পায়্যাশ্ খা'তে শাদ্ই আলাদা।
হেংটা/হেন্টা	অবাধ্য	অ্যাতো হেংটা শোবাব্ হো'লে তার্ শাতে পারা জায় না।

৩. আগন্তুক শব্দ ঃ

চলন বিল অঞ্চল থেকে অভিবাসিত জনগণের কথ্যভাষায় বিভিন্ন ভাষার শব্দভাণ্ডার থেকে বেশ কিছু আগন্তুক শব্দ গৃহীত হয়েছে। এগুলোকে প্রধান দুটি ভাগে বিভক্ত করা যায় — প্রতিবেশী ভাষার শব্দ এবং বিদেশি ভাষার শব্দ। নিচে এই সমস্ত আগন্তুক শব্দাবলির পরিচয় দেওয়া হল।

৩.১ হিন্দি শব্দ ঃ

ভৌগোলিক নৈকট্যের কারণে প্রতিবেশী বিহার প্রদেশের হিন্দি ভাষা থেকে অনেক শব্দ এই উপভাষায় প্রবেশ করেছে। এছাড়াও চলচিত্র, দূরদর্শন এবং অন্যান্য গণমাধ্যমের দৌলতে প্রতিনিয়ত হিন্দি ভাষার শব্দাবলি এই উপভাষায় প্রবেশ করছে। ফলে এই শব্দগুলোর অনেকগুলোরই চলিত বাংলায় প্রয়োগ নেই। এই হিন্দি শব্দগুলো কখনও সামান্য পরিবর্তিত হয়ে, কখনও বা অপরিবর্তিতভাবে এই উপভাষায় ব্যবহৃত হচ্ছে। এখানে একটি তালিকার মাধ্যমে কেবলমাত্র চলিত বাংলায় অপ্রচলিত হিন্দি (পূর্বী-হিন্দি) থেকে আগত শব্দাবলির পরিচয় তুলে ধরা হল।[৭]

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎসমূল হিন্দি	মন্তব্য
অরোল্	অড়হর (ডাল)	অর্হর্	'হ' লোপ
আন্দোর্শা	পিঠে বিশেষ	অন্দর্সা	
আলা	ওয়ালা (ফেরিওয়ালা)	ৱালা	
আদ্লা	অন্ধ/অকর্মা	অন্ধেলা	মহাপ্রাণ > অল্পপ্রাণ
আক্রা	আড্ডার স্থান	আখাড়া	মহাপ্রাণ > অল্পপ্রাণ
আগারি	অগ্রভাগ ভারি	আগাড়ি	
আরি	ছোটো করাত	আর্হি	'হ' লোপ
আরোত্	গোলা/গঞ্জ	আঢ়ৎ	
ইচ্পার্-উচ্পার	ভালো অথবা মন্দ	ইস্পার-উস্পার	
উশ্খুশ্	অস্থিরভাব	অস্খস্ (তুলনীয়)	
উশ্টা/উচোট্	হোঁচট	উচক্না (তুলনীয়)	সংস্কৃত 'উচ্চাটন' হতে পারে।
উজার্	খালি/নির্মূল	উজাড়	
উন্না	উড়না	ওঢ়নি	সমীভবন

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎসমূল হিন্দি	মন্তব্য
উদাম্	ঢাকনাহীন	উধম্	সংস্কৃত 'উদ্দাম' হতে পারে।
অ্যাকাট্টা	একজোট	ইকট্ঠা	
অ্যাক্য়ারা	রোগা	এক্হরা	
ওর্	শেষ/প্রান্ত	ওর	
কাঁইয়্যা	ঝগড়া	কাঁইয়া	
কাইয়্যা	কাক	কৌয়া	
কির্যা	শপথ	কিরিয়া	
কোদু	লাউ	কদ্দু	
কুত্তা	কুকুর	কুত্তা	
কো'ল্জ্যা	কলিজা	কলেজা	
কাইনি	গল্প/বৃত্তান্ত	কহানী	
খাঁটা	তেঁতুল/টক	খট্টা	
খোলা/খোল্যান্	উঠান	খিলিয়ান্	
খোত্যান্	খতিয়ান	খতিয়ান্	
খা'দ্	ডোবা/গর্ত	খড্	
খের্কি	পিছনের ছোটো দরজা	খড়ক্কী	
খাট্লি	দড়ির ছোটো চৌকি	খাটোলা	
গুদ্রি	ছেঁড়া কাপড়	গূদড়ী	
গেদা (চেংরা)	ছোটো শিশু	গেদা	
গুল্লা	গোড়ালি	গুল্লা	
গোপ্দা	মোটা ও বোকা	গব্দা	
গার্যাল্	গাড়োয়ান	গাড়ীৱান্	
গুড্ডি	বিশেষ ধরনের ঘুড়ি	গুড্ডী	
ঘার্তি/ঘাট্তি	কমতি/অভাব	ঘাটি	
ঘাগু	চালাক/ভুক্তভোগী	ঘাঘ	
চম্পোট্	তাড়াতাড়ি পলায়ন	চম্পৎ	'ৎ' > 'ট'

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎসমূল হিন্দি	মন্তব্য
চম্‌চম্‌	ছানার তৈরি মিঠাই বিশেষ	চমচম	
চিল্‌লা	চিৎকার	চিল্লা	
চুতিয়্যা	গালি অর্থে	চূতিয়া	
চপোট্‌	তোড়জোড়	চপট	
চোপাট্‌	নষ্ট হওয়া	চৌপট্‌	
ছুন্‌নি/ছল্‌লি	খুন্তি	ছন্না	
ছানি	গোবুর জাবনা	সানী	
ছালা	বস্তা	থৈলা/থৈলিয়া	(সম্ভবত)
ছাপ্‌রা	সমতল চালা	ছপ্পর	
ছাঁচি	সাঁচি	সঁচ্চী	
জার্‌	শীত	জাড়	
জোঁকা	মাপ	জোখনা	
জুত	আরাম	জোড়	(সম্ভবত)
জাক্‌	জাগ	জকড়	'ড়' লোপ
ঝোক্‌কি	দায়িত্ব/ঝঞ্ঝাট	ঝক্কী	
ঝিল্যাপি	জিলিপি	জিলেবী	অল্পপ্রাণ > মহাপ্রাণ
ঝেঁট্‌কা	হঠাৎ জোরে টান	ঝাটকা	
ঝুপ্‌রি	নিচু কুঁড়ে ঘর	ঝোপড়ী	
টেরা	বক্রদৃষ্টি	টেঢ়	
টুঁটি	কণ্ঠ/কণ্ঠনালি	টেঁটুয়া	
টিক্‌লি	কপালের গয়না বিশেষ	টিক্‌লী	
টাঁটি	বেড়া	টট্টর	
টওল্‌	পাহাড়া/ঘোরা	টহল	'হ' > 'ও'
ঠিক্‌রি	ঠিকরা	টিকরা	অল্পপ্রাণ > মহাপ্রাণ
ডাঁট্‌	দেমাক/তেজ	ডাঁট	
ডাবোর্‌	পাত্র বিশেষ	ডাবর	

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎসমূল হিন্দি	মন্তব্য
ডিব্ব্যা	কৌটা	ডিব্বা	
ডোল্	গড়ন/আকৃতি	ডৌল	'ঔ' > 'ও'
ডোর্	কোমরের সরু সুতা	ডোর	
ডুক্‌রা	বিশেষ ধরনের কান্না/ চিৎকার	ডকরা	'উ' স্বরের আগম
ঢোয়া	বহন করা	ঢোনা	
তাগ্‌রা	তেজি/মোটাসোটা	তগ্‌ড়া	
তেনা	ছেঁড়া কাপড়	তানা	
থাপ্‌পোর্	চড়	থপ্পড়	
থোকা	ছড়া/গুচ্ছ	থোক	'আ' স্বরের আগম
থো'ম্‌ক্যা	চমকে	ঠুমক	'ঠ' > 'থ'
দোগ্‌রা	কালশিরে	দগ্‌ড়া	
ধোল্‌তা	নায্য ওজনের উপর বাড়তি কিছু	ঢলতা	'ঢ' > 'ধ'
ধকোল্	চাপ/খাটুনি	ধকেল্/ঢকেল্	
ধাঁ'চ্	ধরন/আদল	ঢাঁচা	
ধান্‌দা	চেষ্টা/মতলব	ধন্ধা	
ধাপ্‌পা	প্রতারণা/মিথ্যা	ধপ্‌পা	
ধিংগি	বেহায়া/লিকলিকে	ধিঙ্গ + ই (স্ত্রী প্রত্যয়)	
নোটা	ঘটি	লোটা	
পা'ন্‌শ্যা	বিস্বাদ/লবণহীন	পনসা	
পাল্‌লা	দাঁড়িপাল্লা/খণ্ড	পল্লা	
পুরা	কাগজের মোড়ক	পুড়িয়া	
ফের্	পুনরায়	ফির	
ফেঁটা	জড়ান	ফেংটা	
ফুশ্‌লা	তেলানো	ফুস্‌লানা	অন্ত্য ধ্বনিলোপ
ফক্‌কোর্/ফোক্‌রা	ফাজিল	ফক্কর	
বোর্‌কি/বোক্‌রি	ছাগল	বক্‌রী	বর্ণবিপর্যয়

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎসমূল হিন্দি	মন্তব্য
বিচ্ন্যা	বিছানা	বিস্তারা	
বিলি	বিড়াল	বিল্লী	বর্ণলোপ
বানানি	মজুরী	বন্‌বাঈ	
ভা'চ্ত্যা	ভাইপো	ভাতীজা	বর্ণবিপর্যয়
ভাচ্তি	ভাইঝি	ভাতীজী	বর্ণবিপর্যয়
ভোট্টা	ভুট্টা	ভুট্টা	
ভোগা	ফাঁকি/ধোকা	ভগল	অন্ত্যব্যঞ্জন লোপ
রয়া/রয়্যা	থাকা	রহ্‌না	
র‍্যাঁত্	রেত	রেতি	
লাটু	লাট্টু/লাটিম	লট্টু	ব্যঞ্জন লোপ
শিপি	ছিপি/গোঁজ বিশেষ	ছিপ্পা	'ছ' > 'শ', বর্ণলোপ
হাত্যার্	হাতিয়ার	হথিয়ার	

৩.২ বিদেশিমূল শব্দ ঃ

চলন বিল অঞ্চল থেকে অভিবাসিত জনগণের ভাষায় বহু বিদেশি মূলজাত শব্দাবলির প্রয়োগ দেখা যায়। এগুলোর মধ্যে কিছু শব্দের ব্যবহার চলিত বাংলায় নেই বললেই চলে। আবার বেশ কিছু শব্দ অনেকক্ষেত্রে পরিবর্তিত হয়ে উচ্চারিত হয়। তবে অনেক সময় এই বিদেশাগত শব্দগুলোর একটা অংশ অপরিবর্তিতভাবেও উচ্চারণ করতে দেখা যায়। এই উপভাষায় উচ্চারণের ক্ষেত্রে যে স্বতন্ত্রতা রয়েছে, পরিবর্তিত শব্দগুলোর ক্ষেত্রে উপভাষার সেই নিজস্ব বৈশিষ্ট্য বজায় রয়েছে। যেমন — পদের আদি ও অন্তে 'অ্যা' স্বরধ্বনির আধিক্য, 'শ' ধ্বনির 'চ'/'ছ' ধ্বনিতে রূপান্তর, মহাপ্রাণ ধ্বনির অল্পপ্রাণ ও ঘোষবৎ ধ্বনির অঘোষ উচ্চারণ প্রবণতা প্রভৃতির সঙ্গে উচ্চারণে সরলীকরণের ঝোঁক দেখা যায়। এছাড়াও ক্ষেত্রসমীক্ষায় আরও কিছু নতুন উচ্চারণ-বৈশিষ্ট্য বা প্রবণতা পরিলক্ষিত হয়। প্রসঙ্গক্রমে বলে রাখা ভালো যে, চলিত বাংলায় যে পরিমাণে বিদেশি শব্দ ব্যবহৃত হয়, এই উপভাষায় তার চেয়ে অনেক কম বিদেশি শব্দের ব্যবহার দেখা যায়।[৮]

৩.২.১ আরবি-ফারসি শব্দ ঃ

চলিত বাংলার মতো এই উপভাষাতেও বিদেশি মূলজাত শব্দগুলোর মধ্যে আরবি-ফারসি শব্দেরই প্রধান্য দেখা যায়। বাংলাদেশের চলন বিল অঞ্চলে ধর্মগতভাবে মুসলমান সম্প্রদায়ের বসবাস অধিক। ধর্মীয় কারণেই মুসলমান সম্প্রদায়ের ভাষায় আরবি-ফারসি শব্দের ব্যবহার অনেক বেশি। এছাড়া বহুকাল ধরে প্রশাসনিক কাজকর্মে আরবি-ফারসি ভাষার শব্দ ব্যবহারের ফলে এই উপভাষায় প্রচুর আরবি-ফারসি শব্দ প্রবেশ করেছে। চলন বিল অঞ্চল থেকে অভিবাসিত জনগণ ধর্মগতভাবে বিপরীত মেরুতে থাকলেও ভৌগোলিক অবস্থানগতভাবে সহাবস্থান করার ফলে, তাঁদের ভাষায় বহু আরবি-ফারসি শব্দ ঢুকে পড়েছে। এছাড়া বর্তমানে এপার বাংলায় তাঁদের যে অবস্থান, সেখানকার জনগণের একটা বড়ো অংশ মুসলমান সম্প্রদায়ভুক্ত। ফলে এই সমস্ত অভিবাসিত জনগণের ভৌগোলিক অবস্থান পরিবর্তিত হলেও ভাষাগত অবস্থানের তেমন একটা পরিবর্তন ঘটেনি। ইসলামিক শব্দ বলে আরবি-ফারসি শব্দ সম্পর্কে এঁদের মনে একটা ছুঁতমার্গ থাকলেও নিজের অজান্তেই এঁরা এই সমস্ত শব্দাবলি ব্যবহার করে থাকেন।

এই উপভাষায় ব্যবহৃত আরবি-ফারসি শব্দাবলির কিছু অংশের প্রয়োগ চলিত বাংলায় নেই বললেই চলে। আবার অনেকক্ষেত্রে সেগুলোর উচ্চারণ পরিবর্তিত হয়েছে। তবে বেশ কিছু শব্দ অপরিবর্তিতও রয়ে গেছে। এখানে কেবলমাত্র চলিত বাংলায় অপ্রচলিত এবং যে সমস্ত শব্দে উচ্চারণগত পরিবর্তন দেখা যায়, সেই সমস্ত আরবি-ফারসি শব্দাবলির পরিচয় তালিকার আকারে তুলে ধরা হল।

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎসমূল আরবি-ফারসি	মন্তব্য
অচিল্যা	অছিলা	ফাঃ ৱসীলা	'স' > 'চ'
অজ্‌গোবি/ অচ্‌গোবি	আজগুবি	আঃ অজগবী	
আজোর‍্যা	আজুরা	ফাঃ অজুরা	
আপ্‌চোচ্‌	আফসোস	ফাঃ আফ্‌সোস	'স' > 'চ'
আম্‌মুক্‌	আহাম্মক	আঃ আহ্‌মক্‌	সমীভবন
আক্‌কিল্‌	আক্কেল	আঃ আকল্‌	ব্যঞ্জন দ্বিত্ব
আমুল্‌	আমল	আঃ আমল	
আচ্‌তে	আস্তে	ফাঃ আহিস্তা	
ইজ্যাহার্‌	এজাহার	আঃ ইজাহার্‌	

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎসমূল আরবি-ফারসি	মন্তব্য
ইজ্যারা	ঠিকা/লিজ	আঃ ইজারা	
ইশ্যারা	ইঙ্গিত	আঃ ইশারাহ্	'হ্' ধ্বনি লোপ
উচ্‌বুক্	উজবক	আঃ উজবক	তুলনীয়
উকালোতি	ওকালতি	আঃ ৱকালৎ	
উজোর্	আপত্তি	আঃ উজর্	
উজোন্	পরিমাপ	আঃ ৱজন্	
এজ্‌মাইলি	যৌথ	আঃ ইজ্‌মাল	'ই' > 'এ'
এক্‌ত্যার্	অধিকার	আঃ ইখ্‌তিয়ার	মহাপ্রাণ > অল্পপ্রাণ
ওচ্‌তাদ্	দক্ষ/নিপুন	ফাঃ উস্‌তাদ	'উ' > 'ও', 'স' > 'চ'
কোইপোত্	কৈফিয়ত	আঃ কইফিয়ৎ	মহাপ্রাণ > অল্পপ্রাণ
কমোর্	কোমর	ফাঃ কমর্	
কিচ্‌চ্যা	কেচ্ছা	আঃ কিস্‌সা	'স' > 'চ'
কোবিতোর্	পায়রা	ফাঃ কবুতর	'উ' > 'ই'
খোলিপ্যা	দরজি	আঃ খলীফা	মহাপ্রাণ > অল্পপ্রাণ
খিয়্যাল্	স্মরণ/জ্ঞান	আঃ খ'য়াল্	
খিল্যাপ্	অন্যথা	আঃ খিলাফ্	মহাপ্রাণ > অল্পপ্রাণ
খামুকা	খামোখা/অকারণে	ফাঃ খোআমখো + আ	
খা'শ্‌ট্যা	রসকষহীন/বিস্বাদ	ফাঃ খাসতাহ্	'হ্' ধ্বনি লোপ
খোবিশ্	নোংরা/দুষ্ট	আঃ খবীশ	
খোত্	নিজে/আসল	আঃ খুদ্	
গাপিলোতি	অমনোযোগ/ কুঁড়েমি	আঃ গফ্‌লৎ + ই (প্রঃ)	
গলোত্	ভুল/ত্রুটি	আঃ গলৎ	
গা'প্	গোপনে আত্মসাৎ	আঃ গয়িব্	
গিল্যাপ্	জামা	আঃ গিলাফ্	প্রয়োগ খুব কম
ঘুতা	গুতা/গোত্তা	আঃ গউতহ্	অল্পপ্রাণ > মহাপ্রাণ
চান্‌দা	চাঁদা	ফাঃ চন্দ্	
চিচ্	ধূর্ত/বদমাশ	ফাঃ চীজ্	'জ' > 'চ'

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎসমূল আরবি-ফারসি	মন্তব্য
ছিন্‌নি	শিরনি	ফাঃ শীরীনী	সমীভবন, 'শ' > 'ছ'
জকোম্‌	আহত/ঘা	ফাঃ জখম	
জাগা	জায়গা/স্থান	ফাঃ জায়্‌গাহ্‌	'হ' ধ্বনি লোপ
জোরিপোনা	অর্থদণ্ড/জরিমানা	আঃ জুর্‌মানা	'ম' > 'প'
জাবিন্‌	জামিন	আঃ জামিন্‌	'ম' > 'ব'
জিম্‌ম্যা	হেপাজত/দায়িত্ব	আঃ জিম্মা	
ড্যাগ্‌/ড্যাক্‌	বড়ো হাঁড়ি	ফাঃ দেঘ্‌	
ডেক্‌চি	হাঁড়ি	ফাঃ দেঘ্‌ + তুর. চি	
তপোন্‌	লুঙ্গি	ফাঃ তহ্‌বন্‌দ	অন্ত্যব্যঞ্জন লোপ
তামান্‌	সমগ্র/তামাম	আঃ তামাম্‌	'ম' > 'ন'
তাগোত্‌	শক্তি	আঃ তাকৎ	অঘোষ > ঘোষ
তোবিল্‌	তহবিল/সঞ্চয়	আঃ তহ্‌বীল	'হ' লোপ
তয়্যার্‌	গঠন/প্রস্তুত	ফাঃ তইয়ার্‌	
তুশুক্‌	তোশক	ফাঃ তোশক	
তাবিচ্‌	কবচ/মাদুলি	আঃ তবীজ্‌	ঘোষ > অঘোষ
তরোপ্‌	পক্ষ	আঃ তর্‌ফ	মহাপ্রাণ > অল্পপ্রাণ
তোক্‌তা	কাঠের ফলক	ফাঃ তখ্‌তা	মহপ্রাণ > অল্পপ্রাণ
তালিম্‌/তামিল্‌	চর্চা/শিক্ষা	আঃ তাআলীম্‌	ধ্বনিবিপর্যয়
তোক্‌কা	সমীহ/ভয়	আঃ তৱাক্‌কু	
দকোল্‌	দখল	আঃ দখ্‌ল	মহাপ্রাণ > অল্পপ্রাণ
দেয়া'ল্‌/দোয়া'ল্‌	দেওয়াল	ফাঃ দীৱার	
দেদার্‌	অনেক	ফাঃ দীদার্‌	
দোর্‌মা	মাইনে	ফাঃ দর্‌মহ্‌	অন্ত্যব্যঞ্জন লোপ
দত্‌	দোয়াত	আঃ দবাআৎ	বর্ণলোপ
নোক্‌শান্‌	ক্ষতি	আঃ নুক্‌সান	
নাবাল্‌লোক্‌	অপ্রাপ্তবয়স্ক	ফাঃ নাবালিগ্‌	ব্যঞ্জনধ্বনির দ্বিত্ব
নোবাপ্‌	নবাব	আঃ নবাব্‌	'ব' > 'প'
নিশ্যা	নেশা/ঝোঁক	আঃ নেশা	

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎসমূল আরবি-ফারসি	মন্তব্য
নগোত্	বাকিতে নয়	আঃ নক্‌দ্‌	
পয়মাল্‌	নষ্ট	ফাঃ পায়্‌মাল্‌	
পির‍্যান্‌	জামা	ফাঃ পৈরাহান্‌	প্রয়োগ খুব কম
পো'ল্‌ত্যা	সলতে	ফাঃ পলীতাহ	অন্ত্যব্যঞ্জন লোপ
পেঁজ্‌/ পেঁচ্‌	পিঁয়াজ	ফাঃ পিয়াজ	
পোলা	পোলাও	ফাঃ পলাও	অন্ত্যস্বর লোপ
ফেচাত্‌	ঝামেলা	আঃ ফসাদ্‌	'স' > 'চ', 'দ' > 'ত'
ফোঁল্‌লা	অজ্ঞাতনামা/অমুক	আঃ ফলানা	
ফোর্‌মা'চ্‌	আদেশ/হুকুম	ফাঃ ফরমায়শ্‌	'শ' > 'চ'
ফোতুর্‌	সর্বস্বান্ত	আঃ ফুতুর	
ফয়চালা	মীমাংসা	আঃ ফয়স্‌লাহ্‌	অন্ত্যব্যঞ্জন লোপ
বুগোল্‌	বাহুমূলের নিম্নদেশ	ফাঃ বগ্‌ল	
বোক্‌কিল্‌	কৃপণ	আঃ বখীল্‌	ব্যঞ্জনধ্বনির দ্বিত্ব
বোচ্‌তা	বস্তা	ফাঃ বশ্‌তা	'শ' > 'চ'
ব্যায়্যা	বেহায়া/নির্লজ্জ	ফাঃ বে + হায়া	
বরোপ্‌	তুষার/আইসক্রিম	ফাঃ বরফ	
মশোল্‌লা	মশলা	আঃ মসালহ্‌	সমীভবন
মক্‌কোর্‌	ঝামেলা	আঃ মকর	ব্যঞ্জনধ্বনির দ্বিত্ব
মুরাদ্‌	ক্ষমতা	আঃ মুরাদ	
মোকা	সুযোগ	আঃ মওকা	
মো'র্‌চ্যা	মরিচা	ফাঃ মোর্‌চা	
মায়না	মাইনে	ফাঃ মাহ্‌আনহ্‌	'হ' ধ্বনি লোপ
মুলোবি	মৌলবি	আঃ মৌলবী	
মুছুল্‌মান্‌	মুসলমান	ফাঃ মুসলমান্‌	'স' > 'ছ'
মুরোক্‌	মোরগ	ফাঃ মুর্গ	
র'না	রওয়ানা	ফাঃ রৱানা	
রগ্‌	শিরা-উপশিরা	ফাঃ রগ	
রেন্‌দা	রেঁদা	ফাঃ রন্দ	

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎসমূল আরবি-ফারসি	মন্তব্য
রেচ্‌কি	খুচরা	ফাঃ রেজ্‌গী	'জ' > 'চ'
লুচ্‌চা	গালি বিশেষ	ফাঃ লুচ্চা	
লালোচ্‌	লোভ	ফাঃ লালচ	
ল্যাপ্‌	লেপ	আঃ লিহা'ফ	'হ' ধ্বনি লোপ
শান্‌কি	গামলা	আঃ সহনক + ই (ক্ষুদ্রার্থে)	
শির‍্যা	রস	ফাঃ সোর্‌বা	
শিন্যা	বুক/বুকের ছাতি	ফাঃ সীন্‌হ্‌	
শা'ক্‌র‍্যাত্‌	চেলা/শিষ্য	ফাঃ শার্গির্দ	
শক্‌	আগ্রহ	আঃ শৌক	
শেন্‌দুক্‌	সিন্দুক	ফাঃ সন্দুক	
হাওলাত্‌	ধার	আঃ হাৱালাৎ	
হিল্‌ল্যা	গতি/ব্যবস্থা	আঃ হীলা	ব্যঞ্জনধ্বনির দ্বিত্ব
হুজ্‌জুতি	গায়ের জোর দেখান/কলহ	আঃ হুজজত + ই (প্রঃ)	
হোঁকা	হুঁকো	আঃ হুক্‌কা	ব্যঞ্জন লোপ

৩.২.২ ইংরেজি শব্দ ঃ

এই উপভাষায় ইংরেজি ভাষা থেকে গৃহীত শব্দগুলো এসেছে চলিত বাংলার মাধ্যমেই। অনেক ক্ষেত্রে এই শব্দগুলোর উচ্চারণ চলিত বাংলার মতোই রয়েছে। আবার কিছু ক্ষেত্রে এই শব্দাবলির উচ্চারণ আলাদা রূপ ধারণ করেছে। যেমন 'ইচ্‌কুরুপ্‌' (Screw), 'এপিট্‌ওপিট্‌' (Affidavit) প্রভৃতি। তবে এই শব্দগুলো উচ্চারণের অধিকাংশ ক্ষেত্রে উপভাষার নিজস্ব উচ্চারণভঙ্গি অনুসৃত হয়। ইংরেজি শব্দাবলি উচ্চারণের ক্ষেত্রে ১. মধ্যবর্তী 'র' বা 'রেফ' লুপ্ত হয়েছে (শাট্‌, চাচ্‌, টেন্‌), ২. অন্ত্য ব্যঞ্জনধ্বনি লোপ পেয়েছে (বল্‌, কারেন্‌, টেশ্‌), ৩. 'অ্যা' স্বরধ্বনির উচ্চারণ প্রবণতা রয়েছে (চিয়্যার্‌, হোট্যাল্‌), ৪. আদি 'স' ধ্বনি 'ছ' ধ্বনিতে রূপান্তরিত হয়েছে (ছার্‌কেচ্‌, ছিগ্যারেট্‌, ছাইকেল্‌)। সর্বোপরি সবক্ষেত্রে উচ্চারণ সরলীকরণের একটা প্রবণতা পরিলক্ষিত হয়।

ক্ষেত্রসমীক্ষায় দেখা গেছে যে, গ্রামাঞ্চলে পরিবহণ, বিদ্যুৎ, কলকবজা, কলকারখানা, চিকিৎসা ও কৃষি সম্পর্কিত বিষয়ের ক্ষেত্রে ইংরেজি শব্দের প্রয়োগ অধিক। যোগাযোগ ব্যবস্থার

উন্নতি, অফিস-আদালত স্থাপন, কৃষি ব্যবস্থার আধুনিকীকরণ, স্বাস্থ্য পরিষেবার উন্নয়ন প্রভৃতি কারণে প্রচুর ইংরেজি শব্দ গ্রামীণ জনসাধারণের মধ্যেও ব্যবহার হতে দেখা যাচ্ছে।

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎসমূল ইংরেজি	মন্তব্য
অপোর্‌শান্‌	অপারেশন	Operation	
অপিশ্‌	অফিস	Office	'ফ' > 'প'
অয়্যাল্‌লেচ্‌	ওয়্যারলেশ	Wireless	'শ' > 'চ'
অ্যাক্‌ছিডেন্‌	অ্যাকসিডেন্ট	Accident	অন্ত্য 'ট' লোপ
অ্যাছিট্‌	অ্যাসিড	Acid	'স' > 'ছ'
অ্যালোপোতি	এলোপ্যাথি	Allopathy	'থ' > 'ত'
আট্‌	আর্ট	Art	'র' লোপ
ইচ্‌কুরুপ্‌	স্ক্রু	Screw	অন্ত্যব্যঞ্জনাগম
ইচ্‌টক্‌	স্টক	Stock	
ইচ্‌টাইল্‌	স্টাইল	Style	
ইচ্‌কুল্‌/ইচ্‌কোল্‌	স্কুল	School	
ইন্‌ড্যাক্‌শান্‌	ইঞ্জেকশন	Injection	'জ' > 'ড'
ইলেক্‌টিক্‌/এলেক্‌টিক্‌	ইলেকট্রিক	Electric	'র' ফলা লোপ
এচ্‌পেরে	স্প্রে	Spray	
এপিট্‌ওপিট্‌	এফিডেবিট	Affidavit	'ফ' > 'প'
ওয়ারেন্‌	ওয়ারেন্ট	Warrant	
কাট্‌/কাড্‌	কার্ড	Card	'র' লোপ
কেচ্‌	কেস্‌	Case	'স' > 'চ'
কারেন্‌	কারেন্ট	Current	অন্ত্য 'ট' লোপ
ক্যাম্‌	ক্যাম্প	Camp	অন্ত্য 'প' লোপ
কেলাশ্‌	ক্লাস	Class	
কন্‌টোল্‌	কন্ট্রোল	Control	'র' ফলা লোপ
গাট্‌/গাড্‌	গার্ড	Guard	'র' লোপ
গেলাশ্‌/গিল্যাশ্‌	গ্লাস	Glass	
গোন্‌জি	গেঞ্জি	Guernsey	

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎসমূল ইংরেজি	মন্তব্য
চুনু	স্নো	Snow	
চাচ্/চাজ্	চার্জ	Charge	'র' লোপ
চিয়্যার্মেন্	চেয়ারম্যান	Chairman	
ছিন্যামা	সিনেমা	Cinema	'স' > 'ছ'
ছাইকেল্	সাইকেল	Cycle	'স' > 'ছ'
ছার্কেচ্	সার্কাস	Circus	'স' > 'ছ', 'স' > 'চ'
ছার্জেন্	সার্জন	Surgeon	'স' > 'ছ'
ছিগ্যারেট্	সিগারেট	Cigarette	'স' > 'ছ'
ছেকেন্	সেকেণ্ড	Second	'ড' লোপ
ছার্টিপিট্	সার্টিফিকেট	Certificate	
ছ্যালো	শ্যালো	Shallow	
টেন্	ট্রেন	Train	'র' ফলা লোপ
টাক্টার্	ট্রাক্টর	Tractor	
টিট্মেন্	ট্রিটমেন্ট	Treatment	'র' ফলা লোপ
টেলিং	ট্রেনিং	Training	'ন' > 'ল'
টেশ্	টেস্ট	Test/Taste	অন্ত্য 'ট' লোপ
টিবি	টিভি	TV	'ভ' > 'ব'
টুল্	ছোটো চৌকি বিশেষ	Stool	
টাং	ট্রাঙ্ক	Trunk	অন্ত্য 'ক' লোপ
টিবল্	টিউবওয়েল	Tubewell	ধ্বনি লোপ
ডোচ্	ডোজ	Dose	'জ' > 'চ'
ডেন্	ড্রেন	Drain	
ডাম্	ড্রাম	Drum	
ডয়্যার্	ড্রয়ার	Drawer	
ডেচ্	ড্রেস	Dress	'র' ফলা লোপ, 'স' > 'চ'
ডজেন্	ডজন	Dozen	
ডিপ্টিকল্	গভীর নলকূপ	Deep-tube-well	
ডিগ্রি	ডিক্রি	Decree	'ক' > 'গ'

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎসমূল ইংরেজি	মন্তব্য
তির্‌পল্‌	ত্রিপল	Tarpaulin	অন্ত্য 'ন' লোপ
থার্‌মেন্‌টার্‌	থার্মোমিটার	Thermometer	
দাক্‌তার্‌	ডাক্তার	Doctor	'ড' > 'দ'
নাম্‌বার্‌	নম্বর	Number	
নন্‌টোন্‌/লন্‌টোন্‌	লণ্ঠন	Lantern	
নজেন্‌/লজেন্‌	লজেনচুস	Lozenges	অন্ত্য 'স' লোপ
পাশ্‌ফোট্‌	পাসপোর্ট	Passport	'প' > 'ফ'
পেন্‌/প্যান্‌	প্যান্ট	Pantaloons	
প্যাটেল্‌/পেট্‌টুল্‌	প্যাডেল	Paddle	'ড' > 'ট', ব্যঞ্জনাগম
পেশার্‌	প্রেশার	Pressure	
পেট্‌টুল্‌	পেট্রল	Petrol	সমীভবন
পোটোম্যান্‌	টিনের বাক্স	Portmanteau	
পাইচ্‌	প্রাইজ	Prize	
পাডার্‌	পাউডার	Powder	
ফগ্‌	ফ্রক	Frock	'ক' > 'গ'
ফিরি	ফ্রি	Free	
ফেম্‌	ফ্রেম	Frame	
বল্‌	বাল্ব	Bulb	অন্ত্যব্যঞ্জন লোপ
বাচ্‌	বাস	Bus	'স' > 'চ'
বাশ্‌কো	বাক্স	Box	
বিরিচ্‌	ব্রিজ	Bridge	
বেলাউচ্‌	ব্লাউজ	Blouse	
বাল্‌লিক্‌	বার্লি	Barley	সমীভবন, ব্যঞ্জনাগম
মক্‌	মগ	Mug	'গ' > 'ক'
মেশিং	মেশিন	Machine	'ন' > 'ং'
রেশ্‌টারি	রেজিস্ট্রি	Registry	
রিপুজি	রিফিউজি	Refugee	'ফ' > 'প'
লম্‌পো	ল্যাম্প	Lamp	

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎসমূল ইংরেজি	মন্তব্য
লাইচেন্	লাইসেন্স	Licence	অন্ত্য 'স' লোপ
শাট্	শার্ট	Shirt	'র' লোপ
শিয়্যার্	শেয়ার	Share	
হুমাপোতি	হোমিওপ্যাথি	Homeopathy	
হুন্ডা/হুন্ড্যা	হোন্ডা	Honda	
হোট্যাল্	হোটেল	Hotel	

৩.২.৩ পোর্তুগিজ শব্দ ঃ

চলিত বাংলার মাধ্যমেই পোর্তুগিজ উৎসজাত শব্দাবলি এই উপভাষায় প্রবেশ লাভ করেছে। তাই দু-একটি ছাড়া প্রায় সবগুলো শব্দের সঙ্গেই চলিত বাংলায় প্রচলিত রূপের কিছুটা মিল রয়েছে। আবার সামান্য হলেও প্রামাণ্য বাংলা থেকে উচ্চারণের ক্ষেত্রে কিছুটা স্বতন্ত্রতা রয়েছে। আর এই স্বতন্ত্রতা এসেছে ধ্বনিতাত্ত্বিক কিছুকিছু পরিবর্তনের ফলে। তবে ক্ষেত্রসমীক্ষায় দেখা গেছে যে, শব্দগুলো উচ্চারিত হয় উপভাষার নিজস্ব ভঙ্গিতে। এক্ষেত্রে 'অ্যা' স্বরের উপস্থিতি, অপিনিহিতির মতো স্বরাগম, 'স' ধ্বনি 'চ' বা 'ছ' ধ্বনিতে রূপান্তর প্রভৃতি উচ্চারণ বৈশিষ্ট্য পরিলক্ষিত হয়।

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎসমূল পোর্তুগিজ	মন্তব্য
আয়্যা	আয়া	Aya	
ইচ্তিরি	ইস্ত্রি	Estirar	'স' > 'চ'
ইচ্পাত্/ইশ্পাদ্	ইস্পাত	Espada	
কোপি	কপি	Couve	
তোঁয়াল্যা	তোয়ালে	Toalha	
পিঁপ্যা	পেঁপে	Papaya	
পিয়্যারা	পেয়ারা	Pera	'অ্যা' ধ্বনির আগম
পেঁরাক্	পেরেক	Prego	
পিচ্তোল্	পিস্তল	Pistola	'স' > 'চ'

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎসমূল পোর্তুগিজ	মন্তব্য
পিপ্যা	পিপা	Pipa	
ফিত্যা	ফিতা	Fita	'ট' > 'ত'
বাল্‌টি	বালতি	Balde	'ড' > 'ট'
বয়্যাম্‌/বয়ম্‌	বয়েম	Boiao	
বুতো'ল্‌/বুতোল্‌	বোতল	Botelha	
বুতাম্‌	বোতাম	Botao	
বোম্‌বাঁ'ট্যা	বোম্বেটে	Bombardeiro	
মোচ্‌তুল্‌	মাস্তুল	Mastro	'স' > 'চ'
মিচ্‌তিরি	মিস্ত্রি	Mestre	'স' > 'চ', অন্ত্যস্বরাগম

৩.২.৪ তুর্কি শব্দ ঃ

এই উপভাষায় তুর্কি উৎসজাত শব্দের সংখ্যা খুবই সামান্য। আর এই শব্দগুলোর সঙ্গে চলিত বাংলায় ব্যবহৃত তুর্কি ভাষা থেকে আগত শব্দগুলোর রূপের মিল রয়েছে। তবে এখানেও কিছু ধ্বনিতাত্ত্বিক পরিবর্তন পরিলক্ষিত হয়। উপভাষার নিজস্ব উচ্চারণভঙ্গিতেই এই শব্দগুলো উচ্চারিত হতে দেখা যায়। উচ্চারণের ক্ষেত্রে 'অ্যা' ধ্বনির ব্যবহার, অপিনিহিতির মতো স্বরাগম প্রভৃতি ধ্বনিতাত্ত্বিক পরিবর্তন লক্ষ করা যায়।

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎসমূল তুর্কি	মন্তব্য
উচ্‌বুক্‌	উজবুক	উজ-বেক	'জ'>'চ', 'এ' >'উ'
উদ্‌দু	উর্দু	ৱর্দু	সমীভবন
কো'ল্‌ক্যা	কলকে	কলগী	'গ' > 'ক'
কেচি	কাঁচি	কইন্‌চি	ধ্বনি লোপ
চক্‌মোক্যা	চকমক	চক্‌মক্‌	'অ্যা' ধ্বনির আগম
বারোত্‌/বারুত্‌	বারুদ	বারুত্‌	
বোচ্‌কা/বোক্‌চা	বোঁচকা	বুকচা	ধ্বনিবিপর্যয়

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎসমূল তুর্কি	মন্তব্য
কো'ন্চ্যা/কানা'চ্	ছাঁচতলা	কা'নাত্	'ত' > 'চ'
কোম্মা	কোর্মা	কোর্মা	সমীভবন

৩.২.৫ অন্যান্য রূপমূল ঃ

ক্ষেত্রসমীক্ষায় দেখা গেছে যে, উপরোক্ত রূপমূল ছাড়াও আরও কিছু রূপমূল বা ভাষার শব্দাবলি এই উপভাষায় ব্যবহৃত হয়। বলাবাহুল্য এই শব্দগুলো চলিত বাংলার মাধ্যমেই এখানে প্রবেশ করেছে। এগুলোর মধ্যে অনেকগুলোর উচ্চারণ চলিত বাংলার অনুরূপ। আবার কতকগুলোর উচ্চারণে এসেছে আঞ্চলিক বৈশিষ্ট্য অনুসারে কিছু কিছু রূপান্তর। নিচে অন্যান্য রূপমূল থেকে আগত শব্দাবলির একটা তালিকা তুলে ধরা হল।

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎসমূল	মন্তব্য
রিক্শ্যা/রিশ্ক্যা	রিকশা	জাপানি — জিন্রিক্শা (Jin-Rickshaw)	
রুইতোন্/উইতোন্	রুইতন	ওলন্দাজ — Ruiten	
রিশ্ক্যাবোন্/ ইশ্ক্যাবোন্	ইস্কাপন	ওলন্দাজ — Schopen	
হর্তোন্	হরতন	ওলন্দাজ — Harten	
কার্তুচ্	কার্তুজ	ফরাসি — Cartouche	
লুংগি	লুঙ্গি	বর্মি — লুন্গ্গি	'গ' ধ্বনি লোপ
ঘুংরু	ঘুঙুর	মারাঠি — ঘুংগুর	
হোত্তাল্	হরতাল	গুজরাটি — হরতাল	
শুরুংগো	সুড়ঙ্গ	গ্রিক — Syrinx	
তামুক্	তামাক	স্পেনীয় — Tabaco	

৪. মিশ্র শব্দ ঃ

এই উপভাষাতেও চলিত বাংলার মতো মিশ্র শব্দের ব্যবহার পরিলক্ষিত হয়। এক্ষেত্রে মিশ্র শব্দগুলো গঠিত হয় এক শ্রেণির শব্দের সঙ্গে অন্য শ্রেণির শব্দের সংযোগে অথবা এক ভাষার শব্দ বা ধাতুর সঙ্গে অন্য ভাষার প্রত্যয়, উপসর্গ প্রভৃতি যোগ করে। অধিকাংশ ক্ষেত্রেই

এই মিশ্র শব্দগুলো উপভাষার নিজস্ব ভঙ্গিতে উচ্চারিত হয়। আবার কখনো-কখনো এই শব্দগুলো চলিত বাংলার মতোই উচ্চারিত হয়। প্রসঙ্গত উল্লেখ্য যে, এই উপভাষায় যে সমস্ত মিশ্র শব্দ ব্যবহৃত হয় তার মধ্যে চলিত বাংলায় প্রচলিত মিশ্র শব্দগুলোও রয়েছে। কেবলমাত্র এই উপভাষার নিজস্ব এবং স্বতন্ত্রভাবে উচ্চারিত মিশ্র শব্দগুলোর পরিচয় নিচে দেওয়া হল।

ক. **বাংলা + আরবি-ফারসি —**

খিঁচ্ (সং কচ্চর > কিচর) + ফাঃ খানা = খিঁচ্খানা (নোংরা জায়গা)

গাড়ি (সং গন্ত্রী) + আঃ আলা = গাড়িয়ালা > গার‍্যাল্ (গাড়িচালক)

ছুট্টু + তরোপ্ (আঃ তর্ফ) = ছুট্টুতরোপ্ (ছোটো শরিক)

খ. **বাংলা + হিন্দি —**

অ্যাক্ (< এক) + চিম্ট্যা (হিঃ চিম্টা) = অ্যাক্চিম্ট্যা (সামান্য)

উট্কা + ঝামেলা = উট্কাঝামেলা (হঠাৎ বিপদ)

প্যাট্ (< পেট) + ফেলান্ (হিঃ ফেকা) = প্যাট্ফেলান্ (গর্ভপাত করা)

গ. **বাংলা + অজ্ঞাতমূল —**

খাই + দাদোর‍্যা = খাইদাদোর‍্যা (পেটুক)

আদ্ (সং অর্ধ) + খেঁচ্রা = আদ্খেঁচরা (অর্ধেক সম্পন্ন)

ত্যা (সং ত্রি) + কোল্লা = ত্যাকোল্লা (মহা ঝগড়াটে, পেঁচুক)

ঘ. **অজ্ঞাতমূল + বাংলা —**

কা'শ্ট্যা + মুকা (মুখো) = কা'শ্ট্যামুকা (বিস্বাদবদন)

মা'জ্ + পাতা = মা'জ্পাতা (কচিপাতা)

দাঁরোক্ + দোরি (< দড়া) = দাঁরোক্দোরি (গবাদি পশু বাঁধার লম্বা রশি)

ঙ. **হিন্দি + বাংলা —**

ভাচ্তি + জাঁওই (জামাই) = ভাচ্তিজাঁওই (ভাইঝি-জামাই)

কাইয়্যা + চোকি (< চোখ + ই) = কাইয়্যাচোকি (কাকের মতো তীক্ষ্ণ দৃষ্টিসম্পন্না)

ছাপ্রা + ঘর্ = ছাপ্রাঘর্ (সমতল চালযুক্ত ঘর)

চ. আরবি-ফারসি + বাংলা —

তামান্ (আঃ তামাম্) + দিন্ = তামান্দিন্ (সারাদিন)

মায়না (ফাঃ মাহ্আনহ্) + পত্রো (<পত্র) = মায়নাপত্রো (মাইনেপত্র)

বোচ্তা (ফাঃ বশ্তা) + পোচা (< পচা) = বোচ্তাপোচা (বস্তাপচা)

ছ. হিন্দি + আরবি-ফারসি —

গুদ্রি (গুদড়ী) + মাল্ (আঃ) = গুদ্রিমাল্ (ভাঙাচোরা জিনিস)

ঘার্তি (< ঘাটি) + তোবিল্ (আঃ তহ্বীল) = ঘার্তিতোবিল্ (ঘাটতি তহবিল)

আদ্লা (< অন্ধেলা) + মরোদ্ (ফাঃ মর্দ্) = আদ্লামরোদ্ (অকর্মাপুরুষ)

জ. আরবি-ফারসি + হিন্দি —

উজোন্ (আঃ ৱজন্) + ঘাটা (< ঘাটি) = উজোন্ঘাটা (ওজন কমতি/কমতি ওজন)

নগোত্ (আঃ নক্দ্) + ধান্দা (< ধন্ধা) = নগোত্ ধান্দা (সোজা চেষ্টা)

দানা (ফাঃ) + পানি (হিঃ) = দানাপানি (খাবারদাবার)

ঝ. ইংরেজি + বাংলা —

রিপুজি (Refugee) + পারা = রিপুজিপারা (রিফিউজিপাড়া)

বাচ্ (Bus) + গুলা = বাচ্গুলা (বাসগুলো)

টেশ্ (Test) + পোরিক্ক্যা = টেশ্পোরিক্ক্যা (টেস্ট পরীক্ষা)

ঞ. ইংরেজি + বাংলা প্রত্যয় —

মাশ্টার্ (Master) + ই = মাশ্টারি (মাস্টারি)

দাক্তার্ (Doctor) + ই = দাক্তারি (ডাক্তারি)

ট. ইংরেজি + আরবি-ফারসি —

হেট্ (Head) + মুলোবি (আঃ মৌলবী) = হেট্মুলোবি (হেডমৌলোবি)

দাক্তার্ (Doctor) + বাবু (ফাঃ) = দাক্তার্বাবু (ডাক্তারবাবু)

পুলিশ্ (Police) + শায়েব্ (আঃ সাহিব) = পুলিশ্শায়েব্ (পুলিশসাহেব)

ঠ. **আরবি-ফারসি + ইংরেজি —**

ব্যা (ফাঃ বে)+ টাইম্ (Time) = ব্যাটাইম্ (বেটাইম)

দেদার্ (ফাঃ দীদার্) + ছেল্ (Sell) = দেদার্ছেল্ (প্রচুর বিক্রয়)

উকিল্ (আঃ ৱকীল) + ব্যারেশ্টার্ (Barrister) = উকিল্ব্যারেশ্টার্ (উকিল ব্যারিস্টার)

এগুলো ছাড়াও আরও বেশ কিছু মিশ্র শব্দ এই উপভাষায় ব্যবহার হতে দেখা যায়। সেগুলোর একটা তালিকা নিচে দেওয়া হল।

ব্যা (ফাঃ বে) + আদোপ্ (আঃ আদব্) = ব্যাদোপ্ (বেয়াদব)

ব্যা (ফাঃ বে) + বন্দোবচ্তো (ফাঃ বন্দ্-ও-বস্ত্) = ব্যাবন্দোবচ্তো (বেবন্দোবস্ত)

ফুল্ (ইং Full) + হাতা = ফুল্হাতা

ফুল্ (ইং Full) + বাবু (ফাঃ) = ফুল্বাবু

হাপ্ (ইং Half) + হাতা = হাপ্হাতা (হাফহাতা)

হাপ্ (ইং Half) + শাট্ = হাপ্শাট্ (হাফশার্ট)

বাজার্ (ফাঃ) + অ্যা (< এ < ইয়া প্রত্যয়) = বাজার‍্যা (বাজারে)

জবোর্ (আঃ যবর্) + দকোল্ (আঃ দখ্ল) = জবোর্দকোল্ (জবরদখল)

আদার্ (অজ্ঞাতমূল) + জুংগোল্ (জঙ্গল) = আদার্জুংগোল্ (ঝোপঝাড়)

ঘার‍্যা (অজ্ঞাতমূল) + মাচ্ (মাছ) = ঘার‍্যামাচ্ (চ্যাংমাছ)

জোক্মা (অজ্ঞাতমূল) + ঘাত্যা (অজ্ঞাতমূল) = জোক্মাঘাত্যা (প্রচণ্ড অলস)

থাঁরি (অজ্ঞাতমূল) + মাগি = থাঁরিমাগি (যথেষ্ট বড়ো মেয়ে)

চ্যাট্ (অজ্ঞাতমূল) + মার্কা (< ইং Mark) = চ্যাট্মার্কা (বাজে অর্থে গালি বিশেষ)

গুল্লা (< হিঃ গুল্লা) + পাক্ (< পাকা) = গুল্লাপাক্ (গোড়ালিপাকা রোগ বিশেষ)

ঘাগু (< হিঃ ঘাঘ) + মাল্ (< আঃ) = ঘাগুমাল্ (চালাকচতুর ব্যক্তি)

মাপ্ + জোঁক্ (< হিঃ জোখনা) = মাপ্জোঁক্ (পরিমাপ, হিসেব)

ধিংগি (< হিঃ ধিঙ্গ) + মিঁয়্যা (< মেয়ে)/মাগি = ধিংগিমিঁয়্যা/ধিংগিমাগি
(যথেষ্ট বড়ো মেয়ে—গালি অর্থে)

মাজা + কমোর্ (ফাঃ কমর্) = মাজাকমোর্ (মাজাকোমর)

ল্যাপ্ (< আঃ লিহা'ফ) + তুশুক্ (< ফাঃ তোশক) = ল্যাপ্তুশুক্ (লেপতোশক)

বিচ্ন্যা (< হিঃ বিস্তারা) + খেঁতা (< কাঁথা) = বিচ্ন্যাখেঁতা (বিছানাকাঁথা)

জামা (< ফাঃ জমহ্) + পির‍্যান্ (< ফাঃ পৈরাহান্) = জামাপির‍্যান্ (জামাকাপড়)

চুনু (< ইং **Snow**) + পাডার্ (< ইং Powder) = চুনুপাডার্ (স্নোপাউডার)

শক্ (< আঃ শৌক) + আল্লাদ্ (< আহ্লাদ) = শক্-আল্লাদ্ (শখ-আহ্লাদ)

হোঁকা (< আঃ হুক্কা) + কো'ল্ক্যা (< তুরঃ কলগী) = হোঁকাকো'ল্ক্যা (হুঁকাকলকে)

কোম্মা (< তুরঃ কোর্মা) + পোলা (< ফাঃ পলাও) = কোম্মাপোলা (কোর্মাপোলাও)

গাবিন্ (< সং গর্ভিণী) + শাট্ (< ইং Shirt) = গাবিন্শাট্ (কলারযুক্ত পাঞ্জাবি)

৫. নিজস্ব শব্দ বা উপভাষার আঞ্চলিক রূপমূল ঃ

উপরে উল্লিখিত বিভিন্ন শ্রেণির শব্দাবলি ছাড়াও এই উপভাষায় আরও কিছু শব্দ পাওয়া যায় — যেগুলোকে আঞ্চলিক শব্দ বলে অভিহিত করা যেতে পারে। অর্থাৎ এই শব্দগুলো উপভাষার নিজস্ব উচ্চারণ ভঙ্গিতে উচ্চারিত শব্দ। তাই এই শব্দাবলিকে উপভাষার নিজস্ব শব্দও বলা যেতে পারে। চলিত বাংলায় এ ধরনের শব্দ সচরাচর ব্যবহৃত হতে দেখা যায় না। অবশ্য উৎস ও ব্যুৎপত্তিগত দিক থেকে এই সমস্ত শব্দ দেশি, বিদেশি, আগন্তুক বা তদ্ভব, এমনকি তৎসম বংশোদ্ভূতও হতে পারে।

এখানে উপভাষার নিজস্ব শব্দসমূহকে বিভিন্ন শিরোনামে **(Table)** তুলে ধরার চেষ্টা করা হল। এই সমস্ত তালিকার মাধ্যমে চলন বিল অঞ্চল থেকে অভিবাসিত জনগণ দৈনন্দিন জীবনে কী ধরনের শব্দ ব্যবহার করে থাকেন, তার পূর্ণাঙ্গ পরিচয় পাওয়া যাবে বলে মনে হয়। তালিকায় শব্দগুলোর উৎস নির্দেশ করা হল। কারণ এর থেকে ধরা পড়বে এই উপভাষাভাষী জনগণের বিভিন্ন উৎসজাত শব্দ ব্যবহারের প্রবণতা।[৯]

৫.১ পারিবারিক ও সামাজিক সম্পর্ক নির্দেশক শব্দ ঃ

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস
বাপ্	বাবা	সং বপ্র > প্রাঃ বপ্প > বাপ
বাবা	বাবা	সং বপ্র > প্রাঃ বপ্প > বাবা
মা	মা	সং মাতা > প্রাঃ মাআ > মা
বেটা/ব্যাটা	ছেলে	সং পুত্র > প্রাঃ বিট্ট > বেটা/সং বটু (= বালক) > বেটা
বিটি	মেয়ে	বেটা + ঈ (স্ত্রী প্রত্যয়)
মিঁয়্যা	মেয়ে	সং মাতৃকা > মাইয়া > মেয়ে > মিঁয়্যা
ছাওয়াল্/ছায়াল্	ছেলে	পালি — ছাব বা সং শাবক > ছাওয়াল

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস
ভাই	ভাই	সং ভ্রাতৃ > প্রাঃ ভাই
বো'ন্/বু'ন্	বোন	সং ভগিনী > প্রাঃ বহিনী > বোন
দা/দাদা	দাদা	সং তাত > প্রাঃ তাদ > দাদা > দা
বোদি	বৌদি	সং বধূ > প্রাঃ বহু > বৌ > বো + দি
ভোগ্নিপোতি	ভগ্নীপতি	সং ভগিনীপতি
কাকা	কাকা	ফাঃ কাকা
কাকি/কাকিমা	কাকি	ফাঃ কাকা + ঈ (স্ত্রী প্রত্যয়), কাকি + মা (< সং মাতৃ বা অম্বা)
ছুট্টুমা	কাকি	সং ক্ষুদ্র > ছোট > ছুট্টু + মা
জেটা	জেঠা	সং জ্যেষ্ঠতাত
জেটিমা	জেঠিমা	সং জ্যেষ্ঠতাত > জেঠা > জেটা + ইমা
বরোমা	জেঠিমা	সং বড্র > বড় > বরো + মা
ভা'চ্ত্যা	ভাইপো	হিঃ ভাতিজা
ভাচ্তি	ভাইঝি	হিঃ ভাতিজা + ঈ (স্ত্রী প্রত্যয়)
ভাইপুত্	ভাতুষ্পুত্র	সং ভ্রাতৃ > ভাই + পুত (সং পুত্র)
ভাইজি	ভাতুষ্পুত্রী	সং ভ্রাতৃ > ভাই + জি (< ঝি < সং দুহিতা)
ভা'চ্ত্যাবো	ভাইপোবউ	হিঃ ভাতিজা > ভা'চ্ত্যা + বো (< সং বধূ)
ভাচ্তিজাঁওই	ভাইঝিজামাই	হিঃ ভাতিজা > ভা'চ্ত্যা + ঈ + জাঁওই (< সং জামাতৃ)
পিশি	পিসি	সং পিতৃষ্বসৃ
পিশ্যা	পিসে	সং পিতৃষ্বসৃ > পিসি + অ্যা
পিচ্ত্যাতো ভাই	পিসতুতো ভাই	সং পিতৃষ্বসৃ > পিশি + ত্যাতো (তুত)
পিচ্ত্যাতো বো'ন্	পিসির মেয়ে	
মামা	মামা	সং মামক > মামা
মামি	মামি	সং মামক > মামা + ঈ (স্ত্রী প্রত্যয়)
ভা'গ্ন্যা	ভাগ্নে	সং ভাগিনেয় > ভাগিনা > ভা'গ্ন্যা
ভাগ্নি	ভাগ্নি	সং ভাগিনেয় > ভাগিনা + ঈ (স্ত্রী প্রত্যয়)
ভা'গ্ন্যাবো	ভাগ্নেবউ	সং ভাগিনেয় > ভা'গ্ন্যা + বো (< সং বধূ)
ভাগ্নিজাঁওই	ভাগ্নিজামাই	সং ভাগিনেয় > ভাগিন + ঈ + জাঁওই (< সং জামাতৃ)

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস
মাশি	মাসি	সং মাতৃষ্বসৃ
মাশ্যা	মেসো	সং মাতৃষ্বসৃ > মাসি + অ্যা (< ও < উয়া)
মা'চ্ত্যাতো ভাই	মাসতুত ভাই	সং মাতৃষ্বসৃ > মাসি + ত্যাতো (< তুত)
মা'চ্ত্যাতো বো'ন্	মাসতুত বোন	
শোশুর্	শ্বশুর	সং শ্বশুর
শোউরি	শাশুড়ি	সং শ্বশ্রূ > শাশুড়ী > শোউরি
বো	বউ	সং বধূ > বউ > বো
বোমা	বউমা	সং বধূ > বউ > বো + মা (< সং মাতা)
জাঁওই	জামাই	সং জামাতৃ/জামাতা > জামাই > জাঁওই
শমোন্দি	সম্বন্ধী/শ্যালক	সং সম্বন্ধী
শালি	শালি	সং শ্যালিকা
শালা	শ্যালক	সং শ্যালক
জেশোশ্	জ্যেষ্ঠ শালি	সং জ্যেষ্ঠ শ্যালিকা > জেশোশ্ (সম্ভবত)
ভায়রা	ভায়রা	সং ভ্রাতৃ > ভায়র > ভায়রা
ননোদ্	ননদ	সং ননন্দৃ
নো'ন্দ্যাজাঁওই/ নো'ন্দ্যাজামাই	নন্দাই	সং ননন্দৃ > ননোদ্ + জাঁওই (< সং জামাতৃ)
ভাশুর্	ভাশুর	সং ভ্রাতৃশ্বশুর > প্রাঃ ভাইস্সুর > ভাশুর
জা	জা	সং জায়া > জা
ভাইবো	ভাইবউ	সং ভ্রাতৃ > ভাই + বো (< সং বধূ)
দ্যাওর্	দেওর	সং দেবর > প্রাঃ দেঅর > দেওর
দাদু	ঠাকুরদা/দাদু	সং তাত > প্রাঃ তাদ > দাদা + উ
কোত্তা	ঠাকুরমা	সং কর্তা
দিদিমা	দিদিমা	দেশি দিদি + মা (< সং মাতা)
নাতি	নাতি	সং নপ্তৃক > নত্তিঅ + নাতি
নাতিন্	নাতনি	সং নপ্তৃক > নাতি + ইন (স্ত্রী প্রত্যয়)
বিয়্যাই	বেয়াই	সং বৈবাহিক > প্রাঃ বেহাহিঅ > বেহাই > বেয়াই
বিয়্যান্	বেয়ান	সং বৈবাহিক > বিয়্যাই + অ্যান্

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস
তাওই	তাউই	সং তাতগু > তাউই > তাওই
মাওই	মাউই	সং মাতৃক > মাউঅ > মাওই
শত্/শোতালো	সৎ/সতিন সম্পর্কিত	সং সপত্নী > সৎ > শত্ + আলো
বোন্দু	বন্ধু	সং বন্ধু
শোত্রু/ শোত্তুর্	শত্রু	সং শত্রু
মিত্যা	মিতা	সং মিত্র > মিত্ত > মিত + অ্যা
মিতিন্/মিত্যান্	মিতার স্ত্রী	সং মিত্র > মিত্যা + ইন (স্ত্রী প্রত্যয়)
বোন্দ্যানি/বোন্দ্যান্	বন্ধুর স্ত্রী	সং বন্ধু > বোন্দু + আনি/অ্যান্
শোই	সই/সখী	সং সখী > সই > শোই
শয়্যা	সইয়ের বর	সং সখী > শোই + অ্যা
কুটুম্	আত্মীয়	সং কুটুম্ব
ভাতার্	স্বামী	সং ভর্তৃ/ভর্তা > প্রাঃ ভত্তার > ভাতার
বর্	বর/পাত্র	সং বর
কো'ন্ন্যা	কনে	সং কন্যা
শোয়ামি	স্বামী	সং স্বামী

৫.২ বয়স ও অবস্থার পরিপ্রেক্ষিতে মানুষের বিভিন্ন পরিচয়মূলক শব্দ ঃ

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস
কাঁচ্যা ছায়াল্	কচি শিশু	হিঃ কচ্চা > কাঁচ্যা + ছায়াল্ (< পালি. ছাব)
গেদা	শিশু পুত্র	হিঃ গেদা
গেদি	শিশু কন্যা	হিঃ গেদা + ঈ (স্ত্রী প্রত্যয়)
চেংরা	বালক	দেশিমূল
চেংরি	বালিকা	দেশিমূল
ছোঁরা	বালক	সং ছমণ্ড
ছুঁরি	বালিকা	সং ছমণ্ড + ঈ (স্ত্রী প্রত্যয়)

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস
শাবাল্‌লোক্	সাবালক	সা + বালিগ্ (আঃ), আঃ 'নাবালিগ্'-এর অনুকরণে
নায়েক্	তরুণ	আঃ লায়েক
হাত্‌নারু	হাতে হাতে সাহায্য করতে পারে এমন	সং হস্ত > হাত + নাড়া (< সং লাড্) + উ
জুয়ান্	জোয়ান	সং যুবন্/ফাঃ জৱান
মিঁয়্যামানুশ্	স্ত্রীলোক	সং মাতৃকা > মিঁয়্যা + মানুশ্ (< সং মনুষ্য)
মিঁয়্যাছায়াল্	স্ত্রীলোক	সং মাতৃকা > মিঁয়্যা + ছায়াল্ (< পালি. ছাব)
পোয়াতি	গর্ভবতী	সং পোতবতী (পোত = শিশু)
ছাল্যাপোয়াতি	নবজাত সন্তানের জননী	পালি. ছাব বা সং শাবক > ছাল্যা + পোয়াতি
আঁর‍্যাছায়াল্	আড়াই তিন বছরের শিশু	সং অণ্ড + এ > আঁর‍্যা + ছায়াল্ (<পালি. ছাব)
বুরা	বুড়া	সং বৃদ্ধ > প্রাঃ বুড্‌ঢ > বুড়া > বুরা
বুরি	বুড়ি	সং বৃদ্ধ > বুরা + ঈ (স্ত্রী প্রত্যয়)
বাঁজা	বাঁঝা	সং বন্ধ্যা > বংঝা > বাঁঝা
বাঁজি	বাঁঝি	সং বন্ধ্যা > বাঁজা + ঈ (স্ত্রী প্রত্যয়)
মানুশ্	মানুষ	সং মনুষ্য
গোংগা	বোবা	হিঃ গুংগা
বিদোবা/বিদ্‌ব্যা	বিধবা	সং বি + ধব + আ = বিধবা > বিদোবা

৫.৩ আরচণ, স্বভাব ও দৈহিক গঠনের পরিপ্রেক্ষিতে বিশেষণ পদ ঃ

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস
লালো'ন্‌চ্যা/ নালো'ন্‌চ্যা	লোভী	অজ্ঞাতমূল
কুঁর‍্যা	কুঁড়ে	দেশিমূল

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস
আ'ল্শ্যা	অলস	সং অলস + অ্যা
ঘাত্যা	অলস	অজ্ঞাতমূল
জোক্মা	ভীষণ অলস	ফাঃ জখম + আ
কালা	বধির	সং কল্ল
নেংরা	খোঁড়া	সং লঙ্গ > নেং + রা/হিঃ লঁগড়া
নেংরি	খোঁড়া (স্ত্রী)	সং লঙ্গ > নেং + রা = নেংরা + ঈ (স্ত্রী প্রত্যয়)
টেরা	ট্যারা	সং তির্যক
টেরি	ট্যারা (স্ত্রী)	সং তির্যক > টেরা + ঈ (স্ত্রী প্রত্যয়)
কুঁজা	বাঁকা গঠনের মানুষ	সং কুব্জ
কুঁজি	বাঁকা গঠনের মহিলা	সং কুব্জ > কুঁজা + ঈ (স্ত্রী প্রত্যয়)
চুঁ'চ্ল্যা	সূচালো	সং সূচি > চুঁ'চ্ + আল + অ্যা
ঘিন্যাই/ঘিন্যাহি	নোংরা স্বভাবের	সং ঘৃণা > ঘিনা + অ্যাই (হি)
আকাজ্যা	অকেজো	আ + কাজ (< সং কার্য) + অ্যা
কা'ম্ল্যা	কর্মঠ	সং কর্ম > কা'ম্ + ল্যা
আকা'ম্ল্যা	অকর্মঠ	আ + কা'ম্ল্যা (< সং কর্ম)
ভালো	ভালো	সং ভদ্রক > প্রাঃ ভল্লঅ > ভালো
মুন্দো	মন্দ	সং √মন্দ্ + অ
খারাপ্	খারাপ	আঃ খরাব
নোম্বা/ লোম্বা	লম্বা	সং লম্ব + আ
বাঁট্যা/বাঁ'ট্ক্যা	বেঁটে	সং বন্ঠ > বাঁট্যা, বাঁট্ + ক্যা
বাঁট্কি	বেঁটে (স্ত্রী)	সং বন্ঠ > বাঁট্ + কি
বুঁচি	চ্যাপটা নাক (স্ত্রী)	দেশিমূল বোঁচা + ঈ (স্ত্রী প্রত্যয়)
ঢেপ্শা	বেমানান মোটা	বাংলা টিপি + সা > ঢেপ্শা
ঢোশ্কা	কাজ করতে গিয়ে যে বারবার পড়ে যায়	অজ্ঞাতমূল

৫.৪ পুরুষবাচক সর্বনাম পদ ঃ

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস
আমি	আমি	সং অস্মদ্ > অহম্ > আমি
আম্‌রা	আমরা	সং অস্মদ্ > অহম্ > আমি + রা (বহুবচনের বিভক্তি)
আমার্	আমার	সং অস্মদীয়
তুমি	তুমি	সং ত্বম্
তোম্‌রা	তোমরা	সং ত্বম্ > তুমি + রা (বহুবচনের বিভক্তি)
তুই	তুই	সং ত্বম্
তুরা	তোরা	সং ত্বম্ > তুই + রা
আপ্‌নে	আপনি	সং আত্মন্ > প্রাচীন বাং আপুনি > আপনি
আপ্‌নেরা	আপনারা	সং আত্মন্ > আপ্‌নে + রা
উঁই	সে	সং অসৌ > উঁই
ওরা	তারা	সং অসৌ > ও + রা
অর্	ওর	সং অদস্
অক্	ওকে	সং অদস্

৫.৫ সম্বোধন পদ ঃ

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস
বা	প্রয়োগ নেই	ফাঃ বে > বা/ সং বপ্র > বাবা > বা
হে	হে	সং অরেরে > ওরে > হে, সং অহে > হে
রে	রে	অজ্ঞাতমূল
রো	প্রয়োগ নেই	অজ্ঞাতমূল
রি	প্রয়োগ নেই	অজ্ঞাতমূল
ওরে	ওরে	সং অরেরে > ওরে, সং অহে > ওরে
লো	লো	সং লো/শৌরসেনী — হলা
গো	গো	সং অঘোঃ > ওগো > গো

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস
ওগো	ওগো	সং অঘোঃ > ওগো
বা রে	প্রয়োগ নেই	ফাঃ বে > বা/ সং বপ্র > বাবা > বা এবং অজ্ঞাতমূল রে যুক্ত হয়ে

৫.৬ নির্দেশক সর্বনাম পদ ঃ

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস
এড্যা	এটি/ ইহা	সং এতদ্ > এ + ড্যা, ইদং > এ + ড্যা
এ'গ্ল্যা	এইগুলো	সং এতদ্কুল > এইগুলো > এ'গ্ল্যা
ওড্যা	ওটা	সং অসৌ > ও + ড্যা
ও'গ্ল্যা	ঐগুলো	সং অদস্কুল > ঐগুলো > ও'গ্ল্যা
কে	কে	সং কিম্
কয়ডা	কয়টি	সং কতি > কয় + ডা
একুন্	এখন	সং এতদ্ক্ষণ > এখন > একুন্
কোকুন্	কখন	বাং কোন + সং ক্ষণ > কখন > কোকুন্
কুন্বেলা	কোন সময়	বাং কোন বেলা > কুন্বেলা
উ বেলা	ও বেলা	বাং ঐ বেলা > উ বেলা
কুন্দিন্	কোনদিন	বাং কোনদিন > কুন্দিন (সং কঃপুনঃ দিবস)
কুন্টি/কুটি	কোথায়	বাং কোন ঠাঁই > কুন্টি, কুটি
এটি/ইটি	এখানে	বাং এই ঠাঁই > এটি, ইটি
ওটি/উটি	ওখানে	বাং ঐ ঠাঁই > ওটি, উটি
শেটি/শিটি	সেখানে	বাং সেই ঠাঁই > শেটি, শিটি
জেটি/জিটি	যেখানে	বাং যে ঠাঁই > জেটি, জিটি
শিদিন্	সেদিন	বাং সেই দিন > শিদিন্

৫.৭ অঙ্গপ্রত্যঙ্গ বিষয়ক শব্দ ঃ

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস
গা	দেহ	সং গাত্র
শোরিল্	শরীর	সং শরীর
গতোর্	শরীর	সং গাত্র > গত্তর > গতর
জান্	প্রাণ	ফাঃ জান
মাতা	মাথা	সং মস্তক > মত্থঅ > মাথা > মাতা
মুক্	মুখ	সং মুখ
চোক্	চোখ	সং চক্ষু
কোপাল্	কপাল	সং কপাল
চুল্	চুল	সং চূল
নাক্	নাক	সং নাসিকা
কান্	কান	সং কর্ণ
আত্তা	প্রাণ	সং আত্মা
পোরান্	প্রাণ	সং প্রাণ
মুন্ডু	মাথা	সং মুণ্ড
চোপা	মুখ	দেশিমূল
দাঁত্	দাঁত	সং দন্ত
জিব্যা	জিভ	সং জিহ্বা
টুঁটি	গলা	সং ত্রোটি/হিঃ টেঁটুয়া
গোলা	গলা	সং গল + আ > গলা > গোলা
গোর্দান্	ঘাড়	ফাঃ গর্দন্
ঘার্	ঘাড়	সং ঘাটা
কান্দ্	কাঁধ	সং স্কন্ধ
বুক্	বুক	সং বক্ষঃ/বুক্ক
শিন্যা	বুকের ছাতি	ফাঃ সীনহ্
হাত্	হাত	সং হস্ত
পা	পা	সং পদ

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস
ঠ্যাং	পা	সং টঙ্ক
জাং	জঙ্ঘা	সং জঙ্ঘা
হেঁটু/হাঁটু	হাঁটু	সং অষ্ঠীবৎ
কাঁকা'ল্/কাঁক্	কাঁখ	সং কক্ষাল > কাঁকাল > কাঁকা'ল্
দাঁরি	দাড়ি	সং দাঢ়িকা
মুঁচ্	মোচ	সং শ্মশ্রু > প্রাঃ মস্সু > মোচ
নোক্/ লোগ্	আঙুল	সং নখ
চারা	নখ	অজ্ঞাতমূল
কেন্যা/কেনি	নখের কোণ	সং কোণ + ই, কোণ + অ্যা
কোন্যা/কেন্যা	কনুই	সং কফোণি
তাল্যা	তালু	সং তালু
গুল্লা	গোড়ালি	হিঃ গুল্লা
মাজা	কোমর	সং মধ্য > প্রাঃ মজ্ঝ > মাজা
কমোর্	কোমর	ফাঃ কমর্
পাচা	নিতম্ব	সং পশ্চাৎ > প্রাঃ পচ্ছা > পাছা > পাচা
গোয়া	নিতম্ব	অজ্ঞাতমূল
নাই	নাভি	সং নাভি
পুট্কি	মলদ্বার	অজ্ঞাতমূল
কোপ্জি	কব্জি	আঃ কবজা + ই/বাং কবজা + ই
কো'ল্জ্যা	প্রাণ/কলজে	হিঃ কলেজা
মাট্যা	মেটে/যকৃত	দেশিমূল
রক্তো/অক্তো	রক্ত	সং রক্ত
মারি	মাড়ি	সং মাঢ়ী
মুশ্লা	দন্তমূলীয় মাংস প্রাচীর	অজ্ঞাতমূল
প্যাট্	পেট	দেশিমূল
হার্	হাড়	সং হড্ড
ফোঁপ্রা	ফুসফুস	হিঃ ফেপড়া

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস
পিট্	পিঠ	সং পৃষ্ঠ
চল্	চোয়াল	দেশিমূল
চিয়ারা/চিয়্যারা	চেহারা/আকৃতি	ফাঃ চেহ্‌রা
রগ্	শিরা-উপশিরা	ফাঃ রগ
দুদ্	স্তন	সং দুগ্ধ
মাই	স্তন	দেশিমূল
নার‍্যা	পাছার স্থুল মাংস পিণ্ড	অজ্ঞাতমূল
ঠুঁট্	ঠোঁট	সং ত্রোটি বা তুণ্ড > ঠোঁট > ঠুঁট্
টেংরি	পায়ের নিচু অংশ	সং টঙ্ক
কেনিলোগ্	কনিষ্ঠ আঙুল	সং যুবন বা অল্প + ইষ্ট > কনিষ্ঠ > কেনি + নখ
বুরালোগ্	বৃদ্ধাঙুল	সং বৃদ্ধ > বুড়া > বুরা + লোগ্ (< সং নখ)

৫.৮ বস্তুর রং নির্দেশক শব্দ ঃ

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস
ধোলা	সাদা	সং ধবল
শাদা	সাদা	ফাঃ সাদাহ্
কালো	কালো	সং কু + √অল্ + অ
লাল্/নাল্	লাল	ফাঃ লাল
নিল্	নীল	সং নীল
শোবুচ্	সবুজ	ফাঃ সব্‌জ
হোলুদ্/হো'ল্‌দ্যা	হলুদ	সং হরিদ্রা > প্রাঃ হলিদ্দা > হলুদ্ + অ্যা
খয়রি	খয়েরি	সং খদির
বেগুনি/বেগুন্যা	বেগুনি	সং বাতিঙ্গণ > বেগুনি + অ্যা
আকাশ্যা	আকাশি	সং আকাশ + অ্যা
কোম্‌লা	কমলা	সং কমল + আ

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস
কা'ল্‌চ্যা	কালচে	সং কু + √অল্‌ + অ + চ্যা
লা'ল্‌ট্যা/না'ল্‌ট্যা	হালকা লাল	ফাঃ লাল + ট্যা
নিল্‌ট্যা	হালকা নীল	সং নীল + ট্যা
শ্যাঁওলা	শ্যামলা	সং শ্যাম + ল + আ
কোলাপাতা	বিশেষ সবুজ	সং কদলী > কলা > কোলা + পাতা (< সং পত্র)
পিত্‌তি	পীতবর্ণ	সং পিত্ত
ফেশ্‌টা	হালকা/অনুজ্জ্বল	অজ্ঞাতমূল

৫.৯ বস্তুর আকৃতি বিষয়ক শব্দ ঃ

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস
তের‍্যা	বাঁকা	সং তির্যক
বেঁকা	বাঁকা	সং বক্র > প্রাঃ বঙ্ক > বাঁকা > বেঁকা
তে'র্‌চ্যা	তেরছা	সং তির্যচ্‌ > প্রাঃ তিরিচ্ছ > তেরছা > তে'র্‌চ্যা
চাক্‌/চাকা	গোল	সং চক্র > চাক্‌ + আ
চিকোন্‌	সরু	ফাঃ চিকন
পাতোল্‌	পাতলা	সং পত্র > পাতা + ল
গোব্‌দা/গোপ্‌দা	মোটা	হিঃ গাবদা
কেঁক্‌রা	কোঁকড়া	সং কুঞ্চিত
লোম্‌বা/ নোম্‌বা	লম্বা	সং লম্ব + আ
বাঁট্যা/বাঁট্‌ক্যা	বেঁটে	সং বণ্ঠ > বাঁট্যা, বাঁট্‌ + ক্যা

৫.১০ বস্তুর স্বাদ নির্দেশক শব্দ ঃ

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস
মিট্যা/মিশ্‌টি	মিষ্টি	সং মিষ্ট

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস
তিতো/তিত্যা	তেতো	সং তিক্ত > প্রাঃ তিত্ত > তিতো, তিত্যা
আম্‌বোল্‌	টক	সং অম্ল
চুকা	টক	সং চুক্র
খাঁটা	টক	হিঃ খাট্টা
টেংগা	টক	দেশিমূল
কোশ্‌টা	কষায়	সং √কষ্‌ + টা
নোন্‌টা	নোনতা	বাং নুন + টা
বিশ্‌ট্যা	লবণপোড়া	অজ্ঞাতমূল — 'বিষ'-এর অনুকরণে বা সাদৃশ্যে
গুন্‌দো	গন্ধ	সং গন্ধ
ছেন্‌	সুগন্ধ	ইং **Scent**
ব্যাশ্‌শাদ্‌	বিস্বাদ	সং বি + স্বাদ
আ'ন্‌ল্যা	অলবণাক্ত	বাং আ + নুন (= লবণ) + অ্যা
পা'ন্‌শ্যা	বিস্বাদ/জলো	হিঃ পনসা
ফেশ্‌টা	লবণঝাল হীন	অজ্ঞাতমূল

৫.১১ বৃত্তি বা পেশা নির্দেশক শব্দ ঃ

মাশ্‌টার্‌	শিক্ষক	ইং Master
গিরোশ্‌তো	গৃহস্থ	সং গৃহস্থ
ব্যাপ্‌শাই	ব্যবসায়ী	সং ব্যবসায় + ঈ
পাইক্যার্‌	পাইকার	ফাঃ পয়কার
দাক্‌তার	ডাক্তার	ইং Doctor
না'প্‌ত্যা	নাপিত	সং স্নাপয়িতৃ> প্রাঃ ণহাপিত > নাপিত > না'প্‌ত্যা
জা'ল্যা	জেলে	সং জালিক > জেলে > জা'ল্যা
হাল্‌দার্‌	জেলে	অজ্ঞাতমূল
নরোশুন্‌দোর্‌	নাপিত	সং নর + সুন্দর (সং) > নরসুন্দর
কামার্‌	কর্মকার	সং কর্ম্মকার > প্রাঃ কম্মার > কামার
পাল্‌	কুমার	অজ্ঞাতমূল
কুমার্‌/কুমোর্‌	কুমার	সং কুম্ভকার > প্রাঃ কুম্ভার > কুমার্‌, কুমোর্‌

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস
গোয়াল্	গোয়ালা	সং গোপাল > প্রাঃ গোবাল > গোয়াল্
গার‍্যাল্	গাড়োয়ান	বাং গাড়ি + অ্যাল্
ঘাট্যাল্	ঘাটোয়াল	দেশিমূল
মিচ্‌তিরি	মিস্ত্রি	পোঃ Mestre
কাট্ মিচ্‌তিরি	সূত্রধর	সং কাষ্ঠ > কাট্ + মিচ্‌তিরি (< পোঃ Mestre)
ছুতার্/ছুতোর্	সূত্রধর	সং সূত্রধর
হা'ল্যা	চাষি	সং হাল + অ্যা
পা'ন্যা	পান ব্যবসায়ী	সং পর্ণ > পান + অ্যা
বারোই	বারুজীবী	দেশিমূল
দোর্‌জি	দরজি	ফাঃ দরজি
মুচি	চামার	পহ্লবী. মোচক > প্রাঃ মোচিঅ > ম. বাং মোচী > মুচি/হিঃ মোচী
ফোকির	ভিক্ষুক	আঃ ফকির
শোনারু/শোনার্	স্বর্ণকার	সঃ স্বর্ণকার
গো'ন্‌ন্যা	স্বর্ণকার	অজ্ঞাতমূল/হি. গহ্না হতে পারে
শা'প্‌র‍্যা/শাপুর‍্যা	সাপুড়িয়া	সং সর্প > সাপ + উর‍্যা (< উড়িয়া)
রোজা	ওঝা	সং উপাধ্যায়
কো'ব্‌র‍্যাচ্	কবিরাজ	সং কবি + রাজন্ > কবিরাজ
জিয়্যানি	মুসলমান জেলে	অজ্ঞাতমূল, তবে সং > জীব > প্রাঃ জিঅ > বাঃ জিয়া + অ্যানি হতে পারে।
জোলা	মুসলমান তাঁতি	ফাঃ জুলাহ্
ব্যারেশ্‌টার্	ব্যারিস্টার	ইং Barrister
মাজি	মাঝি	সং মধ্য > মাঝ + ঈ > মাজি
কির্‌শ্যান্	চাকর	সং কৃষ্ + বাং আন > কির্‌শ্যান্
জোন্	জনমজুর	সং √জন্ + অ
পা'ট্	চাকর/মজুর	সঃ পাটী > পা'ট্
কুটি	ধান কুটে চাল তৈরি করে যে	সং √কুট্ + বাং ই = কুটি

৫.১২ পোশাক-আশাক নির্দেশক শব্দ ঃ

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস
জামা	জামা	ফাঃ জামহ্
শাট্	জামা	ইং Shirt
পির‍্যান্	যে-কোনো জামা	ফাঃ পৈরাহান্
কাপুর্	কাপড়	সং কর্পট
লুংগি	লুঙ্গি	বর্মি. লুন্গ্গি/ফাঃ লুঙ্গী
তপোন্	লুঙ্গি	ফাঃ তহ্বন্দ
পায়জামা/পাজামা	পায়জামা	ফাঃ পা-জামা
বেলাউচ্	ব্লাউজ	ইং Blouse
ছাঁয়্যা	শায়া	পোঃ Saia
পেটিকোট্	শায়া	পেট + ই = পেটি + কোট্ (< ইং Coat)
উন্না	ওড়না	হিঃ ওঢ়না/সং অববেষ্টন
তোঁয়াল্যা	তোয়ালা	পোঃ Toalha
রুমাল্/উমাল্	রুমাল	ফাঃ রুমাল
বুতাম্/বুতোম্	বোতাম	পোঃ Botao
ফিত্যা	ফিতা	পোঃ Fita
ডেচ্	ড্রেশ/পোশাক	ইং Dress
প্যান্/ পেন্	প্যান্ট	ইং Pantaloons
গাবিন্শাট্	কলারযুক্ত পাঞ্জাবি	সং গর্ভিনী > গাবিন্ + শাট্ (< ইং Shirt)
পান্জাবি	পাঞ্জাবি	পাঞ্জাব + ঈ > পাঞ্জাবী > পান্জাবি
পকোট্	পকেট	ইং Pocket
জাম্পার্/জাম্পাট্	সোয়েটার	ইং Jumper
ছোয়েটার্	সোয়েটার	ইং Sweater
মাপ্লাট্	মাফলার	ইং Muffler
গোন্জি	গেঞ্জি	ইং Guernsey
জা'ংগ্যা	জাঙিয়া	সং জঙ্ঘা > জাঙ + অ্যা (< ইয়া)
বোডিচ্	ব্রেসিয়ার	ইং Bodice
আন্ডারেল্/আন্ডারোল্	আণ্ডার উয়্যার	ইং Underwear

৫.১৩ প্রসাধনসামগ্রী বিষয়ক শব্দ ঃ

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস
ডেচিংটেবিল্	ড্রেসিং টেবিল	ইং Dressing-Table
আয়না	আয়না	ফাঃ আঈনা
আর্শি	আয়না	সং আদর্শিকা > আঅরসিআ > আরশি
চিরোনি	চিরুনি	বাং চির (= বিদারণ) + উনি (> ওনি)
কাঁকোই	চিরুনি	সং কঙ্কতিকা
গয়না	গহনা	হিঃ গহ্না
চুরি	চুড়ি	হিঃ চুড়ি/সং চূড়া
শাবান্	সাবান	পোঃ Sabao
কাজোল্	কাজল	সং কজ্জল
কিলিপ্	ক্লিপ	ইং Clip
নোক্পালিশ্	নেইল পালিশ	ইং Nail-Polish
চুনু	স্নো	ইং Snow
পাওডার্/পাডার্	পাউডার	ইং Powder
ছ্যাম্পু	শ্যাম্পু	ইং Shampoo
কিরিম্	ক্রীম	ইং Cream
আল্তা	আলতা	সং অলক্ত
টিপ্	টিপ	হিঃ টীপ

৫.১৪ কৃষিকর্ম বিষয়ক শব্দ ঃ

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস
জোমি	জমি	ফাঃ জমীন্
খ্যাত্	জমি	সং ক্ষেত্র
ভিঁ/ভুঁই	জমি	সং ভূমি
নাংগোল্	লাঙল	সং লাঙ্গল

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস
হাল্	লাঙল	সং হল + অ
ইশ্	লাঙলের দণ্ড	সং ঈষা
ফাল্	ফাল	সং ফাল



লাঙলের বিভিন্ন অংশ

মোই	মই	সং মদিকা/মদি
জোঁয়াল্	জোয়াল	সং যুগল
কোদা'ল্	কোদাল	সং কুদ্দাল
কুরা'ল্	কুড়াল	সং কুঠার
মাতা'ল্	ঝাঁপি	সং মস্তক > মাথা + ল > মাতা'ল্
হাঁ'শ্যা	হাঁসুয়া	অজ্ঞাতমূল
কাচি	কাস্তে	দেশিমূল
দা/দাও	দা	সং দাত্র
হাত্দা	দা	সং হস্ত > হাত + দা (< সং দাত্র)
খুর্পি/খুর্পোই	নিরানি	সং ক্ষুরপ্র
দাউলি/দাওলি	নিরানি বিশেষ	অজ্ঞাতমূল
পাঁচন্	নিরানি	অজ্ঞাতমূল
না'ংল্যা	বিঁধে	অজ্ঞাতমূল
জো	চাষের উপযুক্ত অবস্থা	সং যোগ
টাক্টার্	ট্রাক্টর	ইং Tractor
ছ্যালো	শ্যালো	ইং Shallow
মেশিং	মেশিন	ইং Machine

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস
ডিপ্‌টিকল্‌	গভীর নলকূপ	ইং Deep-Tube-Well
ডেন্‌	ড্রেন	ইং Drain
বিশ্‌	কীটনাশক	সং বিষ
ইচ্‌পেরে	স্প্রে	ইং Spray
ইউরিয়্যা	ইউরিয়া	ইং Uria
পোটাশ্‌	পটাশ	ইং Potash
ফচ্‌পেট্‌	ফসফেট	ইং Phosphate
দোয়ার্‌চাশ্‌	দু-বার চাষ	সং দ্বি > হিঃ দো + আর্‌ + সং চাষ
কোটা	ছোটো আলযুক্ত জমি	সং √কুট্‌ + বাং আ = কুটা > কোটা
বিচোন্‌/বিচন্‌	বীজ/চারা	সং বীজ
খাম্‌চান্‌	ফসলের গোড়া আলগা করা	দেশিমূল
ঘাঁট্যাদেয়া	ফসলের গোড়া আলগা করা	সং ঘট্ট
পাম্‌	পাম্প	ইং Pump
ছোঁতি	সেঁউতি	দেশিমূল
জাঁত্‌	কাঠ বা লোহার তৈরি জল সেচার যন্ত্র	সং যন্ত্র
আগুর্‌	শীঘ্র	সং অগ্র
নোম্‌লা	দেরি/পশ্চাৎ	অজ্ঞাতমূল
পায়ার্‌টিলার্‌	চাষের যন্ত্র	ইং Power-Tiller
গামোর্‌	শিষ আসার পূর্ববর্তী অবস্থা	অজ্ঞাতমূল
থোর্‌	শিষ বের হবার অবস্থা	দেশিমূল

৫.১৫ কৃষিজাত ফসল বিষয়ক শব্দ ঃ

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস
ধান্	ধান	সং ধান্য > ধন্ন > ধান
গম্	গম	সং গোধূম > গোহূম > গম
পাট্	পাট	সং পট্ট > পাট
শো'র্শ্যা/শো'শ্শ্যা	সর্ষে	সং সর্ষপ
ভোট্টা	ভুট্টা	হিঃ ভুট্টা
জব্	যব	সং যব
মো'শ্ন্যা	তিসি	অজ্ঞাতমূল
কালাই	কলাই	সং কলায়
আলু	আলু	দেশিমূল
বাগুন্	বেগুন	সং বাতিঙ্গণ > বাইগণ > বাগুন
মুলা	মুলো	সং মূলক > প্রাঃ মূলঅ > মুলা
পটোল্/ পোল্লা	পটল	সং পটোল
কোপি	কপি	পোঃ Couve
লাই/নাই	লাউ	সং অলাবু
কোদু	লাউ	দেশিমূল/হিঃ কদ্দু
কুমোর্	কুমড়া	সং কুষ্মাণ্ড
ঝিংগ্যা	ঝিঙে	দেশিমূল
তরোই	ঝিঙে	অজ্ঞাতমূল
শোমা'শ্	শসা	দেশিমূল
চিচিংগ্যা	চিচিঙ্গা	সং চিচিণ্ড
দুদ্কুশি	চিচিঙ্গা	সং দুগ্ধ > দুধ + কুশি (সং কোশ + ই) > দুদ্কুশি
পিঁপ্যা	পেঁপে	পোঃ Papaya
বিল্যাতি	মিষ্টি কুমড়া	ফাঃ বিলায়ৎ + বাং ই > বিলাতি > বিল্যাতি
ছিম্	শিম	সং শিম্ব
শা'জ্ন্যা	শজনে	সং শোভাঞ্জন
কাঁক্রোল্	কাঁকরোল	সং কর্কোটক

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস
কো'ল্ল্যা	করলা	সং কারবেল্ল
মোরিচ্	লঙ্কা	সং মরীচ
ট্যাঁরোশ্	ঢেঁড়শ	হিঃ ভিণ্ডি
পেঁ'জ্/ পেঁ'চ্	পিঁয়াজ	হিঃ প্যাঁজ/ফাঃ পিয়াজ
রোশুন্/ওশুন্	রসুন	সং রসুন
বট্‌বোটি	বরবটি	সং বর্বটী
টোমাটু/ টোমাটুম্	টম্যাটো	ইং Tomato
আম্‌বাগুন্	টম্যাটো	বাং আম + বাগুন্ (< সং বাতিঙ্গণ)
তামুক্	তামাক	স্পেনীয় - Tabaco
কোলা	কলা	সং কদলী
ধুমা	ধুঁদুল	দেশিমূল
আমুন্	আমন	সং হৈমন
হাইলিং ধান্	বোরো ধান	ইং High-Early/High-Earning + ধান
চাইনিচ্/চায়না	বোরো	ইং China/Chinese
বোরা	বোরো	সং বোরব
আউশ্	আউশ	সং আ + √বৃষ্
কুঁশা'ল্	আখ	অজ্ঞাতমূল
আম্	আম	সং আম্র > প্রাঃ অম্ব > আম
জাম্	জাম	সং জম্বু
কাঁটা'ল্	কাঁঠাল	সং কন্টকফল
লিচু/নিচু	লিচু	চীনা — লিচি
রোম্‌বা	কলা	সং রম্ভা
আকাশ্যা	কলা	সং আকাশ + অ্যা
খেজুর্/খাজুর্	খেজুর	সং খর্জ্জুর
নেবু/ লেবু	লেবু	সং নিম্বু
ডাপ্/ডাব্	ডাব	দেশিমূল
জমির্	বাতাবিলেবু	সং জম্বীর

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস
পিয়্যারা	পেয়ারা	পোঃ Pera
শোব্‌রি	পেয়ারা	অজ্ঞাতমূল
বোরি/ বো'র্	কুল	সং বদরী/বদর
কুল্‌বোরি	নারকেলি কুল	সং কুবল > কুল + বোরি (< সং বদরী)
তোর্‌মুচ্/ তোর্‌মুজ্	তরমুজ	ফাঃ তর্‌বুজ্
শুপারি	সুপারি	দেশিমূল
ব্যাল	বেল	সং বিল্ব
কদ্‌ব্যাল্	কয়েতবেল	সং কপিত্থ > কয়েথ > কদ্ + ব্যাল্ (< সং বিল্ব)
নাইকোল্	নারকেল	সং নারিকেল
নেওয়া	আতা	পোঃ Anona
আনারশ্	আনারস	পোঃ Ananas
শিংগারা	পানিফল	সং শৃঙ্গাটক
জল্‌শিংগারা	পানিফল	সং জল + শিংগারা (< সং শৃঙ্গাটক)
শেঁকা-আলু	মিষ্টি আলু	সং শঙ্খ > শেঁকা + আলু (< দেশিমূল)
বাংগি	ফুটি	অজ্ঞাতমূল
কাঁকো'র্	ফুটি	সং কর্কটি
আংগুর্	আঙুর	ফাঃ আঙ্গুর
আপেল্	আপেল	ইং Apple
বাদাম্	চিনে বাদাম	ফাঃ বাদাম
তাল্	তাল	সং তাল
জোল্‌পাই	জলপাই	দেশিমূল

৫.১৬ জীবজন্তুর নাম নির্দেশক শব্দ ঃ

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস
জানোয়ার্/ জোনার্	জানোয়ার	ফাঃ জানৱর্

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস
গোরু	গোরু	সং গোরূপ > প্রাঃ গোরূব > গোরু
বলোত্/বলোদ্	বলদ	সং বলীবর্দ
আঁ'র‍্যা	ষাঁড়	সং অণ্ড > প্রাঃ অংড > আঁ'র‍্যা
শাঁর্	ষাঁড়	সং ষণ্ড
বকোন্	বাছুর (স্ত্রী)	সং বষ্কয়ণী > বক্কয়নী > বকোন্
গাই	গাভী	সং গবী > প্রাঃ গাঈ > গাই
বোক্‌রা	পাঁঠা	আঃ বক্‌র/সং বর্কর
পাঁটা	পাঁঠা	হিঃ পট্‌ঠা
বোক্‌রি/বোর্‌কি	ছাগল	আঃ বক্‌র/সং বর্কর + ঈ (স্ত্রী প্রত্যয়)
মো'শ্	মহিষ	সং √মহ্ + ইষ্ > মো'শ্
কুত্‌তা	কুকুর	হিঃ কুত্তা
বিলি	বিড়াল	হিঃ বিল্লী
এন্‌দুর্	ইঁদুর	সং ইন্দুর
চিক্যা	ছুঁচা	অজ্ঞাতমূল
শিয়্যাল্	শেয়াল	সং শৃগাল
ঘোঁরা	ঘোড়া	সং ঘোটক > প্রাঃ ঘোডঅ > ঘোড়া > ঘোঁরা
কাচিম্	বৃহৎ কচ্ছপ	সং কচ্ছপ
কাট্যা	কচ্ছপ	অজ্ঞাতমূল
দুরা	কচ্ছপ	অজ্ঞাতমূল
ভেঁরা	ভেড়া	সং ভেড়ক
খ্যাক্‌শিয়্যাল্	খ্যাঁকশিয়াল	দেশিমূল
ভাল্‌লুক্	ভালুক	সং ভল্লুক
খর্‌গোশ্	খরগোশ	ফাঃ খর্‌গোশ্
বাগ্	বাঘ	সং ব্যাঘ্র
শিংগো	সিংহ	সং √হিন্‌স্ + অ > সিংহ > শিংগো
হোরিং/হোরিন্	হরিণ	সং √হৃ + ইন > হরিণ > হোরিং/হোরিন্
গোন্‌ডার্	গণ্ডার	সং গণ্ডক
উঁট্	উট	সং উষ্ট্র
বিল্যাই	বিড়াল	সং বিলালী

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস
হাতি	হাতি	সং হস্তী
গাদা	গাধা	সং গর্দভ
বান্‌দোর্‌	বাঁদর	সং বানর
হুনুমান্‌	হনুমান	সং হনু/হনূ + মান (মৎ)
শুয়োর্‌	শুয়োর	সং শূকর
কেংগারু	ক্যাঙারু	ইং Kangaroo
বুন্‌বিলি	বনবিড়াল	সং বন > বুন + বিলি (হিঃ বিল্লী)
গারা	বনবিড়াল	অজ্ঞাতমূল
কালাবাচুর্‌	নবজাত বাছুর	সং কপিলা > কালা + বাচুর (< সং বৎসতর)
কাইয়্যা/কাউয়া	কাক	হিঃ কৌয়া
চিল্‌	চিল	সং চিল্ল
বাদুর্‌	বাদুড়	সং বাতুলি
হাঁশ্‌	হাঁস	সং হংস
চোই	হাঁস	অজ্ঞাতমূল
বতোক্‌	হাঁস	ফাঃ বত্তক
মুরোক্‌/মুরোগ্‌	মোরগ	ফাঃ মুর্গ
ঘুগু	ঘুঘু	সং ঘুঘুকৃৎ (বৈদ্যক), (ধ্বন্যাত্মক)
পেঁচা	পেঁচা	সং পেচক
কুরা	ঈগল	অজ্ঞাতমূল
শালিক্‌	শালিক	সং শারিকা
বাচ্‌	বাজ	ফাঃ বাজ
বাওই/বাবোই	চড়ুই	দেশিমূল
বুন্‌বাওই/বুন্‌বাবোই	বাবুই	সং বন > বুন্‌ + বাওই/বাবোই (দেশিমূল)
চাক্‌লা	চড়ুই জাতীয়	ফাঃ চালাক > চাক্‌লা (সম্ভবত)
ফে'চ্‌ক্যা	ফিঙে	সং ফিঙ্গক
গো'ব্র্যাশালিক্‌	শালিক জাতীয়	সং গোবিট্‌ + শালিক (< সং শারিকা)
শাত্‌ভাই	শালিক জাতীয়	অজ্ঞাতমূল
বগ্‌	বক	সং বক

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস
কোবিতোর্	পায়রা	ফাঃ কবুতর
শোগুন্	শকুন	সং √শক্ + উন = শকুন > শোগুন্
হার্‌গিল্‌ল্যা	শকুন জাতীয়	সং হড্ড > হাড় + গিল্‌ল্যা (< গিলা)
শামুক্‌কল	শঙ্খচিল	অজ্ঞাতমূল
পানিকাপুর্	পানকৌড়ি	সং অম্বুকুক্কুটিকা > পানকৌড়ি > পানিকাপুর্ (সম্ভবত)
ডা'ক্	ডাহুক	সং ডাহুক
হুট্‌টিটি	চাতক	অজ্ঞাতমূল
মাচ্‌রাংগা	মাছরাঙা	সং মৎস্যরঙ্গ
বটোর্	বটের	সং বর্তক
পোক্‌কি/পোকি	পাখি	সং পক্ষী/পক্ষিণ্

৫.১৭ কীটপতঙ্গের নাম নির্দেশক শব্দ ঃ

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস
মাচি	মাছি	সং মক্ষিকা > মচ্ছিআ > মাছি > মাচি
মোশা	মশা	সং মশক
বোল্‌লা	বোলতা	সং বরটা
মোমাচি	মৌমাছি	সং মধুমক্ষিকা
ভেংরুল্	ভিমরুল	সং ভৃঙ্গরোল
ডাঁশ্	বড়ো মাছি	সং দংশ
পোজাপোতি	প্রজাপতি	সং প্রজাপতি
ভুঁওর্	ভ্রমর	সং ভ্রমর
ফরোম্	ফড়িং	সং পতঙ্গ
পিঁপোর্/পিঁপ্‌র্যা	পিঁপড়ে	সং পিপীলিকা
ডাই	পিঁপড়ে জাতীয়	অজ্ঞাতমূল
লাল্‌পিঁপোর্	পিঁপড়ের মতো	ফাঃ লাল + পিঁপোর্

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস
বিশ্‌পিঁপোর্‌	পিঁপড়ের মতো	সং বিষ + পিঁপোর্‌
মা'জ্‌র‍্যা	বিষ পিঁপড়ে	অজ্ঞাতমূল
বিচ্যা	বিছে	সং বৃশ্চিক
রুই	উইপোকা	দেশিমূল
উচ্‌রুম্‌	আরশোলা	অজ্ঞাতমূল
মাকোর্‌/মাকোর্‌শা	মাকড়সা	সং মর্কট
উকুন্‌	উকুন	সং উৎকুণ > উক্কুন > উকুন
নিক্‌	উকুনের ডিম বা বাচ্চা	সং লিক্ষা
ফুন্‌দা'ল্‌	মধ্যম বয়সের উকুন	অজ্ঞাতমূল
ঢেলা	পূর্ণবয়স্ক উকুন	অজ্ঞাতমূল
জিটি	টিকটিকি	সং বৃদ্ধ + ইষ্ঠ = জ্যেষ্ঠ + ঈ = জ্যেষ্ঠী > জিটি
চিয়্যার্‌	তেঁতুলে বিছে	অজ্ঞাতমূল
নাইচুশা	গিরগিটি	সং নাভি > নাই + চুশা (< সং √চুষ্‌ + আ)
ছার্‌পোকা	ছারপোকা	দেশিমূল
ঘুগ্‌রি	ঘুরঘুরে পোকা	দেশিমূল
আঁটা'ল্‌	এঁটুলি	বাং আটা + ল্‌ (< উলি)
চেরা	কেঁচো	অজ্ঞাতমূল
কে'ল্‌ল্যা	কেন্নো	দেশিমূল
এঁচা	শুঁয়োপোকা	অজ্ঞাতমূল
আদার্‌	পঙ্গপাল	অজ্ঞাতমূল
গান্‌দি	গন্ধীপোকা	সং গন্ধ + ঈ
জোনাক্‌/জুনিপোকা	জোনাকি	সং জ্যোতিরিঙ্গণ
আন্‌জোনি	গিরগিটি জাতীয়	অজ্ঞাতমূল

৫.১৮ মাছের নাম নির্দেশক শব্দ ঃ

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস
রুই/উই	রুই	সং রোহিত

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস
কাতোল্	কাতলা	সং কাতর
ইলিশ্/ইল্শ্যা	ইলিশ	সং ইল্লীশ
রাইকোর্/আইকোর্	রেখর/রাইখড়া	সং এরঙ্গ
কোই	কই	সং কবয়ী
মাগুর্/মোজ্গুর্	মাগুর	সং মদ্গুর
পুঁটি	পুঁটি	সং প্রোষ্ঠী
চান্দা	চাঁদা	সং চন্দ্রক
চ্যাং	চ্যাং	দেশিমূল
ঘার্যা	চ্যাং	অজ্ঞাতমূল
গাংঘার্যা	বাচা জাতীয়	সং গঙ্গা > গাং + ঘার্যা
মোয়া/ময়্যাঁ	মৌরলা	সং মুরলা
টিট্ক্যাপুঁটি	ছোটো পুঁটি	অজ্ঞাতমূল টিট্ক্যা + পুঁটি
শ্যারোংপুঁটি	সরপুঁটি	অজ্ঞাতমূল শ্যারোং + পুঁটি
টেংরা	ট্যাংরা	দেশিমূল
গুঁজিটেংরা	ছোটো প্রজাতির ট্যাংরা	বাং গুঁজি টেংরা
আম্টেংরা	বড়ো ট্যাংরা	সং রাম > আম্ + টেংরা (রাম = বৃহৎ)
চা'র্চোক্যা/চা'চ্চোক্যা	চারচোখা	সং চতুঃ + চক্ষু
কাঁটাপাতাশি	পাতাশি	সং কন্টক > কাঁটা + পাতা + শি
তিনকাঁটা	পাতাশি	সং ত্রি > তিন + কাঁটা
বাঁশ্পাতারি	বাঁশপাতা	সং বংশ > বাঁশ্ + পাতা + রি
পোবা	পাবদা	সং পর্বত
গুঁচি	গোচি/পাঁকাল	সং গবাচী
মির্ক্যা	মিরকে	সং মৃগেল
শো'ল্	শোল	সং শকুল
গোজার্	শাল	সং গর্জ্জক
কানোচ্	শিঙি	অজ্ঞাতমূল
জিয়্যাল্	শিঙি	সং জীব > জি + অ্যাল্
আগুন্যাকানোচ্	লাল ছোটো শিঙি	সং অগ্নি > আগুন্যা + কানোচ্

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস
বোয়া'ল্	বোয়াল	সং বোদাল
ভেদা/ধোদা	ভেটকি জাতীয়	অজ্ঞাতমূল
ইঁচ্যা	চিংড়ি	অজ্ঞাতমূল
ছাত্যান্	লাটা	অজ্ঞাতমূল
গুঁজা	আড় জাতীয়	অজ্ঞাতমূল
চিতোল্	চিতল	সং চিত্রফল
খো'ল্শ্যা	খলশে	সং খলিশ বা খলেশয়
খর্শোল্লা	খোরশোলা	দেশিমূল
চেলা	চ্যালা	দেশিমূল
খোর‍্যা	খয়রা	দেশিমূল
বাল্যা	বেলে	সং বালুকা > বালি + অ্যা = বাল্যা
বোউমাচ্	রঙিন ছোটো মাছ বিশেষ	সং বধু > বোউ + মাচ্ (< সং মৎস্য)
নওলা	রুই, কাতলার বাচ্চা	সং নব > নও + লা (নও = নতুন)
বা'ম্	বাইম/বাইন	অজ্ঞাতমূল
গোর্পুঁয়্যা	এক ধরনের ছোটো মাছ	সং গৌর > গোর্ + পুঁয়্যা (< সং পূতিকা)
টেপা	বড়ো ও গোল পেটযুক্ত ছোটো মাছ	দেশিমূল পেট > টেপ + আ
দাঁ'র্ক্যা	ছোটো মাছ বিশেষ	অজ্ঞাতমূল
বাউশ্	কালবাউশ	দেশিমূল
গেলাশ্কাপ্	গ্র্যাস কার্প	ইং Grass Carp
ছিল্বার্কাপ্	শিলভার কার্প	ইং Silver Carp

৫.১৯ রান্না, ঘর ও গৃহস্থালির উপকরণ বিষয়ক শব্দ ঃ

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস
হাঁশ্যাল্	রান্নাঘর	সং হন্ডী > হাঁড়ি + শালা > হাঁশ্যাল্

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস
বাশুন্	বাসন	সং √বস্ + ণিচ্ + অন/বাং বাসন
থাল্	থালা	সং স্থাল
বাটি	বাটি	দেশিমূল
খোরা	বাটি	দেশিমূল
গেলাশ্	গ্লাস	ইং Glass
গাব্লা/গাম্লা	গামলা	পোঃ Gamella
ছচ্পেন্	গামলা জাতীয়	অজ্ঞাতমূল
কারাই	কড়াই	হিঃ কড়াহী
খোলা	তাওয়া	সং খোলক
চাটু	তাওয়া	হিঃ চট্টু
তায়া	তাওয়া	ফাঃ তাব্
শান্কি	মাটির গামলা	আঃ সহনক + ই (ক্ষুদ্রার্থে)
ছুন্নি/ছোল্লি	খুন্তি	অজ্ঞাতমূল/হিঃ ছন্না
হাতা	হাতা	সং হস্ত > হাত + আ
ডাবু	হাতার শ্রেণি বিশেষ	হিঃ ডোঙ্গী
আকা	উনুন	সং উখা
ছাইকাটি	জ্বাল ঠেলার কাঠি	সং ক্ষার > ছাই + কাটি (< কাষ্ঠিকা)
ধামা	ধামা	সং ধামক
কাটা	ধামা জাতীয়	অজ্ঞাতমূল
কাপ্	কাপ্	ইং Cup
পেলেট্	প্লেট	ইং Plate
বয়্যাম্	বয়েম	পোঃ Boiao
বুতো'ল/বুতোল্	বোতল	পোঃ Botelha
কুলা	কুলো	দেশিমূল
ঢাক্নি	ঢাকনা	হিঃ ঢাক + নি
টিকি	ঢেঁকি	দেশিমূল
বাল্টি	বালতি	পোঃ Balde
বোদ্না/বোদ্নি	বদনা	সং বর্ধনী
বেঁর‍্যা	হাঁড়ি, কলসি বসানোর জিনিস	সং বেষ্ট্ + আ = বেড়া > বেঁর‍্যা

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস
হাঁরি	হাঁড়ি	সং হন্ডী
পা'ল্ল্যা	পাতিল	দেশিমূল
ডা'ল্‌কাঁটা	ডালনাড়া কাঠি	সং দালি > ডা'ল্ + কাঁটা (< সং কন্টক)
জা'ম্‌র‍্যা	সাঁড়াশি	অজ্ঞাতমূল
ডিব্‌ব্যা	কৌটা	হিঃ ডিব্বা
কোট্যা	কৌটা	দেশিমূল
ছান্‌টা	ছানতা	হিঃ ছন্না
বেরি	বেড় দিয়ে ধরার যন্ত্র	সং বেষ্ট্ > বেড় + ই = বেড়ি
চালোন্/চালুন্	চালুনি	সং √চল্ + ণিচ্ + অন
ফিঁর‍্যা	পিঁড়ি	সং পিন্ডি
বোটি	বঁটি	মুন্ডারি — বইনটি
ঝাঁজোর্	ঝাঁঝর	সং জর্জরীক
চামুচ/চা'ম্‌চ্যা	চামচ	সং চমস
শর্‌পোতি	সরপোশ	ফাঃ সর্‌পোষ্
জগ্	জাগ	ইং Jug
গাচা	গাছা	বাং গাছ + আ = গাছা > গাচা
বাতি	বাতি	সং বর্তি
ভুঁট্যা	বড়ো বাতি	অজ্ঞাতমূল
পাটা	পাটা/শিল	সং পট্টক
শিল্	নোড়া	সং শিলা
ছাক্‌নি/ছেক্‌নি	ছাঁকনি	বাং √ছাঁক্ + নি
ঝাঁটা	ঝাঁটা	দেশিমূল
বারুন্	ঝাঁটা জাতীয়	অজ্ঞাতমূল
ঘোটি	ঘটের ন্যায় জলপাত্র	সং ঘটী
ডাবোর্	ডাবর	হিঃ ডাবর
চোক্যা	তোলা উনান	সং চতুষ্ক
পাগের্ ঘর্	রান্নাঘর	সং √পচ্ + অ > পাক্ > পাগ্+ এর্ + ঘর্ (< গৃহ)
আন্‌দার্ ঘর্	রান্নাঘর	সং রন্ধন > রান্না + র = রান্নার > আন্‌দার্ + ঘর্

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস
হোরপাট্	ধান বা শস্য গোছানোর যন্ত্র	অজ্ঞাতমূল
পাওট্	ধান বা শস্য জড়ানোর যন্ত্র	অজ্ঞাতমূল
কাঁরা'ল্	পোয়াল জড়ানোর লাঠি বিশেষ	সং কাণ্ড > কাঁড়ি > কাঁরা + ইল/ল

৫.২০ খাদ্য বিষয়ক শব্দ ঃ

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস
ভাত্	ভাত	সং ভক্ত > প্রাঃ ভত্ত > ভাত
মাচ্	মাছ	সং মৎস্য > মাছ > মাচ্
শাগ্	শাক	সং শাক
ডা'ল্	ডাল	সং দালি
মাংশো	মাংস	সং মাংস
ঘি	ঘি	সং ঘৃত
দুদ্	দুধ	সং দুগ্ধ > দুধ্ধ > দুধ > দুদ্
দোই	দই	সং দধি
তোর্কারি	তরকারি	ফাঃ তরহ্ + কারি (তামিল)
নারু/লারু	নাড়ু	সং লড্ডু
রুটি/উটি	রুটি	সং রোটিকা/ হিঃ রোটি
চির‍্যা	চিড়া	সং চিপিটক
মুরি	মুড়ি	দেশিমূল
মুরকি	গুড়ে মাখানো মুড়ি	দেশিমূল
খোই	খই	সং খদিকা
খোইমাকান্যা	গুড়ে মাখানো খই	সং খদিকা > খোই + মাকান্যা (< মাখানো)
মোয়া	মোয়া	সং মোদক

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস
পাটিজোরা	পাটিসাপটা	দেশিমূল
আন্‌দোশা	তেলপিঠা বিশেষ	হিঃ অন্দরসা
পিট্যা	পিঠা	সং পিষ্টক
পোয়া/পুয়া	তেলপিঠা	সং পূপ > পোয়া/পুয়া
ময়দা	আটা	ফাঃ ময়দা
রোলার্‌ময়দা	ময়দা	ইং Roller + ময়দা (ফাঃ)
লুচি/নুচি	লুচি	সং লোচিকা
পুরি	পুরি/লুচি	সং পূরিকা
পরোটা	পরটা	হিঃ পরেটা
কুশ্‌লি	সিঙাড়া জাতীয়	অজ্ঞাতমূল
পায়েশ্‌	পায়স	সং পয়স্‌ + অ
পুলিপিট্যা	রসের পিঠে	সং পোলি > পুলি + পিট্যা (< সং পিষ্টক)
ঝোল্‌	ঝোল	দেশিমূল
নাব্‌রা/লাব্‌রা	পাঁচমিশালি তরকারি	সং অলাবু/লাবু + ড়া = লাবুড়া > লাব্‌রা
ঘাঁটি/ঘ্যাঁট্‌	ঘন্ট	সং ঘন্ট
শাগু/শাবু	সাগু	পোঃ Sagu
জাই/জাও	জাউ	সং যবাগূ
মাদ্যানি	জমিতে সকালের খাবার	অজ্ঞাতমূল
জল্‌খায়ার্‌	জলখাবার	সং জল + খায়ার্‌ (< বাং খাবার)
শর্‌পোত্‌	শরবত	আঃ শরবত
ছেঁচ্‌কি	তরকারি বিশেষ	দেশিমূল
ছেঁচ্‌রা	তরকারি বিশেষ	দেশিমূল
চট্‌চোটি	চচ্চড়ি	অজ্ঞাতমূল
গোল্‌লা	রসগোল্লা	সং গোল + বাং লা > গোল্‌লা
পানিতোয়া	পানতুয়া	হিঃ পানি + ফাঃ তবা
শন্‌দেশ্‌	সন্দেশ	সং সম্‌ + √দিশ্‌ + অ
চম্‌চম্‌	চমচম	হিঃ চমচম

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস
বু'ন্দ্যা	বুঁদিয়া	বাং বুঁদ > বুন্দ + অ্যা
খির্	ক্ষীর	সং ক্ষীর
ছানা	ছানা	সং ছিন্নক

৫.২১ গৃহ ও শয্যা বিষয়ক দ্রব্যের নাম নির্দেশক শব্দ ঃ

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস
ঘর্	ঘর	সং গৃহ > গহ > ঘর
বারি	বাড়ি	সং বাটী
খোপ্/খুপ্রি	ছোটোঘর	দেশিমূল
বারান্দা	বারান্দা	ফাঃ বরাম্দা
চান্দার্	বাইরের বারান্দা (উঁচু)	অজ্ঞাতমূল
মাজ্যা	মেঝে	সং মধ্য > মাঝিয়া > মাজ্যা
ডে'য়া	দাওয়া	দেশিমূল/ সং দর্বট > ডে'য়া
ধারি	দাওয়া	বাং ধার + ই
দুয়ার্	দরজা	সং দ্বার
দোর্জা	দরজা/কপাট	ফাঃ দর্ব্বাজহ্
জাল্লা/জান্লা	জানালা	পোঃ Janella
কোপাট্	দরজার পাল্লা	সং কপাট
পাল্লা	পাল্লা	হিঃ পল্লা
চোকি	চৌকি	সং চতুষ্কী
খাট্	খাট	সং খট্বা
বিচ্ন্যা	বিছানা	সং বি + √স্তৃ (আচ্ছাদন) > বিস্তর + অ্যা/হিঃ বিস্তারা
বালিশ্	বালিশ	সং বালিশ
ন্যাপ্/ল্যাপ্	লেপ	আঃ লিহা'ফ
তুশুক্	তোশক	ফাঃ তোশক
শিত্যান্	বিছানার শিয়র	সং শিরস্থান > শিথান > শিত্যান্

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস
পোত্যান্	বিছানার পশ্চাৎ	সং পদস্থান > পৈথান > পোত্যান্
খেঁতা	কাঁথা	সং কন্থা
উটান্	উঠান	সং অঙ্গন
খোলা	উঠান	সং খোলক
পাকা	পাখা	সং পক্ষ
ঝুল্‌লা/ঝুল্‌লু	দোলনা	দেশিমূল
দেয়া'ল্	দেওয়াল	ফাঃ দীৱার
তির্	কড়ি-বরগা	ফাঃ তীর (কড়ি তিরের অনুরূপ সোজা বলে)
খাম্‌বা	খুঁটি	সং স্কম্ভ/হিঃ খাম্‌বা
খুঁটি	স্তম্ভ	সং কূট/ক্ষোড
চাতা'ল্	ছাদ	সং চত্বর
বেরা	বেড়া	সং √ বেষ্ট্ > বেড় + আ = বেড়া > বেরা
টাক্	তাক	আঃ তাক
ধাপি	সিঁড়ির পৈঠা	হিঃ ধাপ (= দূরত্বের পরিমাণভেদ) + ই
পামুচা	পাপোশ	সং পাদ > পা + মুচা (< মুছা)
বিচ্‌ন্যার্ চাদোর্	বিছানার চাদর	সং বিস্তর/হিঃ বিস্তারা > বিচ্‌ন্যা + চাদোর্ (< ফাঃ চাদর)
বেট্‌কোবার্	বিছানার চাদর	ইং Bed Cover
বিল্‌ডিং	বিল্ডিং	ইং Building
আর্	কাপড় রোদে দেবার বাঁশ	দেশিমূল
গেট্	সদর দরজা	ইং Gate

৫.২২ গৃহসজ্জা ও অন্যান্য উপকরণ বিষয়ক শব্দ ঃ

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস
চিয়্যার্	চেয়ার	ইং Chair

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস
টেবিল্	টেবিল	ইং Table
আল্‌মারি	আলমারি	পোঃ Armario > ইং Almirah
শপ্	বড়ো মাদুর	দেশিমূল
বাক্‌শো/বাশ্‌কো	বাক্স	ইং Box
তালা	তালা	সং তালক
চাবি	চাবি	পোঃ Chave
ছোরান্	চাবি	সং ছটা
কাট্	কার্ড	ইং Card
কারেন্	কারেন্ট	ইং Current
লাইন্/নাইন	বিদ্যুৎ	ইং Line
লাইট্/নাইট্	লাইট	ইং Light
টচ্	টর্চ	ইং Torch
ফ্যান্	ফ্যান	ইং Fan
বল্/বাল্‌প্	বাল্ব	ইং Bulb
রেডিয়ো/এডিয়ো	রেডিয়ো	ইং Radio
টিবি	টিভি	ইং TV
হার্‌কিন্/হের্‌কিন্	হারিকেন	ইং Hurricane Lantern
লন্‌টোন্/নন্‌টোন্	লণ্ঠন	ইং Lantern
বাতি	বাতি	সং বর্তি
কুপি	কুপি	সং কূপিকা/কূপী
ভুঁট্যা	বড়ো বাতি	অজ্ঞাতমূল
পিন্	আলপিন	ইং Pin
মাচি	মঞ্চ	সং মঞ্চ > মাচা + ই
ফিঁর‍্যা	পিঁড়ি	সং পিন্ডি
পেঁরাক্	পেরেক (বড়ো)	পোঃ Prego
লোয়া/নোয়া	পেরেক (ছোটো)	সং লৌহ
তার্‌কাঁটা	পেরেক	বাং তার + কাঁটা (< সং কন্টক)
ফটোক্	ফোটো/ছবি	ইং Photograph

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস
টুল্	ছোটো চৌকি বিশেষ	ইং Stool
কেচি	কাঁচি	তুর. কইন্চি
ঢেঁরা	ঢ্যারা	দেশিমূল
টাঁ'ক্র্যাশ্/টাঁ'র্ক্যাশ্	ঢ্যারা জাতীয়	অজ্ঞাতমূল
আল্লা	আলনা	সং আলম্বন
বেনচি	বেঞ্চ	ইং Bench + ই
খোন্তি	খুন্তি	সং খনিত্র
ঘোরি	ঘড়ি	সং ঘটী

৫.২৩ প্রাকৃতিক বিষয় ও দৈনন্দিন জীবন সম্পৃক্ত শব্দ ঃ

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস
আকা'শ্	আকাশ	সং আ + √কাশ্ + অ
মাটি	মাটি	সং মৃত্তিকা > প্রাঃ মট্টিআ
জল্	জল	সং জল
ম্যাগ্	মেঘ/আকাশ	সং মেঘ
দেয়া	মেঘ	সং দেবতা
সুর্জো	সূর্য	সং সূর্য
চিক্যাশ্	সূর্যের ছটা	অজ্ঞাতমূল
চান্/চান্দ্	চাঁদ	সং চন্দ্র
জোন্	চাঁদ	সং জ্যোৎস্না > জোছনা > জোন্
তারা	তারা	সং তারকা
হিঁয়্যাল্	শীত/ঠাণ্ডা	সং হিম + ল > হিমেল > হিঁয়্যাল্
জার্	ঠাণ্ডা	হিঃ জাড়/ সং জাড্য/ জড় (শীতলার্থ)
ঠান্ডা	ঠাণ্ডা	দেশিমূল/তুলনীয় হিঃ ঠণ্ঢা
গরোম্	গরম	ফাঃ গর্ম
উশুম্	উত্তাপ/তাপ	সং উষ্ম

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস
শাচ্‌তি	শাস্তি	সং শাস্তি
শাজা	সাজা/ দণ্ড	ফাঃ সজা
আয়াচ্‌	আওয়াজ	ফাঃ আৱাজ
শব্‌দো	আওয়াজ/শব্দ	সং শব্দ
আকাল্‌	অভাব/দুর্ভিক্ষ	দেশিমূল
ওবাব্‌/ওভাব্‌	অভাব	সং ন + √ভূ + অ = অভাব > ওবাব্‌
দু'ন্যা	দুনিয়া	ফাঃ দুনিয়া
ভুঁই/ভিঁ	জমি	সং ভূমি
চোরা	মাঠ	অজ্ঞাতমূল/তুলনীয় — চড়া
নোদি	নদী	সং নদী
গাং	নদী	সং গঙ্গা
নরোম্‌	নরম	ফাঃ নর্‌ম্‌
পুকো'র/পুকোর্‌	পুকুর	সং পুষ্করিণী
জোলা/জুলি	নালা/অগভীর খাত	দ্রাঃ জোলি/সং জলপ্রণালী
গুদি	ছোটো পুকুর	অজ্ঞাতমূল
গুত্‌তি/গত্‌তো	গর্ত	সং গর্ত
কোতা দেয়া	অঙ্গীকার	সং √কথ্‌ + অ + আ = কথা + দেয়া (< সং √দা)
শিক্যার্‌	স্বীকার/অঙ্গীকার	সং স্ব + ঈ + √কৃ + অ = স্বীকার
নিন্দ্যা	নিন্দা	সং নিন্দ + অ্যা
দুন্‌নাম্‌	দুর্নাম	সং দুর্‌ + নাম
বদ্‌নাম	বদনাম	ফাঃ বদ + নাম (< সং নাম)
আন্‌কা/আংকা	হঠাৎ/অপরিচিত	সং অনীক্ষিত
আচোম্‌কা	আচমকা/হঠাৎ	হিঃ অচম্ভা
আ'ন্‌ল্যা	অলবণাক্ত	সং অলবণিক > আলুনিয়া > আ'ন্‌ল্যা
বিশ্‌/বিশ্‌ট্যা	লবণপোড়া	অজ্ঞাতমূল, 'বিষ'-এর সাদৃশ্যে
কান্‌দা	ধার/কিনারা	সং কন্ধরা
এজ্‌মাইলি	যৌথ	আঃ ইজ্‌মাল + ই
খামোকা/খামুকা	অযথা	ফাঃ খোআমখো + আ

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস
মেলা	যথেষ্ট/মেলা	সং √মিল্ + অ + আ
খা'শ্ট্যা	রসকষহীন/ বিস্বাদ	ফাঃ খাস্‌তহ্
খাব্‌লা/খাবোল্	অঞ্জলি	সং কবল
খাম্‌চা	অঞ্জলি/জোড়ে চিমটি/থাবা	দেশিমূল
থাপা	থাবা	সং স্থাপ + আ/হি. থাপা
বিচ্‌চিরি	বিশ্রী	সং বি (= বিগত) + শ্রী = বিশ্রী > বিচ্‌চিরি
দাপানি	দাপানো	বাং দাপ্ + আনি
কির‍্যা	শপথ	সং ক্রিয়া > হিঃ কিরিয়া > কির‍্যা
হাগা	পায়খানা করা	সং √হদ্ + আ
ইট্‌টু	একটু/অল্প	সং এক + টু
নোগি/লোগি	লগি	সং লগ্ন + আ > লগা + ই = লগি
আজ্‌না	আবর্জনা	সং আবর্জন + আ = আবর্জনা
শোবুর্	ধৈর্য	আঃ সব্‌র্
খোরাক্	খাবার	ফাঃ খুরাক্
তাজা	তাজা/টাটকা	ফাঃ তাজহ্
ফুর্‌শুত্/ফুশরুত্	অবকাশ	আঃ ফুরসৎ
বারি	আঘাত	দেশিমূল
আজোর্	অবসর	অজ্ঞাতমূল
গাজোয়ারি	জোর জবরদস্তি	সং গাত্র > গা + জোয়ারি
উদ্‌দিশ্	হুঁশ/জ্ঞান/টের	অজ্ঞাতমূল
নাম্‌বারি	বাড়ির পিছনের অংশ	সং নিম্ন > নাম্ + বারি (< সং বাটী)
পাগার্	ভাগাড়/পগার	সং প্রাকার
বাচ্	বাজ	সং বজ্র
ডাক্	বাজ	হিঃ √ডহক (তুলনীয়)
জিলিক্/ঝিলিক্	বিদ্যুৎ চমকানো	সং জ্বলকা
বিশ্‌টি	বৃষ্টি	সং √বৃষ্ + তি = বৃষ্টি > বিশ্‌টি
ঝোরি	ঝড়	সং ঝটিকা > প্রাঃ ঝড়ী > ঝোরি
গারি	ক্ষুদ্র জলাশয়	অজ্ঞাতমূল
বিল্	বিল	সং √বিল্ + অ

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস
না/নাও/নোকা	নৌকা	সং নৌ + ক + আ > নৌকা > নোকা, সং নৌ > না
বো'ন্ন্যা	বন্যা	সং বন (= জল) + য + আ
দাঁরি	দাঁড়িপাল্লা	সং দণ্ড > দাঁর + ই
বাট্কারা	বাটখারা	সং বটক > হিঃ বট্খারা > বাট্কারা
খোরা	টানা অনাবৃষ্টি	সং খর + আ = খরা > খোরা
ঘাঁটা	রাস্তা	অজ্ঞাতমূল
খোরি	খড়ি	সং খটিকা

৫.২৪ প্রাত্যহিক জীবনে নারী ভাষায় ব্যবহৃত শব্দ ঃ

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস
মিন্শ্যা	পুরুষ (মন্দ অর্থে)	সং মনুষ্য
ছিক্কো	ছিঃ	সং ছিঃ
ছিন্যাল্	ছিনাল	সং ছিন্না > প্রাঃ ছিন্নাল > ছিনাল > ছিন্যাল্
আঁ'র‍্যা	কনিষ্ঠের পূর্বসন্তান	সং অন্ড > এঁড়ে > আঁ'র‍্যা
হায়্যা	লজ্জা	আঃ হায়া
ব্যায়্যা	বেহায়া	ফাঃ বে + হায়া (আঃ) = বেহায়া > ব্যায়্যা
ব্যাহুদ্দা	বেহুদা/অনুচিত	ফাঃ বেহুদা
পোয়াতি	গর্ভবতী	সং পুত্রবতী
ছাল্যাপোয়াতি	সদ্য প্রসবা	বাং ছেলে > ছাল্যা + পোয়াতি (<সং পুত্রবতী)
ভাতার্কাম্রি	গালি বিশেষ	সং ভর্তা > ভাতার্ + কাম্রি
ছি-ছিক্কো	ছিছি	সং ছিঃ ছিঃ
জেন্দ্রা	নোংরা	অজ্ঞাতমূল
খাঁরাবাকালি	উগ্রমূর্তি নারী	সং খড়্গ > খাঁরা + মাকালি
তিত্ল্যান্তো	জ্বালাতন/বিরক্ত	অজ্ঞাতমূল
মাগি	মহিলা/গালি বিশেষ	পালি — মাতুগ্রাম
প্যাট্	গর্ভ	দেশিমূল

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস
মা'গ্	স্ত্রী/বউ	পালি — মাতুগ্রাম
ভাতার্খাকি	গালি বিশেষ	সং ভর্তা > ভাতার্ + খাকি (< সং খাদিকা)
ভাইভাতারি	গালি বিশেষ	সং ভ্রার্তৃ > ভাই + ভাতারি (< সং ভর্তা)
খিদ্বিদ্/খিত্বিত্	ঘিনঘিন	অজ্ঞাতমূল
গুদ্রি	নোংরা (স্ত্রী)	অজ্ঞাতমূল
আব্যামিঁয়্যা	অবিবাহিতা মেয়ে	সং অবিবাহিতা > আব্যা + মিঁয়্যা (< সং মাতৃকা)
ঢেম্না	শয়তান/লম্পট	দেশিমূল
ঢেম্নি	শয়তান (স্ত্রী)	দেশিমূল
প্যাট্ফেলানি	গালি বিশেষ	পেট > প্যাট্ + ফেলানি (< হিঃ ফেকা)
চোপা	মুখমণ্ডল (গালি)	দেশিমূল
দাঁত্লি	গালি বিশেষ	সং দন্ত > দাঁত্ + লি
চুলুবুলু	ছোঁ ছোঁ করা	হিঃ চুল্বুল্
কিচ্চ্যা	কাহিনি (মন্দ অর্থে)	আঃ কিস্সা
নোটি	নটী/গালি অর্থে	সং নষ্ট > নট + ঈ = নটী > নোটি
বেশ্শ্যা	গালি বিশেষ	সং বেশ + য + আ
মা'গ্যামুকা	লাজুক/মুখচোরা	পালি—মাতুগ্রাম > মা'গ্ + অ্যা + মুকা (< মুখো)
প্যাট্মুচা	সর্বশেষ সন্তান	পেট > প্যাট্ + মুচা (< মুছা < সং √মৃজ/বাং পুঁছা)
দ্যার্চোক্যা	পক্ষপাতী	সং দ্ব্যর্ধ > দেড় > দ্যার্ + চোক্যা (< চোখ < সং চক্ষুস্)
দ্যার্চোকি	পক্ষপাতকারিণী	সং দ্ব্যর্ধ > দেড় > দ্যার্ + চোকি (< চোখ + ই)
গতোর্	শরীর	সং গাত্র
চুঁ'চ্ল্যামুকি	সরুমুখযুক্তা (মন্দ অর্থে)	সং সূচি > ছুঁচ + আল = ছুঁচাল > চুঁ'চ্ল্যা + মুকি (< মুখ + ই)
খান্কিমাগি	বেশ্যা মাগি/ গালি বিশেষ	ফাঃ খান্গী > খান্কি + মাগি
তিক্ক্যা/তিতিক্ক্যা	তিতিক্ষা/বিরক্ত	সং √তিজ্ + সন্ + অ + আ
মোট্কি	স্থুলকায়া	সং সমষ্টি > মোট্ + কি
ভুট্কি/ভোট্কি	বেটে ও স্থুলকায়া	অজ্ঞাতমূল
খা'জ্ল্যান্তি	জিদ ও ঝামেলা	অজ্ঞাতমূল

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস
খা'জ্‌লোত্‌	জিদ	অজ্ঞাতমূল
বিছাতু	বজ্জাত	সং বৃশ্চিক > বিছুটি > বিছাতু
ঢং	রঙ্গ/তামাশা	দেশিমূল
ছ্যাদোর্‌	নির্লজ্জ/বেহায়া	অজ্ঞাতমূল
দোজ্‌জাল্‌	ঝগড়ুটে	আঃ দজ্জাল
রংগো	ঠাট্টা/ তামাশা	ফাঃ রংগ
নাং	উপপতি	সং নঙ্গ
ভুতা	কালো পুরুষ (মন্দ অর্থে)	অজ্ঞাতমূল (সম্ভবত ভূত-এর সাদৃশ্যে)
ভুতি	কালো মেয়ে (মন্দ অর্থে)	অজ্ঞাতমূল (সম্ভবত ভূত + ই)
নোক্‌শা	ব্যঙ্গ/ছলনা	আঃ নক্‌শ্‌
ছুঁচা	খাদ্যলোভী/অবাধ্য	সং ছুছুন্দরী
ঝি	কাজের মেয়ে	সং দুহিতা
ঝিয়্যারি	মেয়ে	সং দুহিতা > ঝি + অ্যারি (< উড়ী)
খা'চ্‌ম্যা	মোটাসোটা ও ভারি	সং কচ্ছপ > কাছিম > খা'চ্‌ম্যা (সম্ভবত কচ্ছপের মতো গোলগাল সাদৃশ্যে)
জার‍্যা	বেজন্মা/যার জন্মের ঠিক নেই	সং জারজ
বে'ন্‌ন্যা	সম্বলহীন/ অতি দরিদ্র (মন্দ অর্থে)	অজ্ঞাতমূল

৫.২৫ সময় নির্দেশক শব্দ ঃ

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস
শোমায়	সময়	সং সময়
টাইম্‌	সময়	ইং Time
ভোর্‌	ভোর	হিঃ ভোর
শোকাল্‌	সকাল	সং সহ + কাল
বিয়্যান্‌	সকাল	সং বিভাত > বিহান > বিয়্যান্‌

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস
মাদ্যানিবেলা	প্রাতরাশের সময়	মাদ্যানি (অজ্ঞাতমূল) + বেলা (সং বেলা)
দুপোর্	দুপুর	সং দ্বিপ্রহর
ত্যাপোর্	প্রাক্‌বিকাল	সং ত্রিপ্রহর
বিক্যাল্	বিকালবেলা	সং বিকাল
শো'ন্দ্যাবেলা	সন্ধ্যাবেলা	সং সন্ধ্যাবেলা
রা'ত্/আ'ত্	রাত	সং রাত্রি
পওর্	প্রহর	সং প্রহর
অ্যাক্‌ফোর্‌বেলা	একপ্রহর বেলা (মোটামুটি ১ টা)	সং এক + প্রহর + বেলা
রাত্‌তির্/আত্‌তির্	রাত্রি	সং রাত্রি
কা'ল্	গত বা আগামিকাল	সং কল্য
গ্যালোকা'ল্	গতকাল	সং গম্ + ত = গত > গ্যালো + কা'ল্ (< সং কল্য)

৫.২৬ বারের নাম নির্দেশক শব্দ ঃ

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস
রোবিবার্/রো'ব্‌ব্যার্	রবিবার	সং রবিবার
শম্‌বার্	সোমবার	সং সোমবার
মুংগোল্‌বার্	মঙ্গলবার	সং মঙ্গলবার
বুদ্‌বার্	বুধবার	সং বুধবার
বিশ্‌শোদ্‌বার্/ বিশ্‌পোতিবার্	বৃহস্পতিবার	সং বৃহস্পতিবার
লোক্‌কিবার্	বৃহস্পতিবার	সং লক্ষ্মী > লোক্‌কি + বার্
শুক্‌কুর্‌বার্	শুক্রবার	সং শুক্রবার
শোনিবার্	শনিবার	সং শনিবার

৫.২৭ মাসের নাম নির্দেশক শব্দ ঃ

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস
বোশ্যাক্	বৈশাখ	সং বৈশাখ (বিশাখা + অ)
জোশ্‌টি	জ্যৈষ্ঠ	সং জ্যৈষ্ঠ্য
আশার্	আষাঢ়	সং আষাঢ়
চাবোন্/শাওন্	শ্রাবণ	সং শ্রাবণ > চাবোন্/শাওন
ভাদ্‌দোর্/ভাদোর্	ভাদ্র	সং ভাদ্র > ভাদ্দর > ভাদ্‌দোর্/ভাদোর্
আশ্‌শিন্	আশ্বিন	সং আশ্বিন
কাত্‌তিক্/কাতি	কার্তিক	সং কার্তিক
আগুন্/অগ্‌ঘান্	অগ্রহায়ণ	সং অগ্রহায়ণ
পুশ্	পৌষ	সং পৌষ
মাগ্	মাঘ	সং মাঘী (মঘা + অ + ঈ) + অ
ফাগুন্/ফাল্‌গুন্	ফাল্গুন	সং ফাল্গুন
চো'ত্	চৈত্র	সং চৈত্র

৫.২৮ ভগ্নাংশ সংখ্যা (Fractional Number) নির্দেশক শব্দ ঃ

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস
পোয়া	পোয়া	সং পাদ
শিকি/শিক্যা	সিকি	ফাঃ সিক্কহ্
চার‍্যানা	চার আনা	সং চতুর আনক
আদ্/আত্	আধ/অর্ধেক	সং অর্ধ
আটানা	আট আনা	সং অষ্ট আনক
অদ্‌দেক্/আদ্‌দেক্	অর্ধেক	সং অর্ধ + এক = অর্ধেক > অদ্‌দেক্
পুনে	পৌনে	সং পাদ-ঊন > পা-ওন > পৌনে > পুনে
বারো আনা	বারো আনা	সং দ্বাদশ আনক
শোয়া	সওয়া	সং সপাদ

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস
দ্যার্	দেড়	সং দ্ব্যর্ধ
পাঁচ্‌শিক্যা	সওয়া (টাকা)	সং পঞ্চ > পাঁচ্ + শিক্যা (< ফাঃ সিক্কহ্)
শারে	সাড়ে	সং সার্ধ
আরাই	আড়াই	সং অর্ধতৃতীয়

৫.২৯ বিশুদ্ধ সংখ্যা (Cardinal Number) নির্দেশক শব্দ ঃ

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস
অ্যাক্	এক	সং এক্য > প্রাঃ এক্ক > অ্যাক্
দুই	দুই	সং দ্বি
তিন্	তিন	সং ত্রি/ত্রীনি > প্রাঃ তিন্নি > তিন্
চা'র্	চার	সং চতুর/চত্বারি > চত্তারি > চা'র্
পাঁচ্	পাঁচ	সং পঞ্চ
ছয়	ছয়	সং ষট্
শাত্	সাত	সং সপ্ত > সত্ত > সাত > শাত্
আট্	আট	সং অষ্ট > অট্‌ঠ > আট
নয়/ন	নয়	সং নব
দশ্	দশ	সং দশ
এগারো	এগারো	সং একাদশ
বারো	বারো	সং দ্বাদশ
ত্যারো	তেরো	সং ত্রয়োদশ > পালি. তেরস > হিঃ তেরহ
চো'দ্‌দো	চৌদ্দ	সং চতুর্দশ
পুনোরো	পনেরো	সং পঞ্চদশ
শুলো	ষোলো	সং ষোড়শ
শুতোরো	সতেরো	সং সপ্তদশ
আটারো	আঠারো	সং অষ্টাদশ
ওনিশ্	উনিশ	সং ঊনবিংশতি

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস
বিশ্	বিশ	সং বিংশতি
একো'শ্	একুশ	সং একবিংশতি
বাইশ্	বাইশ	সং দ্বাবিংশতি
তেইশ্	তেইশ	সং ত্রয়োবিংশতি
চোব্বিশ্	চব্বিশ	সং চতুর্বিংশতি
পোঁচিশ্	পঁচিশ	সং পঞ্চবিংশতি
ছাব্বিশ্	ছাব্বিশ	সং ষড়্বিংশতি
শাতা'শ্	সাতাশ	সং সপ্তবিংশতি
আটা'শ্	আটাশ	সং অষ্টাবিংশতি
ওন্তিরিশ্	উনত্রিশ	সং ঊনত্রিংশৎ
তিরিশ্	ত্রিশ	সং ত্রিংশৎ
এক্তিরিশ্	একত্রিশ	সং একত্রিংশৎ
বোত্তিরিশ্	বত্রিশ	সং দ্বাত্রিংশৎ
তেত্তিরিশ্	তেত্রিশ	সং ত্রয়স্ত্রিংশৎ
চোঁওতিরিশ্	চৌত্রিশ	সং চতুস্ত্রিংশৎ
পোঁইতিরিশ্	পঁয়ত্রিশ	সং পঞ্চত্রিংশৎ
ছোত্তিরিশ্	ছত্রিশ	সং ষট্ত্রিংশৎ
শাঁইতিরিশ্	সাঁইত্রিশ	সং সপ্তত্রিংশৎ
আট্তিরিশ্	আটত্রিশ	সং অষ্টাত্রিংশৎ
উনোচোল্লিশ্	উনচল্লিশ	সং ঊনচত্বারিংশৎ
চোল্লিশ্	চল্লিশ	সং চত্বারিংশৎ
এক্চোল্লিশ্	একচল্লিশ	সং একচত্বারিংশৎ
বিয়্যাল্লিশ্	বিয়াল্লিশ	সং দ্বাচত্বারিংশৎ
তেতাল্লিশ্	তেতাল্লিশ	সং ত্রিচত্বারিংশৎ
চোয়াল্লিশ্	চুয়াল্লিশ	সং চতুশ্চত্বারিংশৎ
পুঁচ্চোল্লিশ্/ পোঁইতাল্লিশ্	পঁয়তাল্লিশ	সং পঞ্চচত্বারিংশৎ
ছিচোল্লিশ্/ ছিয়্যাল্লিশ্	ছেচল্লিশ	সং ষট্চত্বারিংশৎ
শাচ্চোল্লিশ্/ শাঁইতাল্লিশ্	সাতচল্লিশ	সং সপ্তচত্বারিংশৎ

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস
আট্‌চোল্‌লিশ্‌/ আট্‌তাল্‌লিশ্‌	আটচল্লিশ	সং অষ্টচত্বারিংশৎ
উনোপোন্‌চা'শ্‌	উনপঞ্চাশ	সং ঊনপঞ্চাশৎ
পোন্‌চা'শ্‌	পঞ্চাশ	সং পঞ্চাশৎ
একান্‌নো	একান্ন	সং একপঞ্চাশৎ
বায়োন্‌নো/ বায়ান্‌নো	বাহান্ন	সং দ্বাপঞ্চাশৎ
তিপ্‌পান্‌নো	তিপ্পান্ন	সং ত্রিপঞ্চাশৎ
চোয়ান্‌নো	চুয়ান্ন	সং চতুঃপঞ্চাশৎ
পাঁচ্‌পান্‌নো/ পোন্‌চান্‌নো	পঞ্চান্ন	সং পঞ্চপঞ্চাশৎ
ছাপ্‌পান্‌নো	ছাপ্পান্ন	সং ষট্‌পঞ্চাশৎ
শাতান্‌নো	সাতান্ন	সং সপ্তপঞ্চাশৎ
আটান্‌নো	আটান্ন	সং অষ্টপঞ্চাশৎ
উনোশা'ট্‌	উনষাট	সং ঊনষষ্টি
শা'ট্‌	ষাট	সং ষষ্টি
এক্‌শোট্‌টি	একষট্টি	সং একষষ্টি
বাশোট্‌টি	বাষট্টি	সং দ্বাষষ্টি
তেশোট্‌টি	তেষট্টি	সং ত্রিষষ্টি
চোঁশোট্‌টি/ চোঁওশোট্‌টি	চৌষট্টি	সং চতুঃষষ্টি
পোঁইশোট্‌টি	পঁয়ষট্টি	সং পঞ্চষষ্টি
ছিয়্যাশোট্‌টি/ ছিশোট্‌টি	ছেষট্টি	সং ষট্‌ষষ্টি
শাত্‌শোট্‌টি	সাতষট্টি	সং সপ্তষষ্টি
আট্‌শোট্‌টি	আটষট্টি	সং অষ্টষষ্টি
উনোশোত্‌তুর্‌/ উনোশোউত্‌তুর্‌	উনসত্তর	সং ঊনসপ্ততি
শোউত্‌তুর্‌/ শোত্‌তুর্‌	সত্তর	সং সপ্ততি
একাত্‌তুর্‌	একাত্তর	সং একসপ্ততি

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস
বায়াত্তুর্	বাহাত্তর	সং দ্বাসপ্ততি
তিয়্যাত্তুর্	তিয়াত্তর	সং ত্রিসপ্ততি
চোয়াত্তুর্	চুয়াত্তর	সং চতুঃসপ্ততি
পুঁচ্যাত্তুর্	পঁচাত্তর	সং পঞ্চসপ্ততি
ছিয়্যাত্তুর্	ছিয়াত্তর	সং ষট্সপ্ততি
শাতাত্তুর্	সাতাত্তর	সং সপ্তসপ্ততি
আটাত্তুর্	আটাত্তর	সং অষ্টসপ্ততি
উনোআশি	উনআশি	সং ঊন-অশীতি
আশি	আশি	সং অশীতি
একাশি	একাশি	সং একাশীতি
বিয়্যাশি	বিরাশি	সং দ্ব্যশীতি
তিয়্যাশি	তিরাশি	সং ত্র্যশীতি
চুয়্যাশি	চুরাশি	সং চতুরশীতি
পুঁচ্যাশি	পঁচাশি	সং পঞ্চাশীতি
ছিয়্যাশি	ছিয়াশি	সং ষড়শীতি
শোপ্তাশি	সাতাশি	সং সপ্তাশীতি
ওশ্টাশি	আটাশি	সং অষ্টাশীতি
উনোনব্বোই	উননব্বই	সং ঊননবতি
নব্বোই	নব্বই	সং নবতি
একানব্বোই	একানব্বই	সং একনবতি
বিয়্যানব্বোই	বিরানব্বই	সং দ্বিনবতি
তিয়্যানব্বোই	তিরানব্বই	সং ত্রিনবতি
চুয়্যানব্বোই	চুরানব্বই	সং চতুর্নবতি
পুঁচ্যানব্বোই	পঁচানব্বই	সং পঞ্চনবতি
ছিয়্যানব্বোই	ছিয়ানব্বই	সং ষট্নবতি
শোপ্তানব্বোই	সাতানব্বই	সং সপ্তনবতি
ওশ্টানব্বোই	আটানব্বই	সং অষ্টনবতি
নিয়্যানব্বোই	নিরানব্বই	সং নবনবতি
অ্যাক্শো/অ্যাক্শও/শও	একশো	সং শতম্

৫.৩০ নিত্য ব্যবহার্য আরও কিছু শব্দ ঃ

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস
আদেক্'ল্যা/ আদেল্'ক্যা	ছোটোলোক	বাং আ + দেখলা = আদেখলা
ওমিন্‌দিয়্যা	ঐদিক দিয়ে	অজ্ঞাতমূল
আগারি	অগ্রভাগ	সং অগ্র > আগা + রি
আজোর‍্যা/আজার‍্যা	অযথা/অহেতু	অজ্ঞাতমূল
আর‍্যা	আড়াই সের ওজনের বাটখারা	সং অর্ধতৃতীয় > আড়াই > আর‍্যা
আওর্	খড়/বিচালি	অজ্ঞাতমূল
আঁ'র‍্যা গ্যাচে/ আঁওরায় গ্যাচে	শুকিয়ে গেছে	বাং √আওরা + আন = আওরান
আলায় জাওয়া	বাসি খাদ্য গেজে ওঠা	অজ্ঞাতমূল
আ'ংল্যান্	বিরক্ত করা	অজ্ঞাতমূল
আক্‌ল্যা	ভালো করে ধোয়া	সং আক্ষালন
আফুটা	বেশি বেশি বকা/ নির্ভরযোগ্য নয়	দেশিমূল (আ + ফুটা)
আফুলা	ফল ধরেনি এমন	আ + ফুলা (< সং √ফুল্ল)
অবিয়্যাতি/ অবিয়্যান্যা	বাচ্চা হয়নি এমন	অ + বিয়্যান্যা (< সং √বী [=গর্ভধারণ] + আনা)
অ্যাকোচ্‌তোর্	এক অন্নে/একত্রে	সং একত্র
কেচাল্	ঝামেলা/তর্ক	অজ্ঞাতমূল
কাঁচ্যাছায়াল্	ছোটো শিশু	হিঃ কচ্চা > কাঁচ্যা + ছায়াল্ (< সং শাবক)
কাঁটাখুর‍্যা	এক প্রকার শাক	সং কন্টক > কাঁটা + খুর‍্যা
ক্যাতুকুতু/ক্যাত্‌কুত্	কাতুকুতু	দেশিমূল
খুতি	থলে/ছোটো বস্তা	দেশিমূল
খাট্যা	মুগুর	সং খেট
খু'ন্	গর্ত	সং √ক্ষুদ্

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস
গুনাগুশ্‌টি	আত্মীয়স্বজন/ একই বংশের লোক	সং গণ + গোষ্ঠী = গণাগোষ্ঠী
গোলাচি	গলাসি	দেশিমূল
ধোন্‌দা	হতভম্ব	অজ্ঞাতমূল (সং দ্বন্দ্ব-এর সাদৃশ্যে)
চিট্‌ক্যা	আঠালো	দেশি — চিট্ + ক্যা
চিম্‌র‍্যা	শুকনো চামড়ার মতো শক্ত	সং চর্ম > হিঃ চীমড় > চিম্‌র‍্যা
চোঁচা	খোসা	সং চোলক
চিন্যাজুঁক্	ছিনে জোঁক	সং ক্ষীণ > চিন্যা + জুঁক্ (< সং জলৌকা)
ছুঁতোর্	কলাগাছের কাণ্ডের খণ্ডিত পাতলা অংশ	অজ্ঞাতমূল
জাও'ন্	কাদা করে মাখা মাটি	অজ্ঞাতমূল
ঝিক্	উনানের চূড়া	মারাঠি — √ঝিংক
ঝুঁক্	নেশা	হিঃ √ঝুক্
ঠাশ্যা	চেপে	দেশিমূল
ডাগুর্/ডা'গ্‌র‍্যা	বড়ো পাতার শিরদাঁড়া	অজ্ঞাতমূল
ডাঁটি	বিশেষ ধরনের বড়শি	সং দণ্ড > ডাঁট + ই
তরোপ্	শরিক/দিক	আঃ তর্‌ফ
দাঁরোক্/দাঁ'র্‌ক্যা	লম্বা রশি দিয়ে পশু বাঁধা	সং দণ্ড > দাঁর + অক্, ক্যা
নিওর্	শিশির	অজ্ঞাতমূল
পাতাল্যা	আড়াআড়ি/প্রস্থে	দেশিমূল
পান্‌টি	লাঠি বিশেষ	দেশিমূল/অজ্ঞাতমূল
ফা'ট্‌ক্যা	মিথ্যাবাদী/যার কথা মূল্যহীন	হিঃ ফাটক + অ্যা
ফিট্‌ক্যারি	ফটকিরি	সং স্ফটিকারি
ভ্যান্	রিকশা জাতীয় যান	ইং Van
ভট্‌ভোটি	যন্ত্র চালিত ঠেলাগাড়ি	ভটভট + ই = ভটভটি > ভট্‌ভোটি (ভটভট আওয়াজ করার অনুকরণে)

উপভাষায় ব্যবহৃত শব্দ	চলিত বাংলায় প্রতিশব্দ	উৎস
ঢোকাশ্যা	ক্রমাগত মিথ্যা কথা বলে যে	অজ্ঞাতমূল
শিট্‌ক্যা	শক্ত	অজ্ঞাতমূল
পোঁটা	নাকের সর্দি	দেশিমূল
শাটান্‌	প্রচণ্ড মারা/ খুব খাওয়া	অজ্ঞাতমূল
হাম্‌ল্যান্‌	গরুর ডাক	সং হম্মা
হাচ্‌ত্যান্‌	খোঁজ করা	দেশিমূল
ছেন্‌ডেল/ছ্যান্‌ডেল্‌	চটিজুতো	ইং Sandal
চপ্‌পোল্‌	চটিজুতো	হিঃ চপ্পল

৬. প্রাচীন বাংলা শব্দ (চর্যাপদের রূপমূল) ঃ

রাজশাহির চলন বিল অঞ্চল থেকে অভিবাসিত জনগণের কথ্যভাষায় প্রাচীন বাংলার কিছুকিছু শব্দ (রূপমূল) পাওয়া যায়। প্রাচীন বাংলার সাহিত্যিক নিদর্শন চর্যাপদে ব্যবহৃত শব্দের সঙ্গে এই সমস্ত শব্দের হুবহু মিল রয়েছে অথবা অনেকাংশে সাদৃশ্য রয়েছে। এ থেকে অনুমান করা যেতে পারে, চর্যাপদের গানগুলোর কিছুকিছু হয়তো বা বৃহত্তর রাজশাহি অঞ্চলে রচিত হয়েছিল। আর এজন্যই তখন থেকে চর্যাপদের কিছুকিছু শব্দ রক্ষিত হয়ে এসেছে এ অঞ্চলের উপভাষায়। ক্ষেত্রসমীক্ষায় দেখা গেছে যে, পরিবর্তিত শব্দগুলোর ক্ষেত্রে উপভাষার নিজস্ব উচ্চারণ বৈশিষ্ট্য বজায় রয়েছে। নিচে তালিকার মাধ্যমে এই সমস্ত শব্দের পরিচয় তুলে ধরা হল।[১০]

চর্যাপদের শব্দ	উপভাষায় রূপ	উপভাষায় প্রয়োগ
উঁচা	উঁচ্যা	উঁচ্যা জোমিত্‌ জল্‌ থাকে না।
কাআ/কাউহি	কাইয়্যা	কাইয়্যা শপ্‌ ধান্‌ খায়্যা নিলো।
লাঙ্গ	নাং	নাংগের্‌ বারিত্‌ জা'শ্‌, খুজ্যা পায়া জায় না।
গরাহক	গারাক্‌/গারেক্‌	শারাদিন্‌ অ্যাক্‌টা গারাক্‌ আ'লো কো?
আঠক	আটোক্‌	আগে গোরুডা আঠোক্‌ কোর্‌্যা রাক্‌, তার্‌ পরে বিচ্যার্‌ হোবি।
পান্তর	পাঁতার্‌	চোরের্‌ গোরু পাঁতারেত্‌ দান্‌। (প্রবাদ)

চর্যাপদের শব্দ	উপভাষায় রূপ	উপভাষায় প্রয়োগ
ফাড়িঅ	ফাঁর‍্যা	খোঁচা লাগ্যা কাপুর্‌ডা ফাঁর‍্যা গ্যাচে।
যামায়	শান্‌দায়/শ্যান্‌দায়	কুন্ খু'নের্ মো'দ্‌দে জে শান্‌দায় রাকিচু?
বিআএল	বিয়্যালো	একুনি আমারে গাইড্যা বিয়্যালো।
ছিনালী	ছিন্যাল্	ছিন্যাল্ মাগি মো'র্‌তে পারিশ্ ন্যা?
দঢ়	দরো	জাল্ দিয়্যা দিয়্যা দুদ্ দরো হয়্যা আ'চ্‌চে।
গহন	গোহিন্	গোহিন্ জলেত্ নোকাডা ডুবে গ্যাচে।
থাহী	থাই/থাও	কি কোর‍্যা ধো'ল্‌লু, পা দিয়্যা থাই পা'চ্‌চি ন্যা তো?
চাংগেড়া	চাংগারি	চাংগারিত্ কোর‍্যা আজ্‌নাগুলা তুল্যা ফেলা।
নিসিত	নিশুতি/লিশুতি	নিশুতি রা'তে অ্যাক্‌টাও মানুশ্‌জোন্ নাই।
ভতারে	ভাতারে	ভাতারে কো'লে বিশ্‌শ্যাশ্ কো'র্‌বো।
কুড়িআ	কুঁর‍্যা	কুঁর‍্যা ঘরেত্ থা'ক্‌তে পারে?
আঙ্গন	আ'ংন্যা	আ'ংন্যাডা আগে ঝা'র্ দে।
বেরিল	বেরি	হাতেত্ পায়েত্ বেরি দিয়্যা বা'ন্‌দ্যা রাক্।
পুচ্ছিঅ	পুচ্যা	অতো পুচ্যা পুচ্যা কাম্ কোরা জায় না।
নাঈ	নাও (নৌকা)	নাওডা নিয়্যা চোল্যা জা।
থোই	থো/থুই	টেকাডা থো তো।

চলন বিল অঞ্চল থেকে অভিবাসিত জনগণের কথ্যভাষার শব্দভাণ্ডার পর্যালোচনা করে দেখা গেল যে, এখানে চলিত বাংলা ভাষার সব রকমের শব্দই রয়েছে। কারণ এই উপভাষা (কথ্যভাষা) বাংলা ভাষারই এক আঞ্চলিক রূপমাত্র, বাংলা ভাষা থেকে পৃথক, আলাদা বা বিচ্ছিন্ন কোনো ভাষা নয়। তুলনামূলকভাবে এখানে তৎসম ও ইংরেজি শব্দের ব্যবহার কম। অর্ধতৎসম, তদ্ভব, আরবি-ফারসি এবং আঞ্চলিক শব্দেরই প্রয়োগ বেশি। তবে বর্তমানে নানা কারণে ইংরেজি শব্দের ব্যবহারের প্রতি অধিক প্রবণতা দেখা যাচ্ছে। অধিকাংশ ক্ষেত্রে তৎসম, অর্ধতৎসম, তদ্ভব, দেশি, বিদেশি প্রভৃতি শব্দগুলো সামান্য হলেও পরিবর্তিত হয়েছে। এই পরিবর্তন উপভাষার নিজস্ব বৈশিষ্ট্য অনুযায়ী হয়েছে। এর সঙ্গে রয়েছে উপভাষার নিজস্ব শব্দাবলি, এগুলো সাধারণত মান্য চলিত ভাষায় ব্যবহৃত হয় না।

অবশ্য ক্ষেত্রসমীক্ষায় দেখা গেছে যে, বেশ কিছু তৎসম, অর্ধতৎসম, তদ্ভব, দেশি, বিদেশি প্রভৃতি শব্দ মান্য চলিত বাংলার শব্দের মতো একই উচ্চারণে উচ্চারিত হয়। বাংলা ভাষার আঞ্চলিক রূপ হওয়ার কারণে এই উপভাষার শব্দভাণ্ডারের অনেক শব্দের উচ্চারণ মূল বাংলা

ভাষার শব্দের উচ্চারণের সঙ্গে হুবহু এক হওয়াই স্বাভাবিক। এখানে কেবলমাত্র যে সমস্ত শব্দ কিছুটা পরিবর্তিত হয়েছে বা পূর্বে প্রচলিত ছিল বর্তমানে অপ্রচলিত অথবা অজ্ঞাতমূল সেই সমস্ত শব্দের তালিকা দেওয়া হয়েছে। এর সঙ্গে তুলে ধরা হয়েছে উপভাষার নিজস্ব শব্দভাণ্ডার বা উপভাষার আঞ্চলিক রূপমূল। সেই সঙ্গে ভিন্ন ভিন্ন 'শিরোনামে' (Table) এই সমস্ত শব্দের প্রয়োগ বা উৎসমূল নির্দেশ করার চেষ্টা করা হয়েছে। কারণ এই চিত্রের মাধ্যমে চলন বিল অঞ্চল থেকে অভিবাসিত জনগণের কথ্যভাষার শব্দভাণ্ডারের বিশেষত্ব নির্দেশ করা সম্ভব হবে।

টীকা নির্দেশ ঃ

১. মীর রেজাউল করিম - শেরশাবাদিয়া সম্প্রদায়ের ভাষা ও সংস্কৃতি, পৃ. ৭২।

২. তৎসম শব্দগুলোর আলোচনায় নিম্নলিখিত গ্রন্থগুলোর সাহায্য নেওয়া হয়েছে —

ক. শৈলেন্দ্র বিশ্বাস(সংকলিত) - সংসদ বাঙ্গালা অভিধান।

খ. সুকুমার সেন - ভাষার ইতিবৃত্ত।

গ. রাজশেখর বসু - চলন্তিকা।

৩. অর্ধতৎসম শব্দগুলোর আলোচনায় উপরোক্ত গ্রন্থগুলো সহ নিম্নলিখিত গ্রন্থগুলোর সাহায্য নেওয়া হয়েছে —

ক. হরিচরণ বন্দ্যোপাধ্যায় - বঙ্গীয় শব্দকোষ (১ম ও ২য় খণ্ড)।

খ. Suniti Kumar Chatterjee - The Origin and Development of the Bengali Language.

৪. তদ্ভব শব্দগুলোর উৎস নির্ণয় ও মধ্যবাংলায় ব্যবহৃত শব্দের সঙ্গে তুলনার ক্ষেত্রেও উপরোক্ত গ্রন্থগুলোর সাহায্য নেওয়া হয়েছে।

৫. দেশিমূল শব্দ নির্ণয়ে ও মৈথিলি, মুণ্ডারি, মারাঠি ও অন্যান্য শব্দের তুলনা প্রদর্শনে নিম্নলিখিত গ্রন্থগুলোর সাহায্য নেওয়া হয়েছে —

ক. রাজশেখর বসু - চলন্তিকা।

খ. হরিচরণ বন্দ্যোপাধ্যায় - বঙ্গীয় শব্দকোষ (১ম ও ২য় খণ্ড)।

গ. শৈলেন্দ্র বিশ্বাস(সংকলিত) - সংসদ বাঙ্গালা অভিধান।

৬. অজ্ঞাতমূল শব্দগুলোর পরীক্ষায় উপরোক্ত গ্রন্থগুলো সহ মুহম্মদ শহীদুল্লাহ সম্পাদিত 'বাংলাদেশের আঞ্চলিক ভাষার অভিধান' গ্রন্থটির সাহায্য নেওয়া হয়েছে।

৭. হিন্দিমূল শব্দগুলোর পরীক্ষা ও তুলনার ক্ষেত্রে উপরোক্ত অভিধানগুলোর সাহায্য গ্রহণ করা হয়ছে।

৮. বিদেশিমূল শব্দাবলির উৎস নির্ণয়ে উপরোক্ত অভিধানগুলো সহ নিম্নোক্ত গ্রন্থগুলোর সাহায্য নেওয়া হয়েছে —

ক. রামেশ্বর শ' - সাধারণ ভাষাবিজ্ঞান ও বাংলা ভাষা।

খ. Shaikh Ghulam Maqsud Hilali - Perso-Arabic Elements in Bengali.

৯. উপভাষার নিজস্ব শব্দগুলোর উৎস নির্ণয়ে উপরোক্ত অভিধানগুলোর সাহায্য নেওয়া হয়েছে।

১০. পি. এম. সফিকুল ইসলাম - রাজশাহীর উপভাষা, পৃ. ২৭৪-২৭৬।

_____****_____